শ্রীশ্রীদুর্গা।

শরণং

# বিধবা বেদন নিষেধক
# পুস্তক

# বোয়ালিয়াধর্ম্মসভার

অনুমত্যানুসারে

সভার আচার্য্য

কোঁড়কদি নিবাসি

শ্রীল শ্রীযুক্ত রামধন তর্কপঞ্চানন কর্ত্তৃক

প্রণীত।

বোয়ালিয়া ধর্ম্মসভাধিকৃত শ্রীযুত হরনাথ রায়

চৌধুরী প্রদত্ত তমোঘ্ন যন্ত্রে

মুদ্রিত

সন ১২৭৪ সাল তাঃ ১৫ ই ফাল্গুণ

শ্রীশ্রীদুর্গা

শরণম্‌।

# ধর্ম্ম সভা বোয়ালিয়া

# বিধবা বেদন নিষেধক

পুস্তক

শ্রীযুক্ত রামধন তর্ক পঞ্চানন ভট্টাচার্য্য কর্ত্তৃক

প্রণীত।

বোয়ালিয়ার ধর্ম্ম সভাধিকৃত শ্রীযুক্ত হরনাথ
রায় চৌধুরি প্রদত্ত তমোঘ্ন যন্ত্রে।

মুদ্রিত।

সন ১২৭৪ বঙ্গাব্দা ৩০ শে পৌষ।

# বোয়ালিয়া ধৰ্ম্ম সভার
# বিজ্ঞাপন

এই পুস্তক আচার্য্য শ্রীযুক্ত তর্কপঞ্চানন মহাশয় প্রণয়ন করিয়া সভাতে অর্পণ করিলে, ১২৭২ সালের ৩০ শে আষাঢ় দিবসে সভার গৃহ প্রবেশোপলক্ষে যে মহতী সভা হয়, সেই সভায় সমাহূত পণ্ডিতাগ্রণী নবদ্বীপের শ্রীযুক্ত ব্রজনাথ বিদ্যারত্ন; ভুবন মোহন বিদ্যারত্ন, কলিকাতার ভবশঙ্কর বিদ্যারত্ন, বিক্রম পুরের গোলক চন্দ্র সার্ব্বভৌম, বাকলা চন্দ্রদ্বীপের কমললোচন সার্ব্বভৌম; মুরশিদাবাদের শ্রীরাম তর্কশিরোমণি, রামগোপাল তর্কালঙ্কার, ও এই জেলার শিবচন্দ্র সিদ্ধান্ত, এবং কালী শঙ্কর সিদ্ধান্ত, মহাশয় প্রভৃতি বহুতর পণ্ডিত আদ্যোপান্ত আলোচনা করিয়া শাস্ত্র ও যুক্তিসঙ্গত বলিয়া ইহাতে সম্মতি প্রকাশ করিয়াছেন, বিধায় সভা এই পুস্তক সাধারণে প্রকাশ ও বিধবোদ্বাহরূপ দুর্নীতি নিবারণার্থ, মুদ্রিত করিলেন ইতি সন ১২৭৪ সাল তাঃ ১৫ ফাল্গুণ

# ভূমিকা

বিধবোদ্বাহ হিন্দুশাস্ত্র সম্মত বলিয়া পণ্ডিতাগ্রগণ্য শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর শাস্ত্রের সদর্থ পরিত্যাগে, বিপর্য্যয়-অর্থে কতিপয় পুস্তক প্রকটিত, করিয়া ভ্রম জন্মাইতেছেন, অতএব শাস্ত্রের সদর্থ এই ক্ষুদ্রপুস্তকে প্রকটিত হইল, প্রার্থনা যে সুপণ্ডিত মহাশয়েরা উভয় পুস্তক পাঠ ও আলোচনা করিয়া বাধিত করেন।

শ্রীরামধন শর্ম্মা।

# বিধবা বেদন নিষেধক।

## পুস্তক

বিবাহিতায়া যোষিতঃ কলৌপুরুষান্তরেণ সহ পুনরুদ্বাহঃশাস্ত্রনিষিদ্ধঃ।

অনুবাদ।

বিবাহিতাস্ত্রীর কলিযুগে পুরুষান্তরের সহিত পুনর্ব্বিবাহ শাস্ত্রনিষিদ্ধ ইতি।

টীকা।

নষ্টপ্রব্রজিত পতিকা স্ত্রী সংগ্রহার্থে (বিধবায়া) ইহা না বলিয়া বিবাহিতায়া ইহা কথিতহইল। যুগান্তরে চতুর্ব্বর্ণের-কন্যা ব্রাহ্মণের বিবাহ্যাছিল তন্মধ্যে বিবাহিতা ব্রাহ্মণ কন্যার পরিভাষা পত্নী। ব্রাহ্মণ বিবাহিতা ক্ষত্রিয়াদি কন্যার পরিভাষাস্ত্রী। স্ত্রীশব্দের এই অর্থান্তর আছে। তাদৃশস্ত্রীরই কলিপ্রবর্ত্ত হইলে পুনর্ব্বিবাহ নিষেধ এই শঙ্কার

অনুৎপাদনার্থে স্ত্রীশব্দ ত্যাগ করিয়া যোষিত ইতি। এবং পতি স্ত্রীকে ত্যাগ করিয়া যদি পুন র্গ্রহণেচ্ছু হয় তবে ঐ পূর্ব্বপতির সহিত ঐ স্ত্রীর প্রায়শ্চিত্তরূপ পুনর্ব্বিবাহ শাস্ত্রসিদ্ধ ইহা উত্তর গ্রন্থে ব্যক্ত হইবে ) এই নিমিত্ত পুরুষান্তরেণ ইহা বলা হইল।

মহামহোপাধ্যায়গণ বিধবাবিবাহ নিষেধপক্ষে যে সকল প্রমাণ পূর্ব্বে উল্লেখ করিয়াছেন, আমিও ঐ সকল প্রমাণ উল্লেখ করিব, প্রমাণ নূতনহয়না, অজ্ঞাতও নাই। অতএব এ সকল প্রমাণ পূর্ব্বোল্লিখিত ইহাবলিয়া প্রথমতো বিরাগ করিবেন না। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঐসকল প্রমাণের অযথার্থ অর্থ করিয়া খণ্ডন করিয়াছেন, এবং কতগুলি বচনের অযথা অর্থ করিয়া প্রমাণোপন্যাস করিয়াছেন, ঐ সকল অযথার্থপক্ষ খণ্ডনে আমার প্রবর্ত্তহওয়া মাত্র, তাহাহইলে প্রকৃতসিদ্ধ হইবে।

যদাহ

মনুঃ

নোদ্বাহিকেষু মন্ত্রেষুনিয়োগঃকীর্ত্ত্য-

তেষ্কচিৎ। নবিবাহবিধাবুক্তং বিধ-
বাবেদনং পুনঃ। ইতি।

অনুবাদ

বিবাহ প্রয়োজনক মন্ত্রমধ্যে বেদেকোন শাখায় নিয়োগ উক্তনাই। এবং বিবাহ বিধায়কশাস্ত্রে বিধবাবিবাহ উক্তনাই।

অস্যকুল্লূকভট্টব্যাখ্যাচ

নোদ্বাহিকেম্বিতি। অর্য্যমণং নুদেব
মিত্যেবমাদিষু বিবাহ প্রয়োজনকেষু
মন্ত্রেষু ক্কচিদপি শাখায়াং ন নিয়োগঃ
কথ্যতে। নচ বিবাহ বিধায়কশাস্ত্রে
অন্যেনপুরুষেণ সহপুনর্ব্বিবাহউক্তঃ।

কুল্লূকভট্টটীকানুবাদ

নোদ্বাহিকেম্বিতি' পাঠধারণ। অর্য্যমণং নুদেব মিত্যেবমাদি বৈবাহিক মন্ত্রমধ্যে কোন শাখায়নিয়োগ কথিত হয়নাই। এবং বিবাহ বিধায়ক শাস্ত্রে অন্যপুরুষের সহিত পুনর্ব্বিবাহ উক্তনাই। এতদ্বচনস্থ বিধবাপদ বিবাহিতাস্ত্রী পর, তাহা নাহইলে নষ্টাদি পতিকাস্ত্রীর পুনর্ব্বি

বাহ নিষেধহইতে পারেনা। মনুস্বয়ং‘পতিপরিত্যক্তাস্ত্রীর পূর্ব্বপতিরসহিত বিবাহ বিধান করিয়াছেন (উত্তরগ্রন্থে ব্যক্ত হইবে) এই নিমিত্ত ন বিবাহ বিধাবুক্তং বিধবাবেদনং পুনঃ। এতন্মনুবচনের ভাবার্থবিবরণে কুল্লুক ভট্ট এই ব্যক্ত করিয়াছেন। যথা,

নচ বিবাহ বিধায়কশাস্ত্রে অন্যেন পুরুষেণসহ পুনর্ব্বিবাহ উক্তইতি।পুনর্ব্বিবাহ। এই শব্দাধীন বিবাহিতার বিবাহলাভ হইল। অন্যেন পূরুষেণসহ এই ভাগকথনে, পতি পরিত্যক্তা স্ত্রীর মনুবচনান্তরোক্ত পূর্ব্বপতির সহিত প্রায়শ্চিত্তরূপ বিবাহ নিষেধ হইল না। ১।

ক্রতুরপি

দেবরাচ্চ সুতোৎ পত্তির্দত্তাকন্যানদীয়তে। নযজ্ঞে গোবধঃ কার্য্যঃকলৌ নচকমণ্ডলুঃ ইতি।

অনুবাদ।

দেবরদ্বারা পুত্রোৎপত্তি‘ দত্তাকন্যার পুনর্দ্দান‘ যজ্ঞে গোবধ‘ কমণ্ডলুধারণ ‘ এই সকল কর্ম্ম কলিযুগে করিবেনা।

মনুবচন, প্রকরণাধীন কলিযুগে বিধবাদি-বিবাহ নিষেধক ‘ এই নিমিত্ত কলিপদ, ঘটিত নিষেধ বাক্য প্রদর্শনার্থ” এবং ক্রতুসংহিতাদি বচনের‘দত্তাকন্যা নদীয়তে। এই ভাগের বাগ্দত্তারপুনর্দান নিষেধ ‘ বিবাহিতার পুনর্ব্বিবাহ নিষেধ নয় । এই অর্থ” ঈশ্বর বিদ্যাসাগর করিয়াছেন। ঐ অর্থ উত্তরগ্রন্থে খণ্ডন করিব) তাহার উপষ্টম্ভার্থ ‘ ক্রতুসংহিতাবচন পৃথ্ক প্রমাণবিধানেউপন্যাস করাহইল।

পরাশরভাষ্য ধৃতাদি পুরাণঞ্চ ।

ঊঢ়ায়াঃ পুনরুদ্বাহং জ্যেষ্ঠাংশং গোবধস্তথা। কলৌ পঞ্চনকুর্ব্বীত ভ্রাতৃজায়াং কমণ্ডলুং।

অনুবাদ।

বিবাহিতাস্ত্রীর পুনর্ব্বিবাহ‘ জ্যেষ্ঠাংশ দান‘ গোবধ‘ ভ্রাতৃ ভার্য্যায় পুত্রোৎপাদন‘ কমণ্ডলু ধারণ। এই পঞ্চ কর্ম্ম কলিযুগে করিবে না॥

ঈশ্বরচন্দ্রবিদ্যাসাগর এই আদিপুরাণ

575

বচন অমূল বলিয়া তৎপক্ষে যে হেতু উপন্যাসকরিয়াছেন সেটি যে অমূলতার হেতু হইবেনা ইহা উত্তরগ্রন্থে ব্যক্ত হইবে) তাহার উপস্থাপনার্থ ' এবং ঊঢ়ায়াঃ পুনরুদ্বাহং। এই ভাগে ঊঢ়াপদ স্পষ্ট আছে তদ্দর্শনার্থ ' এবং পুরাণ স্মৃতি বিরোধে স্মৃতিরবলবত্তা বিদ্যাসাগর বলিয়াছেন যথার্থ, কিন্তু এস্থলে পরাশরস্মৃতির বলবত্তা হইবে না, পুরাণই স্মৃতিহইতে বলবৎ তাহা পরে সুব্যক্ত হইবে) তাহার উপষ্টম্ভার্থ' আদি পুরাণ বচন পুনরুল্লেখ করিলাম।

উদ্বাহতত্ত্ব ধৃতবৃহন্নারদীয় পুরাণমপি দত্তায়াশ্চৈব কন্যায়াঃ পুনর্দানং বরস্যচ। দীর্ঘকালং ব্রহ্মচর্য্যং নরমেধাশ্বমেধকৌ ।। মহাপ্রস্থানগমনং গোমেধঞ্চতথা মখং। ইমান্ ধর্ম্মান্ কলিযুগে বর্জ্যানাহুর্মনীষিণঃ।

অনুবাদ

দত্তা কন্যার বরে পুনর্দান ' দীর্ঘকাল ব্রহ্মচর্য্য ' নরমেধ অশ্বমেধযাগ ' মহাপ্রস্থান

গমন, গোমেধযজ্ঞ” এই সকল ধর্ম্ম কলিযুগে বর্জ্য ইহা পণ্ডিতগণ বলিয়াছেন।

বিদ্যাসাগর এই বচনের দত্তা পদ বাগ্দত্তাপর বলিয়াছেন ও তৎ হেতুও উপন্যাস করিয়াছেন, ঐসকল পরে খণ্ডিত হইবে) তাহার উপষ্টম্ভার্থঃ উক্ত প্রমাণ পৃথগুপন্যাস করাহইল এসকল প্রমাণ সমানার্থক„ প্রমাণান্তর উপন্যাসের অনাবশ্যক।

আশঙ্কা।

অথ নোদ্বাহিকেষু মন্ত্রেষু নিয়োগঃ কীর্ত্ত্যতেক্বচিৎ। ন বিবাহ বিধাবুক্তং বিধবা বেদনং পুন রিত্যস্য কলৌ বিধবা বিবাহ নিষেধকত্বং কথ মিতিচেৎ।

অনুবাদ।

নোদ্বাহিকেষ্বিত্যাদি মনুবচন মধ্যে কলি পদ নাই। কলিযুগে বিধবাবিবাহ নিষেধে ঐ বচন কিরূপে প্রমাণ হইল।

উত্তর।

প্রকরণাৎ

অনুবাদ

প্রকরণ বশত, উক্ত মনুবচন কলিযুগে বিধবাবিবাহ নিষেধে প্রমাণ হইয়াছে।

তথাহি।

অনুবাদ

যেপ্রকারে তল্লাভ হইতেছে সেইপ্রকার এই

জ্যেষ্ঠো যবীয়সো ভার্য্যাং, যবীয়ান্ বাগ্রজস্ত্রিয়ং। পতিতৌ ভবতোগত্বা নিযুক্তাবপ্যনাপদি ॥১ দেবরাদ্বা সপিণ্ডাদ্বা স্ত্রিয়া সম্যঙ্ নিযুক্তয়া। প্রজেপ্সিতা ধিগন্তব্যা সন্তানস্য পরিক্ষয়ে ॥২ বিধবায়াং নিযুক্তস্তু ঘৃতাক্তো বাগ্যতো নিশি। একমুৎ পাদয়েৎ পুত্রং ন দ্বিতীয়ং কথঞ্চন ॥৩ দ্বিতীয়মেকে প্রজনং মন্যন্তে স্ত্রী-ষুতদ্বিদঃ।৪ বিধবায়াং নিয়োগার্থে নিবৃত্তেতু যথাবিধি। গুরুবচ্চ স্নুষা বচ্চ বর্ত্তেয়াতাং পরস্পরং।৫ নিযু-ক্তৌ যৌবিধিং হিত্বা বর্ত্তেয়াতান্তু কামতঃ। তাবুভৌ পতিতৌ স্যাতাং

স্নুষাগ গুরুতল্পগৌ।৩

নিয়োগ এবং তন্নিষেধপক্ষের সমুদায় মনুবচন, অত্রপ্রদর্শনের বীজ এই যে' পূর্ব্বভাগে সন্তান পরিক্ষয়মাত্র আপৎ বলা হইয়াছে অনাপৎ কালেও কামতো নিয়োগ নিষেধ ব্যক্ত আছে ঐ সকল প্রক্কতে উপযোগি হইবে। পরভাগে শক্তি শূন্যকালে কামতোবা নিয়োগ এবং বিবাহনিষেধ হইয়াছে দৈবাৎ তাহাতে সন্তানোৎপত্তি হইলেও বর্ণশঙ্কর জাতীয় হয়, ইহা ব্যক্ত হইবে। সেটিও পরে প্রক্কতোপযোগি হইবে।

বচনানুবাদ।

জ্যেষ্ঠ,কনিষ্ঠভ্রাতৃভার্য্যায়, অথবা কনিষ্ঠ, জ্যেষ্ঠভ্রাতৃভার্য্যায়, ঘৃতাভ্যঙ্গাদিরূপ যথাবিধি নিযুক্ত হইলে,ও অনাপত্‌কালেগমনকরিলে, পতিত হইবে।১।

সন্তান পরিক্ষয়ে দেবরতঃঅথবাসপিণ্ডতঃ সম্যঙ্নিয়োগদ্বারা সন্তানোৎপাদন করিবে।২

পূর্ব্ববচনে' অনাপত্‌ কালে নিয়োগকরি-

লে পাতিত্যহয় বলাহইয়াছে। এবচনে সন্তান পরিক্ষয়ে দেবরদ্বারা নিয়োগ কর্ত্তব্য বলা-হইল। তাহাতে ইহাও নিশ্চয় হইল ঈদৃশ-স্থলে আপত্ পদের অর্থ সন্তানপরিক্ষয়।২।

ঘৃতাক্ত বাক্সংযমনপূর্ব্বক নিশিতে বিধ-বায় নিযুক্ত হইয়া একপুত্র উৎপাদন করি-বেন, দ্বিতীয়পুত্র কদাচ উৎপাদন করি বেন না।৩।

দ্বিতীয় পুত্রোৎপাদন ও' নিয়োগবিত্ কোন কোন পণ্ডিতেরা স্বীকারকরেন।৪।

যথাবিধি নিয়োগার্থ নিবৃত্ত হইলে, শ্বশুর তুল্য ও পুত্রবধূতুল্য জ্ঞান করিবেন।৫।

বাক্ যতত্বাদিবিধান ত্যাগকরিয়া যদি নিযুক্ত হয় অথবা কামতো বর্ত্তমানহয়, তবে তাহরা স্নুষাগমন ও শ্বশুর শয্যাগমন তুল্য পাপি হইয়া উভয়ে পতিত হইবেন।৬।

সংস্কৃত

ইত্যেতন্নিয়োগবিধানানন্তরোক্তানি'

নিয়োগনিষেধকানি" নান্যাস্মিন্‌বিধ

বানারী নিয়োক্তব্যা কদাচন। অ

ন্যস্মিন্‌হিনিযুঞ্জানাধর্ম্মং হন্যুঃসনাতনং।১।। নোদ্বাহিকেষু মন্ত্রেষু নিয়োগঃ কীর্ত্ত্যতেক্কচিৎ। নরিবাহবিধাবুক্তং বিধ্ববাবেদনংপুনঃ ।২॥ অয়ং দ্বিজৈর্হি বি দ্বদ্ভিঃপশুধর্ম্মোবিগর্হিতঃ। মনুষ্যাণা মপিপ্রোক্তোবেণেরাজ্যং প্রশাসতি ।৩॥ সমহীমখিলাংভুঞ্জন্‌ রাজর্ষিপ্রবরঃপুরা। বর্ণানাংশঙ্করশ্চক্রেকামোপহত চেতনঃ।৪ ততঃ প্রভৃতিযোমোহাৎ প্রমীতপতিকাংস্ত্রিয়ং। নিয়োজয়ত্যপত্যার্থং তংবিগর্হন্তিসাধবঃ ।৫।।

অনুবাদ

নিয়োগ বিধানানন্তরোক্তনিয়োগ নিষেধক বচন।

অন্যপুরুষে বিধ্ববানারী কদাচ নিযুক্তা করিবেনা। অন্যপুরুষে নিযুক্তাকরিলে সনাতনধর্ম্ম নাশকরিবে ।১।

উদ্বাহিক মন্ত্র মধ্যে নিয়োগ কথিত নাই ।

581

বিবাহ বিধায়ক শাস্ত্রে বিধবা বিবাহ উক্ত নাই। ২।

বিদ্বদ্ ব্রাহ্মণ গণ, সকলস্ত্রীতে সকল পুরুষের মৈথুন নিযুক্ত হয়ওা রূপ পশু ধর্ম্ম গর্হিত করিয়াছেন। এই বিষয়, দৃষ্টান্ত বিধান বেণবৃত্তান্ত কথনে দৃঢ় করিতেছেন

যেকালে বেণ রাজা রাজ্য শাসন কর্ত্তা ছিলেন সেই কালে মনুষ্য সম্বন্ধেও উক্ত পশু ধর্ম্মাচরণ বেণ, প্রকৃষ্টরূপে কহিয়াছিলেন ।৩।

বেণ ' অখিল মহীভোগ করত রাজর্ষিপ্রবর হইয়াছিলেন এবং কামোপহতচেতন হইয়া বর্ণশঙ্কর করিয়াছিলেন ইহাতে এই লাভ হইল অনাপদি কামতঃ শক্তিশূন্যপুরুষেরঅসকৃত্ মৈথুনে দৈববশতঃ প্রজা উৎপন্ন হইলে বর্ণশঙ্কর হইবে ; ব্রাহ্মণাদি জাতীয় হ-বেনা। বেণ ' স্বয়ং সকল বর্ণশঙ্কর কর্ত্তা এরূপ নয় ' নিয়োগ

বিবাহোপদেশদ্বরা প্রযোজকতারূপে তাঁহার কর্ত্তৃত্বছিল ।৪।

বেণকাল অবধি যে ব্যক্তি মোহ-প্রাপ্তহইয়া ' অর্থাৎ কামোপহতচৈতন্য হইয়া তপোজ্ঞানাদি শক্তি রহিত পুরুষকে বিধবাতে সন্তানার্থ যোজনা' অর্থাৎ নিয়োগও বিবহোপদেশ করিবেন ঐব্যক্তিকে সাধুগণ বিশেষ রূপে নিন্দা করিবেন ।৫।

সংস্কৃত

ইত্যন্তানি মনুবচনানি, অয়ঞ্চ প্রোক্ত নিয়োগনিষেধঃ' কলিযুগবিষয়ঃ, তদাহ বৃহস্পতিঃ। উক্তো নিয়োগো মনুনা নিষিদ্ধঃ স্বয়মেবতু। যুগ হ্রাসা দশক্যোয়ং কর্ত্তুমন্যৈ র্বিধানতঃ।১। তপোজ্ঞান সমাযুক্তাঃ কৃতত্রেতাদিকেনরাঃ। দ্বাপরেচ কলৌনৄণাং শক্তি হানির্হি নির্ম্মিতা।২। অনেকধা কৃতাঃ পুত্রা ঋষিভির্যৈঃ পুরাতনৈঃ। ন শক্যতে ধুনাকর্ত্তুং শক্তিহীনৈরিদন্তনৈঃ ৩।

583

(অনুবাদ)

এই নিয়োগ বিধানানন্তরোক্ত' নান্যাস্মিন্ বিধবানারী'আদিকরিয়া তং বিগর্হন্তিসাধবঃ' ইত্যন্ত মনুবচন সমূহরদ্বারা মনু' নিয়োগ বিধানানন্তর পুনঃ স্বয়ংই নিয়োগ-নিষেধ করিয়াছেন, ঐ নিষেধ' কলিযুগ বিষয়ে,তৎ পক্ষে বৃহস্পতি ও'স্বীয় সংহিতায় মনুবচনের মীমাংসা করিয়াছেন। যথা বৃহস্পতি বচনার্থ" মনুকর্ত্তৃক নিয়োগ উক্ত হইয়াছে, এবং স্বয়ংমনুই নিয়োগ নিষেধ করিয়াছেন; সুতরাং মনুবচনে বিধির বিরোধ হইল; এস্থলে মনুর এইঅভিপ্রায় মীমাংসা করিতে হইবে' যে' যুগান্তরের লোকের যথাবিধানানুসারে নিয়োগ শক্য হইবেনা।১। যেহেতু" সত্য ত্রেতাদিযুগে লোক সকল, তপোজ্ঞান সমাযুক্তছিল, ত্রেতাদি' অর্থাৎ ত্রেতাযুগ সন্ধ্যা অবধি কলিযুগে মানবদিগের শক্তিহানি নির্ম্মিতহইয়াছে; (শক্তির লাঘব হইয়া আসিতেছে।২। পূর্ব্বতন ঋষিবর্গ অনেক প্রকার

অর্থতঃ দ্বাদশ প্রকার (১) পুত্রোৎপাদন করিয়াছেন; অধুনা‘ অধুনাতন শক্তিহীন লোকেরাতাহা করিতে সমর্থবা ক্ষমবান হয়না ইহাতে নিশ্চয়ীকৃত হইল তপোজ্ঞানই শক্তি।৩।

(১) ঔরস‘ ক্ষেত্রজ‘ দত্ত‘ কৃত্রিম‘ গূঢ়জ‘ অববিদ্ধ‘ কানীন‘ পুনর্ভব‘ সহোঢ়জ‘ ক্রীত‘ স্বয়ংদত্ত‘ শূদ্রবীর্জজাত‘।১২।

সংস্কৃত

অতো যদ্গোবিন্দানন্দেন যুগ বিশেষ ব্যবস্থা মজ্ঞাত্বা সর্ব্বদৈব নিয়োগাদ নিয়োগ পক্ষঃ শ্রেয়ান্ ইতি স্বমনী ষয়া কল্পিতং‘ তন্মুনিব্যাখ্যা বিরো ধান্নাদ্রিয়ামহে। প্রায়শো মনু বাক্যে ষু মুনি ব্যাখ্যা মহং লিখন্‘ নাপরা ধ্যোস্মি বিদুষাং ক্বাহং সর্ব্ববিদঃ কুধী রিত্যন্ত গ্রন্থেন কুল্লূক ভট্টেন বৃহস্পতিব্যাখ্যাং প্রমাণীকৃত্য কলি যুগবিষয়ত্বেন ব্যাখ্যাতানি, তদন্ত

585

র্গতস্য' ন বিবাহ বিধাবুক্তং বিধবা বেদনং পুন রিত্যস্যাপিতৎ প্রকরণী য়তয়া কলৌবিধবা বিবাহ নিষেধকত্ব মিতি।

অনুবাদ

এই হেতুক' গোবিন্দানন্দ' যুগবিশেষের ব্যবস্থার অজ্ঞান বশতঃ সকল কালেই নিয়োগ হইতে অনিয়োগ পক্ষই শ্রেষ্ঠ, এই যে আত্ম বুদ্ধিদ্বারা কল্পিত ব্যাখ্যা করিয়াছেন, তাহা বৃহস্পতি ব্যাখ্যার বিরুদ্ধ বলিয়া সমাদরণীয় নহে। মনুবাক্যের মুনি ব্যাখ্যানুসারেই আমি প্রায় ব্যখ্যা করিলাম, সুতরাং আমি বিদ্বদ্গণ সমীপে অপরাধী হইবনা, মুনিগণ সর্ব্ববিৎ' আমি ঈষদ্বুদ্ধি, ইত্যন্ত গ্রন্থদ্বারা কুল্লুকভট্ট বৃহস্পতি ব্যাখ্যাকে প্রমাণ স্বরূপে দর্শাইয়া পূর্ব্বোক্ত বচনের ব্যাখ্যা করিয়াছেন, (ন বিবাহবিধাবুক্তংবিধবাবেদনং পুনঃ) এই বচনও তাহার অন্তর্গত বিধায় এই বচন প্রকরণাধীন কলিযুগেই বিধবা বিবাহ নিষেধ

পর যুগান্তরে নয় ইহাস্বীকারকরিতে হইবে।

সংস্কৃত।

আশঙ্কা "নচ, নবিবাহ বিধাবুক্ত মিত্যাদের্ব্বিধবাদি বিবাহনিষেধ পরত্বে নিয়োগনিষেধ প্রস্তাবে তস্যাসঙ্গতাভি ধানত্বা-পত্তি রিতিবাচ্যং। নান্যস্মিন্ বিধবানারীত্যাদিনা নিয়োগনিষেধে? ননুধ্রজেপ্সিতাধিগন্তব্যা সন্তানস্য পরিক্ষয়ে ইত্যাদেঃ সন্তানোত্পত্তি মাত্র-ফলজনকতয়া তত্র বিধবায়াঃ সন্তানোত্পত্ত্যুপায়ীভূতস্য নিয়োগ স্যাসম্ভবেপি বিধব য়া বিবাহএবাস্তু, তস্যাপি তদুপায়ত্বাদিত্যাশঙ্কোদয়াৎ তন্নিরাসায়'নবিবাহ বিধাবুক্ত মিত্যা-দের্ব্যক্তত্বাত্॥

অনুবাদ।

আশঙ্কা" বিদ্যাসাগর স্বীয় পুস্তকের ৬৬ পৃষ্ঠা অবধি ৬৭ পৃষ্ঠার কতিপয় পংক্তি পর্য্যন্ত স্পষ্টতঃ ব্যক্ত করিয়াছেন যে' নিয়োগ

587

প্রকরণের বচনে' পূর্ব্ব র্দ্ধে ক্ষেত্রজ পুত্রোত্-পাদননিষেধ' ওপরার্দ্ধে অনুপস্থিত প্রাকর-ণিক বিধবা বিবাহ নিষেধ' সংলগ্ন ইইতে পারে না, নিয়োগের বিধিনিষেধ মীমাংসা-স্থলে অকস্মাত্ বিধবা বিবাহ নিষেধের কথা উত্থাপনীয়া হইবে কেন? ন বিবাহ বিধা-বিত্যাদি মনুবচন' যদি বিধবা বিবাহ নিষেধ পর হয় তবে নিয়োগ নিষেধ প্রস্তাবে বিবাহ নিষেধ প্রসঙ্গের অসঙ্গতাভি-ধানের আপত্তি হইতে পারে, যেহেতু, নিয়োগ নিষেধ প্রক-রণে আকস্মিক বিবাহ নিষেধ করা অসং-গমনীয় হয় বটে; কিন্তু ইহা বলিতে পারা-যায়না? কেননা নান্যস্মিন বিধবা নারীত্যাদি বাক্যদ্বারা নিয়োগ নিষেধে ও' এই আশঙ্কার উত্থাপনাহইতে পারে যে' প্রজেপ্সিতাধিগ-ন্তব্যা'এই নিয়োগ বিধায়ক শাস্ত্রের পুত্রোত্-পত্তি মাত্র ফল; নিয়োগ তাহার উপায়ীভূত কারণ, সুতরাং ঐ নিয়োগ রূপ পুত্রোত্-পত্তি ফলের কারণীভূত উপায় নিষেধিত

হইলেও ' বিবাহ রূপ উপায়ান্তর দ্বারা ঐ পুত্রোৎ্পত্তি ফলের সম্ভব হইতে পারে, অতএব প্রজেপ্সিতাবিধবার বিবাহই হউক এই শঙ্কার খণ্ডনার্থ 'নবিবাহ বিধা[বিত্যাদি অভিপ্রায় উক্ত হইয়াছে , ইহাতে মীমাং সিত মত এই' বিধবার পুত্রোৎ্পত্ত্যুপায় মাত্রই নিষিদ্ধ, কিবল নিয়োগ মাত্রই নয়, বৃহস্পতি ব্যাখ্যার সহিত মনুবচনের এই প্রকৃতাভি প্রায়' হেতু সম্বলিত স্পষ্টীকরণী হইতেছে।

সংস্কৃত।

অয়ম্ভাবঃ। কৃতাদি যুগে তপোজ্ঞান রূপশক্তি যোগাৎসকৃন্নিয়োগেপুত্রোৎ পত্তি—রূপফলস্যাবশ্যম্ভাব সম্ভাবনা কামাদ্যসম্ভাবনাচ অতঃকৃতাদিযুগয়েব নিয়োগ উক্তোযুক্তশ্চ! তপোজ্ঞান রূপ শক্তিবিরহাৎকলৌ অসকৃৎ (পুনঃপুন র্নিয়োগেপি নপুত্রোৎপত্তি রূপফলস্যাবশ্যম্ভাবসম্ভাবনা। প্রত্যুত

589

কামাদিসম্ভাবনয়া পাতিত্য সম্ভাবনৈ
ব, অতঃ ক.লৌতন্নিষেধোযুজ্যতে”
তথাকলৌ তাদৃশশক্ত্যভাবাৎ তত্র
বিধবাবিবাহেন নপুত্রোৎপত্তে রব
শ্যম্ভাব সম্ভাবনা।

অনুবাদ

তাৎপর্য্য এইযে’ সত্যত্রেতাদি যুগেতপো
জ্ঞান রূপ শক্তিযোগে সকৃন্নিয়োগ দ্বারাই
পুত্রোৎপত্তি রূপফলের অবশ্য সম্ভাবনা ছিল
এবং কামাদি দোষের সম্ভাবনা ছিলনা।
সুতরাং সেই সেই যুগেই কিবল পুত্র কামা-
বিধবা যোষিতে নিয়োগ উক্ত হইয়াছিল
এবং যুক্তওছিল। কলিযুগে তাদৃশ তপো-
জ্ঞান শক্তির বিরহ হইয়ছে বলিয়াই অস-
কৃন্নিয়োগ অর্থাৎ পুনঃপুনঃ সঙ্গমেও ঐ পুত্রোৎ
পত্তি রূপফলের অবশ্যম্ভাব প্রায়ই সম্ভাব-
নীয় হয়না, বরং কামাদি দোষের পারতন্ত্র্য
হেতুক পাপজনিত পাতিত্য দোষেরই সম্ভা-
বনা হয়, এতস্মাৎ বচনানুগত অভিপ্রায়

মতে অগত্যাই কলিযুগে বিধবার নিয়োগাদি পুত্ত্রোৎপত্তি জনক ব্যাপার মাত্রই নিষিদ্ধ। বিবাহও বিধবার পুত্ত্রোৎপত্তি ফলের প্রযোজক বিধায় নিষিদ্ধই বলিতে হইবে। কেননা প্রজেপ্সিতা বিধবার পুনর্ব্বিবাহ ঘটনাতেই যে, তাহার প্রজা কামনা নিশ্চয় সফল হইতে পারে ইহা ইদানীন্তন লোকে নিশ্চয়ীকৃত হইতে পারেনা, বিশেষতঃ যদিও তপোজ্ঞান শক্তিশূন্য ব্যক্তি কামবশাৎ প্রোক্তরূপ নিয়োগ কি বিবাহকরে ও তাহাতে সন্তান সমুৎপন্নহয়, তথাপি সেই সন্তান প্রকৃত নিযোজক জাতীয় নাহইয়া বর্ণশঙ্কর অর্থাৎ ভিন্ন একপ্রকার জাতিহয়। ইহা বেণ কাল অবধি প্রচলিত হইয়া আসিতেছে! ইহাতেও প্রজেপ্সার বৈয়র্থ?

সংস্কৃত

ইত্যভিপ্রায়েণ তত্র দার্ঢ্যার্থং দৃষ্টান্ত বিধয়াউদাহৃতেবেণ চরিতে; বর্ণানাং শঙ্করশ্চক্রে কামোপহতচেতনঃ ইত্যু

ক্তং। ততঃ প্রভৃতিযোমোহাৎ প্রমী-
ত পতিকাংস্ত্রিয়ং, নিযোজয়ত্য
পত্যার্থং তংবিগর্হন্তিসাধবঃ। ইত্য-
ত্র মোহাংঅপত্যার্থং যোজনা'তপো
জ্ঞানশূন্যেনপুরুষেণকামিনাবা.নিয়ো
গোপদেশো বিবাহোপদেশশ্চ উভয়
স্যৈব প্রক্রান্তত্বাৎ।

অনুবাদ

এই অভিপ্রায়ে' নিয়োগ ও বিবাহনিষে-
ধের দৃঢ়তা প্রতিপাদনার্থে দৃষ্টান্ত বিধানে
উক্ত যে বেণ বিবরণ, তন্মধ্যে" বর্ণানাং
শঙ্করশ্চচক্রে" এই ভাগ কথিত হইয়াছে,
তাহা নাহইলে ঐ ভাগ বলার প্রয়োজনান্তর
আর কি বলাযাইতেপারে। বিদ্যাসাগর স্বীয়
পুস্তকের ৬৭ পৃষ্ঠায় বলিয়াছেন যে' নিযো
জয়ত্যপত্যার্থং" এইবচনে নিয়োগ নিষেধ
মাত্র উপসংহার করিয়াছেন, সুতরাং তাহা-
তে বিবাহ নিষেধ বলাযাইতে পারেনা,
এইটি বড় ভ্রামক মত; কেননা বচনার্থ এই

যেং সেই বেণকল অবধি যিনি মোহবশতঃ বিধবাস্ত্রীকে সন্তানার্থ নিযোজন করেন তাহাকে সাধুসমূহ গর্হণীয় বোধ করেন; মোহবশতঃ এই হেতুবাদেই বোধ করিতে হইবে তপোজ্ঞানাদি শক্তিশূন্য কামি পুরুষের সহিত অপত্যার্থযোজনা. ইহাতে নিয়োগোপদেশ এবং বিবাহোপদেশ, এই সন্তানার্থ উভয় উপায়েরই প্রক্রম আছে।

সংস্কৃত

এতেন বেদন শব্দো বিন্দধাতু নিষ্পন্নো যথা জ্ঞান বিশেষরূপ বিবাহস্তৎপ্রতিপাদ্যস্তথা পুত্রোৎপাদনার্থং গ্রহণমপি। এবঞ্চবিবাহপদং নিয়োগে লাক্ষণিকং তথাচ নিয়োগ বিধৌ পুনঃপুত্রোৎপাদনার্থ গ্রহণংনোক্তমিতি ন বিবাহবিধাবুক্তং বিধবাবেদনংপুনরিত্যস্যার্থো মন্বভিপ্রেতঃনও বিধবা বিবাহনিষেধরূপ স্তেনচ নাসঙ্গতাভিধানত্ব মিতি প্রলপিত মপাস্তং।

593

অনুবাদ

বিদ্যাসাগর স্বীয় পুস্তকের ৬৭ পৃষ্ঠায় লিখিয়াছেন যে' বেদন শব্দে পাণিগ্রহণ বুঝায় এবং ক্ষেত্রজ পুত্রোৎপাদনার্থে গ্রহণ ও' বুঝায়; এবং ৬৬ পৃষ্ঠায় ব্যক্ত করিয়াছেন, নিয়োগদ্বারা পুত্রোৎপাদন সম্পন্ন হয়' ঐ পুত্রোৎপাদন বিবাহের কার্য্য, সুতরাং মনু নিয়োগকে বিবাহ বিশেষ স্বরূপে গণনা করিয়াছেন। সেই সকল বিষয়ে অনুসন্ধেয় এই" বেদন শব্দ বিদধাতুর উত্তর অনট প্রত্যয় করিয়া নিষ্পন্ন হইয়াছে' তাহার অর্থ" জ্ঞান বিশেষরূপ বিবাহ, তদ্রূপ পুত্রোৎপাদনার্থে গ্রহণ ও' বেদন শব্দের অর্থ" ইহাস্থির হইলে বিবাহ পদও' নিয়োগে লাক্ষণিক৻ তবে" ন বিবাহ বিধবাবুক্ত মিত্যাদি বচনের নিয়োগ বিধিতে পুত্রোৎপাদনার্থ গ্রহণের কথানাই, এই অর্থ মনুরঅভিপ্রেত বিধবা বিবাহ নিষেধরূপ অর্থ নয় অতএব' অসঙ্গতা ভিধান ও হইলনা। পরোক্ত হেতুবাদে এই

প্রলাপবাক্য অপাস্ত হইবে ৷৷

সংস্কৃত

পুত্রোৎপাদনং পুত্রোৎ পত্ত্যনুকূল ব্যাপারঃ'সচ মৈথুনাদিরূপো নিয়োগ স্তদর্থগ্রহণং' মমেয়মিত্যাকারক জ্ঞান রূপো বিন্দধাত্বর্থো ভবিত্ত মর্হতি, তস্যচ''বিধবায়াং নিযুক্তস্তুঘ্বতাক্তো। বাক্যতোনিশি। এক মুৎ পাদয়েৎ পুত্রং ন দ্বিতীয়ংকথঞ্চন ৷৷ ইত্যাদি নিয়োগ বিধাবনুক্তত্বেন শাস্ত্রাপ্রাপ্ত তয়াতত্র রাগাসম্ভবেন রাগাপ্রাপ্ত তয়াচ নিয়োগে রাগ নিষেধাৎ তদর্থ ত্বেন দ্রাগেব রাগাসম্ভবাচ্চ, নিষেধা সম্ভবাৎ নিয়োগ নিষেধানন্তরং তন্নি- ষেধস্য নিষ্প্রয়োজনত্বাৎ। মুখ্যেশব্দঃ স্বরসইতি জৈমিনি সূত্রাৎ। লক্ষণা বীজীভূতস্য মুখ্যার্থ বাধাদের সত্ত্বাচ্চ লক্ষণা সম্ভবাচ্চ ইত্যল মসদাবেশে নেতি ৷৷৷

অনুবাদ

পুত্রোৎপাদন শব্দার্থ, পুত্রোৎপত্তির অনু কূল ব্যাপার, সে মৈথুনরূপ নিয়োগ। তদর্থ গ্রহণ' এই আমারস্ত্রী ইত্যাকার জ্ঞানরূপ বিদধাত্বর্থ হইতে পারে, তাহার নিয়োগ বিধায়কশাস্ত্রে' বিধান নাই, সুতরাং বিদ্যা সাগরের অভিমত "নিয়োগ বিধৌ" এই অর্থে তাদৃশ "অর্থাৎ উল্লেখিত-পুত্রোৎপাদ- নার্থ গ্রহণ' নিয়োগবিধির অন্তর্গত হইলনা বিধায় অসঙ্গতি হইল ? এবং তাদৃশ গ্রহণ জ্ঞানরূপ, তাহাতে রাগ হইতে পারেনা ? যদিবল; নিয়োগার্থত্ব প্রযুক্ত রাগ হইবে, তাহাহইলেও' নিয়োগে অনুরাগ নিষিদ্ধ হইয়াছে তদ্ধেতুকই রাগের অসম্ভব। অত- এব ' শাস্ত্র প্রাপ্ত হইলনা" কিহেতুবাদে সেই অবিহিতের নিষেধ সঙ্গত হইতে পারে? বিহিতেরই নিষেধ হয়' অবিহিতের নিষেধ হইতে পারেনা। পরন্তু এস্থলে নির্ব্বিবাদ নিয়োগনিষেধেই পূর্ণ ফল-সাধন হইয়াছে;

পুনঃ প্রলাপের ন্যায় ঐ লক্ষণাবীজ গ্রহণ নিষেধের কোন প্রয়োজন দেখাযায়না। কেননা "মুখ্যার্থেশব্দঃ স্বরস, এই মীমাংসা সূত্রে ইহাই নির্দ্দিষ্ট হইয়াছে যে, মুখ্যার্থে অন্বয় সম্ভব হইলে ভিন্নার্থে লক্ষণা হইতে পারেনা, মুখ্যার্থের বাধাই' লক্ষণার বীজ, এস্থলে তাহাও ঘটেনাই? ইহাতে "নবিবাহ বিধৌ"এই বিবাহপদে কোনক্রমেই নিয়োগে লক্ষণাহইতে পারেনা। সুতরাং বিদ্যাসাগরাভিমত প্রলপিত অসাধু-মতে মনোনিবেশ করা বৃথা।।

সংস্কৃত।

সন্তান পরিক্ষয় এবাপৎ। তৎপ্রযোজকাঅপিআপৎ,তেন' নষ্টেমৃতে প্রব্রজিতে ক্লীবেচ পতিতে পতৌ পঞ্চস্বাপৎসু নারীণাং পতি রন্যো বিধীয়তে।। ইত্যনেনপঞ্চপরাশরেণ পরিগণিতাঃ। সত্তুযদ্যন্য জাতীয়ঃ পতিতঃক্লীব এববা। বিকর্ম্মস্থঃসগো

ত্ত্রোবা দাসো দীর্ঘাময়োপিবা ।৮
ইত্যাদিনা কাত্যায়নেনসপ্ত। সম্ভূয়
দশইতি। ন পুন র্মৈথুনাদ্যযোগ
হবিষ্যান্নেতর ভোজন লোভোব'।
মনুনা ইন্দ্রিয়াণাং প্রসঙ্গাপেক্ষয়া
নিবৃত্তেরৌচিত্যস্য উক্তত্বাৎ। তস্য
আপত্ত্বান্ন যোগাৎ যদাহ মনুঃ' ইন্দ্রি
য়াণাংপ্রসঙ্গেনদোষমৃচ্ছত্যসংশয়ং।
সংনিয়ম্যতু তান্যেব ততঃ সিদ্ধিং
নিয়চ্ছতি ।। ন জাতু কামঃ কামনা
মুপভোগেন শাম্যতি হবিষা কৃষ্ণব-
র্ত্মে বভূয়এবাভিবর্দ্ধতে ।। ইতি, অন্য
থা পুত্রোৎপত্ত্যনন্তরংপ্রব্রজিতাদেঃ
স্ত্রিয়া অপি পুনর্ব্বিবাহা পত্তিঃ। যতঃ
অষ্টৌবর্ষাণ্যপেক্ষেত ব্রাহ্মণী প্রোষি-
তং পতিং। অপ্রসূতাত্ত চত্বারিপর
তোহ ন্যং সমাশ্রয়েদিত্যাদৌ অপ্র-
সূতাভিন্নাতুমৃতপুত্রা ন পুত্রবতীতি॥

অনুবাদ।

সন্তান পরিক্ষয়ই আপৎ, তৎপ্রযোজককে ও আপৎবলিয়া;পরাশর'নষ্টাদি (১)পাচটি'ও কাত্যায়ন 'অন্যজাতীয়াদি (২) সাতটি আপৎ পরিগণন করিয়াছেন, ইহাতে পরাশর ও কাত্যায়ন উভয়ের অভিপ্রেত আপৎ সাকল্যে দশটি উক্ত আছে। তৎব্যতিরেকে পতি বিয়োগে মৈথুনাদির অযোগ' কি হবিষ্যান্নেতর ভোজনের লোভ' কখন আপৎপদে পরিগণিত হয়নাই, বিশেষতঃ মনুও' কহিয়াছেন যে, ইন্দ্রিয়ের প্রসঙ্গঅপেক্ষা তাহার নিবৃত্তিই উচিত, সুতরাং প্রকৃত কর্ত্তব্য অসুখকর হইলেও তাহাকে আপত্ বলা যাইতে পারেনা, মনু বচনার্থ' ইন্দ্রিয়ের প্রস

(১)নষ্টত্ব'মৃতত্ব' প্রব্রজিতত্ব'ক্লীবত্ব পতিতত্ব' ।৫।

(২) অন্যজাতীয়তা' পতিততা ক্লীবতা' বিকর্ম্মস্থতা' সগোত্রতা' দাসতা' দীর্ঘাময়তা' ।৭।

ঙ্গ করিলে নিঃসংশয় দোষপ্রাপ্ত হয় এবং

তাহার সংযমকরিলে অবশ্য সকলসিদ্ধিলাভ হয়। যদি বল ইন্দ্রিয় প্রসঙ্গাধীন ইচ্ছার বিষয়সিদ্ধ হইলেও' নিবৃত্তি হইতে পারে? তাহানহে, যথা, নজাত্বিতি' কামের উপভোগে কখন কামনিবৃত্তি হয়না; অগ্নিতে ঘৃত নিক্ষেপ করিলে যেরূপ কিঞ্চিন্মাত্র নিবৃত্তির পর পুনরায় অত্যন্ত বৃদ্ধি হইয়াউঠে, বরং তন্ন্যায় বৃদ্ধিপ্রাপ্ত হয়। অন্যথা যদি সন্তান পরিক্ষয়কে আপৎ নাবলিয়া নষ্ট মৃত প্রব্রজিতাদিকে আপৎবল? তবে যথাবিধি গার্হস্থ্য ধর্ম্ম চরণে পুত্রোৎপাদন করিয়া যিনি প্রব্রজ্যা করিয়াছেন, তাঁহার স্ত্রীরও পুনর্ব্বিবাহাপত্তি হইল যেহেতু' অষ্টৌবর্ষাণীত্যাদি বচনে স্পষ্টতই প্রতীয়মান হইতেছে। ব্রাহ্মণী আটবর্ষ পর্য্যন্ত প্রোষিত-পতির অপেক্ষা করিবে' অপ্রসূতা ও মৃতপুত্রা একপর্য্যায় পরিগণিত, পুত্রবতী তাহাহইতে পৃথক্।

সংস্কৃত

ইদংপুনরিহাবধেয়ং। ভার্য্যাংবিন্দেত

ইতি বিধৌ ভার্য্যাপদস্যস্ত্রীমাত্রপর
তয়া প্রথমতঃ স্ত্রীমাত্র স্যৈব
সামান্য-বিধি-বিষয়ত্বং। তএচ'যদে
কস্মিন্ যূপেদ্বেরশনে পরিব্যয়তি
তস্মাৎ একোদ্বেজায়ে বিন্দেত।
যন্নৈকাং রশনাং দ্বয়োর্য্ পয়োঃপরি-
ব্যয়তি তস্মান্নৈকাদ্বৌপতী বিন্দেত
ইতিশ্রুত্যা। সকৃদংশো নিপততি
সকৃৎকন্যা প্রদীয়তে' সকৃদাহ দদা-
নীতি ত্রীণ্যেতানি সকৃৎ সকৃৎ॥
ইতি মনুবচনেন, অবিপ্লুত ব্রহ্মচর্য্যো
লক্ষণ্যাং স্ত্রিয়মুদ্বহেৎ। অনন্য পূর্ব্বি-
কাং কান্তাং অসপিণ্ডাং যবীয়সীং॥
ইতিযাজ্ঞ্যবল্কীয়েনচবিরোধাৎ, নঞঃ
পর্য্যুদাস পরত্বেনৈকবাক্যতয়া ভার্য্যাং
বিন্দেতেতিবিধিসমভিব্যাহৃতভার্য্যা
পদোপস্থাপ্য স্ত্রিয়াং বিবাহিতেতর
ত্বং প্র-ত্যায্যতেততশ্চ বিবাহিতেত
রাংভার্য্যাংবিন্দেতইত্যেববিধি;তদ্বি

ষয়ত্বং নবিবাহিতায়াঃ।

অনুবাদ।

পুনর্ব্বার এস্থলেইহাও অবধেয় "ভার্য্যাং বিন্দেত" এই বিধিতে ভার্য্যাপদ স্ত্রীমাত্র পর, এইহেতুক প্রথমতঃ স্ত্রীমাত্রেই সামান্য বিধির বিষয়ত্ব আছে। তথাবিধ বিধি বাক্যাধীন আপাতত বোধ-বিষয়ার্থে 'যদেকস্মিন্ যূপে" ইত্যাদি শ্রুতির সহিত এবং সকৃৎ কন্যা প্রদীয়তে" এই মনুবচনের সহিত" ওঅনন্যপূর্ব্বিকাং "এতৎ যাজ্ঞ্যবল্ক্যবচনের সহিত বিরোধহইল, এহেতুক নৈকা দ্রৌপতী বিন্দেত" অনন্যপূর্ব্বিকাং উদ্বহেৎ। ইত্যাদি নিষেধ বাক্যস্থ নঞপদের পর্য্যুদাস পরত্ব প্রযুক্ত নিষেধ বিধির সহিত এক বাক্যতায় ভার্য্যাং বিন্দেত, এইস্থলে ভার্য্যাপদোপস্থাপ্য স্ত্রীতে বিবাহিতেতরত্ব বোধ করিতে হইবে; ইহাতে এই ফল হইল যে বিবাহিতা ভিন্ন স্ত্রীকে বিবাহ করিবে। তাহা বিধবাতে নাই; যদে কস্মিন্ প্রভৃতির অর্থ" যথা

এক যূপে দুইরজ্জু বন্ধন করাযায় তথা এক পুরুষ দুইস্ত্রীকে বিবাহ করিতে পারে, যেরূপ একরজ্জু দুইযূপে বন্ধনকরা যায়না তদ্রূপ একস্ত্রী দুইপতিকে বিবাহ করিতে পারেনা, এইশ্রুতি। অংশনিপাত একবার হয়' কন্যাদান ও একবারই করিতে হয়' এবং দানও একবার ভিন্ন দুইবার হইতে পারেনা, এই তিনকর্ম্ম একবার একবারই হয়, ইতি মনু। ব্রহ্মচর্য্যানন্তর শুভলক্ষণ যুক্তা' অনন্য পূর্ব্বিকা' অসপিণ্ডা' কমনীয়া' যবীয়সীস্ত্রীকে বিবাহ করিবে, ইতি যাজ্ঞ্য বল্ক্য। মমেয়ংভার্য্যা' অর্থাৎ আমার এইস্ত্রী ইত্যাকার ভার্য্যাত্ব সম্পাদক জ্ঞানের নাম বিবাহ, তাহার পুরুষে' আশ্রয়তা' ও স্ত্রীতে বিষয়তা' তাদৃশ বিবাহাশ্রয়তা স্ত্রীতে বিবাহ কর্ত্তৃত্ব, স্থল একস্ত্রী দুই পতিকে বিবাহ করিবেনা।

সংস্কৃত

সন্তান পরিক্ষয় রূপাপদি, যথা নি-



603

য়োগেবিধিঃ। তথাপদি'তাদৃশশক্তি মদ্দেবরাদ্যভাবে প্রসস্ত পুত্রাসম্ভ-বেন, বিকল্পেনবা বিধবা বিবাহ বিধ্যন্তরং। তাদৃশবিধ্যন্তর বিষয়তা চ বিবাহিতায়াঃ। তথাচকলৌতপো জ্ঞান রূপশক্ত্য ভাবেন নিয়োগো নিষিদ্ধস্তথা কলৌ বিবাহিতা বিবা-হোহপীত্যুক্তমেব ইতি।।

অনুবাদ

সন্তান পরিক্ষয় রূপ আপৎকালে' যেরূপ নিয়োগে বিধি, তন্ন্যায় সন্তান পরিক্ষয় রূপা পদে' স্ত্রীর শক্তিযুক্ত দেবরাদি নাথাকিলে প্রসস্ত পুত্রহয়না, এনিমিত্তে অথবা নিয়োগ বিকল্পে বিধবাদি বিবাহের বিধ্যন্তর। ঐ বিধ্যন্তরেরবিষয়তাবিবহিতাস্ত্রীতে আছে।না' যথাকলিযুগে শক্ত্যভাবপ্রযুক্তনিয়োগনিষেধ' তথা বিবাহিতার বিবাহও নিষিদ্ধ। ইহা পূ-র্ব্বেই ব্যক্ত হইয়াছে, এই শ্রুতি' কেহ বিধ বা বিবাহ নিষেধক বলিয়াছেন, কিন্তু বিদ্যা-

সাগর' দ্বিতীয়বার মুদ্রিত পুস্তকের ৭১ পৃষ্ঠায় একস্ত্রী এককালীন দুইপুরুষকে বিবাহ করিতে পারেনা এই অর্থ প্রকাশ করিয়াছেন। তাহাতে জিজ্ঞাস্য এই যে' এক কালীন কিপ্রকারে পতিদ্বয়ের সহিত এক স্ত্রীর বিবাহ সম্পন্ন হইতে পারে? ইহাতে শাস্ত্র কি রাগ কিছুরই প্রবৃত্তিহইতেপারেনা, সুতরাং তাহার নিষেধকরণে অনাবশ্যকতা। বস্তুত' ঐ অর্থ-বিষয়ে বিধি এবং নিষেধ উভয় কথনই ভ্রম; ক্রমে তাহা বচনীয় হইতেছে।

সংস্কৃত

এতেন' নৈকাদ্বৌপতীবিন্দেত ইতি শ্রুতিঃ। কেনচিৎ বিধবা বিবাহ নিষেধে প্রমাণমুপন্যস্তা, অপরেণ চ তাদৃশ শ্রুতে রেক ক্ষণাবচ্ছেদেন দ্বাভ্যাং সহ বিবাহ নিষেধ পরতা নত্তপতিদ্বয় নিষেধ পরতেতিসমা হিতং কেনচিত্তু' সকৃৎপ্রদীয়তে

605

কন্যেত্যাদি মনুবচনং বিধবাবিবাহ নিষেধে প্রমাণ মুপন্যস্তং অপরেণচ বাগ্দত্তায়াঃ পুনর্দান নিষেধ পরতয়া সমাহিতং তৎসর্ব্ব মনাদেয় মিতি।

অনুবাদ

এই হেতুক' তস্মান্নৈকেত্যাদি শ্রুতি, কেহ বিধবা বিবাহ নিষেধে প্রমাণোপন্যাস করিয়াছেন, অপরে একক্ষণাবচ্ছেদে পতি দ্বয়ের সহিত বিবাহনিষেধ বলিয়া ঐ শ্রুতি-র অর্থের সমাধান করিয়াছেন, এবং কেহ সকৃৎ কন্যাপ্রদীয়তে' এই মনুবচনের অর্থ বিধবা বিবাহ নিষেধপক্ষে সপ্রমাণ করিয়া-ছেন; অপরে, তাহা বাগ্দত্তারপুনর্দান নিষেধ বলিয়া সমাহিত করিয়াছেন। সে সমুদায়ই অগ্রাহ্য। কেননা 'বিধি নিষেধের বিরোধস্থলে নঞের অর্থাৎ নিষেধের পর্য্যুদাস অর্থাৎ তদিতর অর্থ হইয়া সঙ্গতি হয়? যেরূপ' (অমায়াং পিতৃভ্যো দদ্যাৎ) অর্থাৎ অমাব-স্যাতে পিতৃলোক উদ্দেশে দান করিতেহয়।

এবং "রাত্রৌ শ্রাদ্ধং ন কুর্ব্বীত" অর্থাৎ রাত্রিতে শ্রাদ্ধ করিবেনা, এস্থলে রাত্রীতর অমাবস্যায় পিতৃলোক উদ্দেশে দানকরিবার বিধি স্থিরীকৃত আছে, তদ্রূপ বিধিনিষেধের স্থলে যদাকারে নিষেধ তাদৃশস্থল ব্যতিরিক্ত সর্ব্বত্র সামান্যাকারে বিধির প্রবৃত্তি হইয়া থাকে; অর্থাৎ নিষিদ্ধের ভেদকার্থ প্রকাশক হয়।

সংস্কৃত

একক্ষণাবচ্ছেদেন ভার্য্যাত্ব সম্পাদক জ্ঞান বিশেষে তস্মিন্ রাগাসম্ভবেন একক্ষণাবচ্ছেদেন দ্বাভ্যাংসহবিবাহস্য শাস্ত্রা প্রাপ্তত্বে-নচ নিষেধত্বানুপপত্তেঃ। ভারত টীকায়াং' নৈকস্যা বহবঃ সহপতয়ঃ ইতিশ্রুতের্যৎসহেতি যুগপদ্বহু পতিত্ব নিষেধো বিহিতো নত্ত সময় ভেদেনেতি নীলকণ্ঠেন ব্যাখ্যাতং। তত্রস্ত্রিয়াযুগপদ্বহু পতিত্বস্য বিভিন্ন দিনমাস বৎসরেষু

পি বিবাহে পতীনাং সম কালিক সত্তায়ামপি সম্ভবাৎ তত্র বিবাহস্য যৌগপদ্যাপ্রত্যয়াৎ।

অনুবাদ

একক্ষণাবচ্ছেদে জ্ঞান বিশেষরূপ বিবাহে পতিদ্বয় বিবাহ্য হইলে রাগ সম্ভবেনা, এককক্ষণে দুইজনের সহিত বিবাহ শাস্ত্রাভিপ্রেতনহে, এস্থলে শাস্ত্রাপ্রবৃত্ত বিষয়ে নিষেধকরা অত্যন্ত আত্মস্বার্থের প্রয়োজনীয়' তাহা শাস্ত্রের অভিপ্রায় হইতে পারেনা, বিধি ব্যতিরেকে নিষেধ অপ্রসিদ্ধ? ভারতের টীকায় নীলকণ্ঠ, এই শ্রুতির উক্তি করিয়াছেন যে' একস্ত্রীর এককালীন বহুপতিত্ব হয়না, তাঁহার অভিপ্রায় এই' একস্ত্রীর বহুপতিত্ব একবারেই শাস্ত্রনিষিদ্ধ। সেইবিধিরও সামান্য বিধির সহিত একবাক্যতায় আবশ্যক' শ্রুতি বিরোধি স্মৃতি অপ্রসস্ত, সময়ভেদে আপৎকালিক বিশেষ বিধ্যন্তরেরবিষয়তা থাকিবে' কিন্তু সে কলিভিন্ন যুগে।

সংস্কৃত

সকৃৎকন্যাপ্রদীয়তে; ইতি মনুবচন স্যার্থতো বিধবাদি বিবাহ নিষেধ পরত্বে। ন বিবাহ বিধাবুক্তং বিধবা বেদন মিত্যাদি মনুবচনান্তরেণ সমং পৌন রুক্ত্যাপত্তেঃ। সকৃৎ কন্যা প্রদীয়তে, ইত্যস্য বাক্‌দত্তায়াঃপুন র্দাননিষেধপরত্বে চ। নদত্বাকস্যচিৎ কন্যাং পুনর্দদ্যাদ্বিচক্ষণঃ ইত্যনেন পৌনরুক্ত্যাপত্তি রিতি।

অনুবাদ।

সকৃৎকন্যাপ্রদীয়তে, একবার কন্যদান করিবে ইহা যদি বিধবা বিবাহ নিষেধক হয়, তবে' নবিবাহ বিধাবুক্তং বিধবাবেদন মিতি মনুবচনে পৌনরুক্তি হয়? তবে তাহা বাক্‌দত্তা পর বলিলেও 'নদত্বা কস্যচিৎ কন্যাং পুনর্দদ্যাত্ বিচক্ষণঃ, এই বচন পুন রুক্ত হয়। বিদ্যাসাগর, স্বীয় প্রথম মুদ্রিত পুস্তকের ৫ পৃষ্ঠায় মনুপ্রভৃতি শাস্ত্রে পতি

609

বিয়োগের পর ব্রহ্মচর্য্য, সহমরণ ও পুনর্ব্বিবাহ বিধবাদিগের ধর্ম্ম বলিয়া বিহিত আছে সুতরাং শূদ্রজাতীয় অক্ষত যোনি বিধবা ব্রহ্মচর্য্য ও সহমরণ এই প্রধান দুই কল্প অবলম্বন করিতে অক্ষম বিধায় পাত্রান্তরের সহিত তাহার পুনর্ব্বিবাহ শাস্ত্র সিদ্ধ, ইহা বলিয়া ঐ পক্ষে 'যাপত্যাবা পরিত্যক্তা; ইত্যাদি মনুবচনদ্বয় প্রমাণোপন্যাস করিয়াছেন, কিন্তু ঐ মনুবচনদ্বয় কোনরূপেই কলিতে বিধবা বিবাহ পক্ষে প্রমাণ হইতে পারেনা তাহা শঙ্কোত্তরচ্ছলে কহিতেছি।

সংস্কৃত

অথ' যাপত্যাবা পরিত্যক্তা বিধবা বাস্বয়েচ্ছয়া। উৎপাদয়েৎ পুনর্ভূত্বা সপৌনর্ভব উচ্যতে।। সাচে দক্ষত যোনিঃস্যাৎ গতপ্রত্যাগতাপিবা। পৌনর্ভবেন ভর্ত্রাসা পুনঃ সংস্কার মর্হতি। ইতি মনুবচনদ্বয়ং কলৌ বিধবা বিবাহে প্রমাণ মিতি

চেন্ন।

অনুবাদ

পূর্ব্ব২ যুগে দ্বাদশ প্রকার পুত্রছিল, তন্মধ্যে পৌনর্ভব এক প্রকার, তাহার লক্ষণ নিরূপিত হইতেছে। বচনার্থ" পতি পরিত্যক্তা বা বিধবাস্ত্রী অন্য সম্বন্ধিনী হইয়া যে পুত্র উৎপন্নকরে তাহার ন ম, পৌনর্ভব। ঐ পৌনর্ভবশব্দে যেমত পুত্র বিশেষকে বোধ করায়, তাদৃশ পতি বিশেষকেও বোধ করাইয়াথাকে; তাহাই বলাহইতেছে' সাচেদিত্যাদি' সেইস্ত্রী যদি অক্ষত যোনি হয় অথবা গত প্রত্যাগতা হয়; তবে পৌনর্ভব ভর্ত্তার সহিত পুনর্ব্বার তাহার বিবাহ সংস্কার হই:ব। এই বচনদ্বয় কলিতে বিধবা বিবাহে প্রমাণ হইবে ইহা বলাযায়না।

সংস্কৃত

যাপত্যাবা পরিত্যক্তেত্যাদি মনু বচনেকলি বোধক পদাসত্ত্বেন বিবাহ বোধক পদাসত্ত্বেনচ কলৌ বিধবা

বিবাহে তস্য প্রমাণত্বাসম্ভবাৎ।
পুন রন্যস্যভার্য্যা ভূত্বেত্যাদিকুল্লূক
ভট্ট ব্যাখ্যাস্থ ভার্য্যাপদস্য' ভার্য্যাং
বিন্দেতেত্যত্র ভার্য্যা পদস্যেব স্ত্রী-
মাত্র পরত্বাৎ।

অনুবাদ

যাপত্যাবেতি মনু বচনে, কলি বোধক পদ ও নাই, বিবাহ বোধক পদ ও নাই; অতএব কলিযুগে বিধবা বিবাহে প্রমাণ হইতে পারেনা। "পুনরন্যস্য ভার্য্যাভুত্বা" ইত্যাদি কুল্লূক ভট্ট ব্যাখ্যাস্থ ভার্য্যাপদ বিবাহিতা স্ত্রীপর নয়। 'ভার্য্যাং বিন্দেত' এই স্থলীয় ভার্য্যাপদের ন্যায় স্ত্রীমাত্র পর। বিশেষ কুল্লূক ভট্ট ব্যাখ্যাস্থ ভার্য্যাপদ কোন রূপেই বিবাহিতাস্ত্রীপর নয় তাহার কারণ বলিতেছি।

সাচেদক্ষত যোনিঃ স্যাদিত্যত্র তৎ
পদ পরামর্শনীয়া বিধবা যদিস্যাৎ
তদৈব সাচেদক্ষত যোনিঃ স্যাদি

ত্যাদি পর বচনং বিধবা বিবাহে প্রমাণং এবঞ্চ সাচেদিত্যত্র তৎ পদোপস্থাপ্যায়া বিধবায়া অক্ষত যোনিত্বে সত্যেব পুনর্ব্বিবাহ সংস্কারাইত্বস্য সাচেদক্ষত যোনিঃস্যাদিত্যাদিতো বোধেনবিধবাত্ব রূপসামান্য ধর্ম্ম বিশিষ্টায়াঃ যাপত্যাবা পরিত্যক্তা বিধবা বেত্যাদি পূর্ব্ববচনীয় বিধবা পদোপস্থিতা য়া বিবাহস্য যাপত্যাবেত্যাদি পূর্ব্ববচনে বোধয়িতুমশক্যত্বাৎ সাচেদিত্যত্র তদাপতি পরিত্যক্তায়াঃ পরামর্শেহপি পূর্ব্ব বচনে তথৈব বিবাহস্য বোধয়িতুমশক্যত্বাচ্চ। নচ পূর্ব্ববচনোপাত্ত বিবাহানুবাদক মিদং বিধেয়ত্বন্তু অক্ষত যোনিত্বস্যেতি বাচ্যং অক্ষত যোনিত্বানবচ্ছিন্নে ক্রিয়াব্যবচ্ছেদ বোধক বিবাহানুবাদকত্বা সম্ভবাৎ।

অনুবাদ

613

সাচে দিত্যাদি বচনে পদ পদর্য্যায় চেৎপদ ঘটিতবাক্যে সা এই শব্দে পূর্ব্ব বচনোক্তা বিধবার উপস্থিতি হইলেই সাচেদিতি পর বচন বিধবা বিবাহে প্রমাণ হইবেন। যখন পরবচন ও প্রমাণ দিয়াছেন তখন উহা অবশ্য স্বীকার করিতে হইবে, এই যদি স্থির হইল? তবে সাচেদিতি পর বচনে সা এই পদোপস্থিতা যে বিধবা সে যদি অক্ষত যোনিহয় তবেই তাহার পুনর্ব্বিবাহ হইবে ইহাই পরবচনার্থ বোধ হইতেছে, অতএব পূর্ব্ববচনে বিধবা সামান্যেরই বিবাহ বোধহয় এমত বলাযাইতে পারেনা, তাহা হইলে মনুর পূর্ব্বাপর বচন দ্বয়েরই বিরোধ উপস্থিতহয়, আরযদি ইহাইবলাযায় যে পরব চন বিধবা বিবাহবিষয়ে প্রমাণনাবলিয়া তৎ পদ পরামর্শনীয়া পতিপরিত্যক্তাকে বলিব? তাহাতে ও দোষের পরিহারহইয়া উঠেনা।

সংস্কৃত।

যৎপুন র্যাপত্যাবা পরিত্যক্তা,

ইত্যাদি না মনূক্ত পৌনর্ভব পুত্রস্য
যুগান্তরীয় বিষয়ত্বং বিধবা বিবাহ-
স্যাপি তাদৃশ পৌনর্ভবপুত্র ঘটকত্বঞ্চ
স্বীকৃত্য যাপত্যা বা পরিত্যক্তা,
ইত্যাদি মনুবচনং কলৌবিধবা
বিবাহেপ্রমাণয়তি। যচ্চবিবাহিতায়া
বিধবায়া গর্ব্ভজাত পুত্রস্য কলৌ
দায়ানধিকার ভয়েনঔরসত্বঞ্চ কল্প
য়তি তদত্যন্ত মসৎ ॥

অনুবাদ।

বিদ্যাসাগর 'স্বীয় পুস্তকের ৯ পৃষ্ঠায় পৌনর্ভব পুত্র যুগান্তরীয় স্বীকার করিয়াছেন এবং ঐ পৌনর্ভব পুত্রের ঘটক বিধবা বিবাহ ইহাও স্বীকার করিয়া পৌনর্ভব পুত্র নিরূপণাত্মক মনুবচন' কলিযুগে বিধবাবিবাহে প্রমাণ বলিয়াছেন, আরো, কলিতে' বিবাহিতা বিধবার গর্ব্ভে' যে সন্তান জন্মিবে সে যদি পৌনর্ভব হয় তবে পিতৃদায়াদ হইতে পারেনা, এই শঙ্কায় ঐ বিধবা গর্ব্ভ-



615

জপুত্র কলিতে ঔরসপুত্র হইবে, ইহাও স্বীয় পুস্তকের ৮।৯ পৃষ্ঠায় বলিয়াছেন, তাহা অতীব অশ্রদ্ধেয় ও অসৎ তৎপ্রতি ক্রমে, কারণ দর্শাইতেছি ।।

সংস্কৃত

পৌনর্ভব পুত্রস্য যুগান্তরীয়ত্বেন বিধবাবিবাহস্য পৌনর্ভব ঘটকত্বাঙ্গী কারেঽপি তস্য যুগান্তরীয়ত্বৌচিত্যেন পৌনর্ভব পুত্র নিরূপণ রূপ মনুবচনস্য কলৌবিধবা বিবাহে প্রমাণতয়া উপন্যাসাসম্ভবাৎ। কলৌ পৌনর্ভব পুত্রস্য ঔরসত্বাঙ্গী কারেচ মনূক্ত পৌনর্ভব লক্ষণস্য তত্রাতিব্যাপ্তেঃ। পুনর্ব্বিবাহিতায়া বিধবায়াঃ পরপত্ন্যুঃ ক্ষেত্রত্ব মঙ্গীকৃত্যৈব' স্বক্ষেত্রে সংস্কৃতায়ান্তু স্বয়মুৎ পাদয়েদ্ধিয়ং। তমৌরসং বিজানীয়াৎ পুত্রং প্রথম কল্পিকমিতি মনু বচন প্রতিপাদ্যৌ রসত্বস্য কলৌ

বিধবা পুত্রেস্বীকার্য্যতয়া যুগান্তরীয় তাদৃশ পৌনর্ভবে তাদৃশৌরস ল-ক্ষণাতিব্যাপ্ত্যাপত্তেশ্চ। পরপত্ন্যুঃ ক্ষেত্রত্বাকল্পনেকলৌ বিধবা পুত্রস্য ঔরসত্বানুপপত্তেঃ। ঔরস লক্ষণে স্বক্ষেত্রানন্তর্ভাবে ক্ষেত্রজ পুত্রেঽতি ব্যাপ্তেঃ, স্বসংস্কৃতায়াং স্বজাতীয়া য়াংইত্যুক্তৌচ তাদৃশ পৌনর্ভবেঽতি ব্যাপ্তের্বজ্র লেপত্বাৎ, স্বসংস্কৃতায়া মিত্যনুক্ত্বা স্বক্ষেত্র ইত্যুক্তে রিদ মেব বীজং পুনর্ব্বিবাহিতায়া বিধ বায়াঃ পরপত্ন্যুঃ ক্ষেত্রত্বানঙ্গীকারাৎ এতেন প্রকৃতোঽপ্যবধেয় ইতি।

অনুবাদ

প্রথম' পৌনর্ভব পুত্র' যদি যুগান্তরীয় হইল? তবে বিধবার পুনর্ব্বিবাহ হইলে তাহাতে যে পুত্র হইবে সেই পৌনর্ভব, অতএব' পৌনর্ভব পুত্রের ঘটক বিধবাবিবাহ ইহা স্বীকার করিলেও' যে যে যুগে পৌন-

67

র্ভব পুত্র বিহিতছিল সেই সেই যুগেই বিধবা বিবাহের বিধি স্বীকার করা উচিত। পৌনর্ভব পুত্র কলিযুগে স্বীকার নাকরিয়া তৎপ্রতিপাদক মনুবচন বিধবাবিবাহ প্রতিপাদক বলিয়া কলিযুগে বিধবা বিবাহে প্রমাণোপন্যাস করা কোন রূপেই সঙ্গত হইতে পারেনা। বিদ্যাসাগর' স্বীয় পুস্তকের ৯ পৃষ্ঠায়' কলিতে বিবাহিতা বিধবার গর্ব্ভজাতপুত্রকে ঔরসপুত্র বলিয়াছেন, যদি তাহাকে ঔরস পুত্র বলাযায়? তবে মনূক্ত পৌনর্ভব লক্ষণের অতি ব্যাপ্তি হইয়া উঠে? তাহাতে মীমাংসনীয় এই যে' পৌনর্ভব পুত্র সত্যযুগাদি ঘটিত, ঐ বচন বিধবা বিবাহের পরিচায়ক। তাহাতেও দোষান্তরঘটনা দেখা যাইতেছে, পুনর্ব্বিবাহিতা বিধবা পরপতির ক্ষেত্র হয়, ইহা স্বীকার করিয়াই কলিযুগে বিধবা পুত্রে' স্বক্ষেত্রে সংস্কৃতায়ান্তু স্বয়মুৎপাদয়েদ্ধিয়ং' এই মনূক্ত ঔরসত্ব স্বীকার করিতে হইবে? তাহা হইলে যুগান্তরীয়

পৌনর্ভব পুত্রও ঔরস হইতে পারিল, বস্তুতঃ তাহানয় ঔরস পুত্রের লক্ষণ সকল যুগেই সমান, যদি পুনর্ব্বিবাহিতা বিধবাতে পর পতির ক্ষেত্রত্ব স্বীকার নাকরা হয়, তবে কলিকালে ঐ বিধবা পুত্রের ঔরসত্বের অনুপপত্তি হয়; ঐ ঔরস লক্ষণে স্বক্ষে-ত্রে' এই ভাগ যদি না বলা যাইত' তবে স্বয়মুৎপাদিত পরক্ষেত্রজ পুত্রও ঔরস হইতে পারিত ঐ ক্ষেত্রজে ঔরস লক্ষণের অনতিব্যাপ্তি হইতনা অগত্যাই স্বক্ষেত্রে বলা আবশ্যকীয় ছিল, তাহা না বলিয়া' স্ব সংস্কৃতা অর্থাৎ স্ববিবাহিতা এবং স্বজা-তীয়া স্ত্রীতে স্বয় মুৎ পাদিত পুত্র ঔরস, এই অর্থ করিলে পৌনর্ভবে অতিব্যাপ্তি হয়' যেহেতু ঐ অর্থে পৌনর্ভবও অতি ব্যাপ্ত আছে তাহাতেও স্ববিবাহিতা স্বজাতীয়া স্ত্রীতে স্বয়মুৎপাদিতত্ব আছে; সুতরাং 'স্ব-ক্ষেত্রে সংস্কৃতায়ান্তু, মনু বলিয়াছেন, বি-শেষত মনু পুনর্ব্বিবাহিতা স্ত্রীতে পর পতির

ক্ষেত্রত্ব নাথাকা ব্যক্ত করিয়াছেন, ক্ষেত্রত্ব উপলক্ষিত ধর্ম্ম„ তাহা পতির বিয়োগ হইলেও বিধবাতে থাকে এজন্য পতির অনুমতি মতে বিধবার গর্ভজাত পুত্র মৃত পতির ক্ষেত্রজ পুত্র হয়, ইহাতে আরো অধিক বলা হইয়াছে যে যদি কোন ব্যক্তি এক স্ত্রীতে কন্যাকালে সন্তানোৎ পাদন করে এবং পরে সেই স্ত্রীর পাণি গ্রহণ করে তথাপি ঐ কন্যাকালের গর্ব্ভজাত কানীন পুত্র তাহার ঔরস পুত্র হইতে পারেনা। এই কারণেই ঔরস লক্ষণে' সংস্কৃতায়াং বলা হইয়াছে। এই সকল হেতুবাদে' কলিযুগে বিধবা পুত্রকে ঔরস পুত্র বলিতে পারাজায়না, এবং বিধবার পুনর্ব্বিবাহ ও শাস্ত্র সিদ্ধ; ইহা স্বীকার্য্য হইতে পারেনা, পৌনর্ভব ও ঔরস পুত্রের লক্ষণ সকল যুগেই সমান। এক যুগে যে লক্ষণাক্রান্ত পৌনর্ভব' সেই যে, অন্য যুগে ঔরস লক্ষণাক্রান্ত ঔরস পুত্র হইবেক; ইহা মন্তব্য হয়না। কেননা

ধর্ম্ম শাস্ত্রাদি বক্তা মহর্ষি গণ; যুগ ভেদে পৃথক পৃথক রূপে' তত্তৎ লক্ষণ প্রণয়ন করেন নাই। পরন্তু' কলিযুগে দত্তক ও ঔরস পুত্র ভিন্ন, কানীন কি পৌনর্ভাবাদি পুত্রে পুত্র কার্য্য কারিতানাই। ইহা, বিশুদ্ধ প্রমাণ দ্বারা প্রমাণিত আছে। বিধবার সন্তান পরিক্ষয়ই আপৎ ঐ আপৎ খণ্ডনার্থেই বিধবার বিবাহাদি প্রজাকামনা সাধন' উপায়াদির আবশ্যক দেখাযাইতেছে। তাহাতে যখন তপো জ্ঞানাদি শক্তির অভাব বশতঃ আদৌ' প্রজেচ্ছারই সম্পূর্ণ সম্ভবের অবধাবণ করা যায়না' এবং প্রজাকামনা, সম্পূর্ণ সম্ভূত হইলেও' তাহাতে কোন ফলাদেশঃ অর্থাৎ প্রজার কর্ত্তব্য কার্য্যাধিকারিতা ঘটিতেছেনা, তখন আর বিধবার বৈধব্য খণ্ডন বিবাহ বিধির প্রচুর হেতুবাদ কি? তাহা কদাচ কলি যুগে' বিধেয় হইতে পারেনা। তবে যদি মৈথুন ও ইচ্ছানুসারি ভোজনাদি উপভোগ' ও সুখ

স্বচ্ছন্দতার অসম্ভাব রূপ আপদের বিনা-শার্থেই, বিধবার বিবাহ প্রয়োজনীয় বলা যায়; তাহা বড় পরিহাসের বিষয়। শাস্ত্রে এমত আপৎ' এবং আপৎ খণ্ডনের উপায়' কথিত হয় নাই, পূর্ব্বেই বলা হইয়াছে। বৃথা, কল্পিত কথায় তর্ক বাহুল্য। আ-রো, পৌনর্ভব লক্ষণ এইযে যাপত্যাবা পরিত্যক্তা ইত্যাদি প্রকৃত বচনার্থ পক্ষে মনোনিবেশ করিলে ইহাই মাত্র বোধ হয়, পতি পরিত্যক্তা অথবা বিধবা স্ত্রী অন্য সম্বন্ধিনী হইয়া স্বীয় ইচ্ছাক্রমে যে পুত্র উৎপাদন করে তাহারই নাম' পৌনর্ভব। বিবাহ' পৌনর্ভবলক্ষণ ঘটক নয়, অন্য পু-রুষ দ্বারা বিবাহ' দ্বারাই হউক বা প্রকারন্ত-রেই হউক বিধবা আপন ইচ্ছাক্রমে পু ত্রোৎ পাদন করিলেই সেই পুত্র পৌনর্ভব হই-বে? বলিলে' বিধবা গর্ব্ভজাত ক্ষেত্রজ পুত্রে পৌনর্ভবাপত্তি হইতে পারে। তাহার নি-রাসার্থে ' স্বয়েচ্ছয়া' এই ভাগ বলা হই-

য়াছে, তাহার অর্থ এই' পূর্ব্ব পতির স-
ন্তানাভি সন্ধি ব্যতিরেকে স্বীয় ইচ্ছা ক্রমে।
দ্ব্যমুষ্যায়ণ পুত্রে অর্থাৎ উৎপন্ন পুত্র উভ-
য়েরই তুল্য ফলদ হইবে এই অভি সন্ধি
পূর্ব্বক পরক্ষেত্রে অনিয়োগ দ্বারা যে পু-
ত্রোৎপাদন করে; সেই দ্ব্যমুষ্যায়ণ পুত্রে ক্ষে-
ত্রজ পুত্রত্বাপত্তি যদ্রূপ পরাস্ত হইতেছে
বিবাহও; তদ্রূপ' যাপত্যা বা পরিত্যক্তা,
ইত্যাদি বচন প্রাপ্ত পৌনর্ভব লক্ষণের অ-
ন্তর্গত হইতে পারেনা। যেহেতু ঐ
বচনান্তর্গত পরিত্যক্তাস্ত্রীও আছে। বি-
শেষতঃ নষ্টে মৃতে প্রব্রজিতে' এই বচন
দ্বারা পরাশর' এবং সত্ত জঘন্য জাতীয়'
এই বচন দ্বারা কাত্যায়ন' আপদ্গ্রস্তা স্ত্রীর
যে বিবাহ বিধান করিয়াছেন, তাহাতে অ-
ন্যান্য গ্রন্থকার ঋষিরাও ঐক মত্যাবলম্বন
করিয়াছেন। কিন্তু সেই সকল আপদের
মধ্যে পতি পরিত্যাগকে পরিগণন করা হয়
নাই; অগত্যাই পতি পরিত্যক্তার বিবাহ

623

বিধি অশাস্ত্রিক, সুতরাং তাহা সংগত হই-
তে পারেনা। যদি এমত আশঙ্কা করা যায়
যে, সন্তান পরিক্ষয় আপদের প্রয়োজকপতি
পরিত্যাগ, কেন' মহর্ষি গণ' তাহাকে আপৎ
বলিয়া ব্যক্ত করিলেননা? তাহাতে বক্তব্য
এই' পতি পরিত্যক্তা স্ত্রীর মূল তাৎপর্য্য
এইযে' দোষ গ্রস্তাস্ত্রীই পতি কর্ত্তৃক পরি-
ত্যজ্যা হইতে পারে, তদ্ভিন্ন নয়, ঐস্থলে
মন্তব্য এইযে' যখন' দোষ গ্রস্তা বনিতাই
পতির পরিত্যাগে বিহিত হইয়াছে' তখন
তাহাতে দোষ গ্রস্ততা হেত্তবাদে বিবাহ রূপ
গুরুতর সংসর্গের যোগ্যতা নাথাকায়, শাস্ত্র
যুক্তি মতে ঐস্ত্রী বিবাহ যোগ্যা হইতেই পা-
রেনা, কার্য্যতই; পতি পরিত্যক্তার পতি প-
রিত্যাগ আপৎ বলিতে হয়না, বলিলেও ফ-
লান্তর সম্ভবেনা, যেহেত্ত দোষ গ্রস্তা যোষিৎ
সাধারণেরই অগ্রাহ্যা। তদ্ভিন্ন দম্পতীর কলহ
বাক্রোধের নিমিত্তে যেত্যাগ ঘটে, তাহা-
তে পতি পরিত্যক্তা বলাযায়না, কারণ

তাহার অপগমে পুনর্ব্বার ঐক্য হইয়া থাকে। তাহা না হইলে লোকের স্ত্রী থাকাই দুষ্কর হইয়া উঠিত, অতএব কিরূপে ঐবচন বিধবা বিবাহে প্রমাণ হইতে পারে? ইহা সুধীগণের অবধেয়॥

সংস্কৃত।

অজানন্নর্জ্জুনশ্চাপি নিহতং পুত্র মৌরস মিত্যত্র ঔরস পদং। অর্জ্জুনস্যাত্মজ শ্রীমানিরাবান্নাম বীর্য্যবান্। ইতি ভারত শ্লোকান্তরে আত্মজ পদ দর্শনাদাত্মজে লাক্ষণিকং॥

বিদ্যাসাগর' ভারত শ্লোকে বিধবা গর্ব্ভজাত অর্জ্জুন পুত্রে ঔরস পদ প্রয়োগ আছে, যে' প্রমাণ দিয়াছেন, তাহা প্রমাণ হয়না; কেননা ভারত শ্লোকান্তরে আত্মজ পদের প্রয়োগও আছে। অতএব মন্বাদি প্রণীত ঔরস পদের মুখ্যার্থ বাধে, ঐ ঔরস পদ, আত্মজে লাক্ষণিক, ইহাতেই ঐ ইতি

হাসের প্রয়োগোপপত্তি হইল।।

## সংস্কৃত।

বিধবায়াঃ পুরুষান্তরেণ সহ বিবাহস্য বা' সাচেদক্ষত যোনিঃ স্যাদ্গত প্রত্যাগতা পিবা পৌনর্ভবেন ভর্ত্রা সাপুনঃ সংস্কার মর্হতীতি মনু বচনাবিষয়ত্বাৎ বিশিষ্টস্যত্ত বিধবা বিবাহস্য দ্রাগেব। তথাহি' সাস্ত্রী যদ্যক্ষত যোনিঃ সতী অন্য মাশ্রয়েৎ তদাতেন পৌনর্ভবেন ভর্ত্রা পুনর্ব্বিবাহাখ্যং সংস্কার মর্হতি। যদ্বা কৌমারং পতি মুৎ সৃজ্য অন্য মাশ্রিত্য পুনস্তমেব প্রত্যাগতা ভবতি তেন কৌমারেণ ভর্ত্রা পুনর্ব্বিবাহাখ্যং সংস্কার মর্হতীতি কুল্লূক ভট্ট ব্যাখ্যয়া গত প্রত্যাগতা পক্ষে পৌনর্ভব পদেন, পূর্ব্বপত্যু গ্রাহ্যতা ধ্রৌব্যে অক্ষত যোনি পক্ষেপি তস্যৈব পৌনর্ভব

পদেন গ্রাহ্যত্বাৎ। সকৃদেব মনুনা পৌনর্ভবেনেত্যস্যোক্তত্বাৎ। নচ কুল্লূক ভট্ট ব্যাখ্যান মনাদেয় মিতি বাচ্যং। মনূক্ত গতপ্রত্যাগতা পদে নৈব তল্লাভাৎ। যতোগতং তত্র পুন রাগমনে প্রত্যাঙ্ পূর্ব্বগমেঃ প্রসিদ্ধত্বাৎ ॥

বিধবা, কি পুরুষান্তরের সহিত বিবাহ, এই দুইটির প্রত্যেকেই সাচেদিত্যাদি বচনের বিষয়তা নাই। বিধবা বিবাহরূপ বিশিষ্ট ধর্ম্মে বস্তুতও তাহারবিষয়তা হইতে পারেনা। হেতু এই, সেইস্ত্রী; যদি অক্ষত যোনি অবস্থায় অন্যপুরুষকে আশ্রয় করে, তবে সেই পৌনর্ভব ভর্ত্তার সহিত পুনর্ব্বিবাহাখ্য সংস্কার করিতে হইবে। অথবা কৌমার পতিকে ত্যাগ করিয়া‘ অন্যকে আশ্রয় করিয়া‘ পুনরায় সেই কৌমার পতির নিকটে প্রত্যাগতাহয়, তবে সেই পৌনর্ভব কৌমার পতির সহিত, পুনর্ব্বিবাহ সংস্কার



627

করিতে হইবে। এই কুল্লূকভট্ট ব্যাখ্যানুসারে গত প্রত্যাগতাপক্ষে, যখন পৌনর্ভব পদে পূর্ব্বপতির গ্রাহ্যতা নিশ্চিত হইতেছে, তখন অক্ষত যোনি পক্ষেও পূর্ব্ব পতিরই গ্রাহ্যতা স্বীকার করিতে হইবে। যে হেতুক মনু একবার মাত্র পৌনর্ভবেন পদের উল্লেখ করিয়াছেন। যদিবল, এস্থলে কুল্লূক ভট্টের ব্যাখ্যার অতিশয়োক্তিতা তবে মনূক্ত গত প্রত্যাগতাপদের অর্থানুসন্ধানেই তাহার নিরাস হইয়া উঠে; মনূক্ত প্রত্যাগতা এই শব্দের অবিরোধি অর্থ এই' যাহা হইতে একবার গমনকরাযায় পুনরায় তাহাতে আগত হওয়া' প্রতি আঙ উপসর্গ পূর্ব্ব গমধাতুর তাহাতেই শক্তি প্রসিদ্ধ।

সংস্কৃত

বস্তুতস্তু সাচেদিত্যত্র তদা প্রক্রান্তা পতিপরিত্যক্তা পরাম্নশ্যতে। তস্যাএব বিকল্পোহ্য ক্ষতযোনি

রিতি গত প্রত্যাগতেতিচ পৌনর্ভ-
বেন ভর্ত্রাসা ইত্যত্র তদাপি পতি
পরিত্যক্তৈব পরাস্থশ্যেতি গতপ্র-
ত্যাগতা পক্ষে পৌনর্ভবেন ভর্ত্রাসা
ইত্যস্যন পুনরধ্যাহারঃ। নবাপতি
বাচক পৌনর্ভব পদস্য নানার্থতা।
তথাচ সাচেদক্ষত যোনি রিত্যাদেঃ
সাপত্যা পরিত্যক্তাচেদক্ষত যোনিঃ
পুংযোগশূন্যা। গতপ্রত্যাগতাপি-
বা অন্যংগতাসতীযেন পত্যা পরি
ত্যক্তা তংপুনঃ প্রত্যাগতাপিবা ই-
ত্যর্থঃ। সকর্ম্মকস্যগমেঃ কর্ম্ম সাকা
ঙ্ক্ষত্বাৎ। এবঞ্চ পৌনর্ভব পদস্য
যৌগিকত্বমপি সংগচ্ছতে।

অনুবাদ

বাস্তবিক অর্থ এই' সাচেদক্ষত যোনি'
এইস্থলীয় সা' পদেপূর্ব্বোক্তা পতিত্যক্তাকে
ই বোধকরে। কেননা তৎ শব্দ পূর্ব্বোক্ত
অথচ বক্তার উদ্দেশ্য প্রকাশ করে; ঐ পতি

পরিত্যক্তারই ভিন্ন কল্প' অক্ষত যোনি' ও গতপ্রত্যাগতা। পৌনর্ভবেন ভর্ত্রাসা; এই স্থলীয় যে' সা, তৎশব্দের প্রয়োগআছে তাহাতেও ঐ পূর্ব্বোক্তা পতি পরিত্যক্তার-ই বোধ করায়, সাচেদক্ষত যোনি এই পদের এবং গত প্রত্যাগতা এই পদের স্বরূপার্থ এই যে' সেই পতি পরিত্যক্তাস্ত্রী যদি অক্ষত যোনি হয়, এবং সেই পতি পরিত্যক্তাস্ত্রী যদি পূরুষান্তর গতাহইয়া পুনর্ব্বার পূর্ব্ব পতির নিকটে প্রত্যাগতা হয়; গমধাতু স-কর্ম্মক' কাযে কাযেই পূরুষান্তর গতা বলিতে হইবে। ইহাতে বচনার্থ এই স্থিরীকৃত হইল সেইস্ত্রী যদি অক্ষত যোনি হয়, কিম্বা গত প্রত্যাগতা হয়, তবে পৌনর্ভবভর্ত্তার সহিত তাহার পুনর্ব্বার বিবাহ সংস্কার হইবে। এই উভয় স্থলেই 'সা, এই তৎশব্দো-পস্থাপ্য' একস্ত্রী। অতএব' পৌনর্ভবেন ভর্ত্রাসা, এই ভাগ পুনর্ব্বার আবৃত্তি করিয়া অন্বয়করিতে হইলনা। যে পূর্ব্বপতির সহিত

বিবাহ হইবে তাহারই সংজ্ঞা পৌনর্ভব, সুতরাং পতিবাচক ঐপৌনর্ভব পদের গুনা-নার্থতা হইলনা। বিশেষত; কুল্লূক ভট্ট' গত প্রত্যাগতা শব্দের এই অর্থ করিয়াছেন, যে' কৌমার পতি মুৎসৃজ্য অন্য মাশ্রিত্য পুনস্তমেব প্রত্যাগতা ভবতি" ইহাতে এই বোধ হয়' কৌমার পতিকে ত্যাগ করিয়া অন্য পুরুষের আশ্রয়ানন্তর পুনর্ব্বার ঐ কৌমারে প্রত্যাগতা হওয়া। এই অর্থে' সাচেৎ এই স্থলীয় তৎ শব্দের পরাম্ভশ্যা' যে পতি পরিত্যক্তা' তাহারও বিকল্প হই-লনা? অর্থাৎ তাহার কোন প্রভেদ গতপ্র-ত্যা গতায় থাকিলনা? কেননা এক কৌমার পতির পরিত্যাগ কর্ত্রী, অন্যএক পূর্ব্বোক্ত পতিপরিত্যক্তা কি হয়না? ঐ কূল্লূক ভ-ট্টের ব্যাখ্যায়' পৌনর্ভবেন ভর্ত্রাসা, এই স্থলে অক্ষত যোনিপক্ষে 'সা, এই শব্দে পতি পরিত্যক্তাকে বুঝায়, এবং পৌনর্ভব শব্দেও ঐ পক্ষে ঐ স্ত্রীত্যাগী পতিকেই

631

বোধ করাইবে। কৌমার পতির পরিত্যাগ কর্ত্রী ঐ বচনের তৎশব্দের উত্থাপনীয় হইতেছেনা; এবং ঐ স্ত্রীপরিত্যক্ত পতিকেও পৌনর্ভব শব্দে বোধ করাইতে পারেনা। যেহেতুক' মনু; একবার ব্যতিরেকে' পৌনর্ভবেন ভর্ত্রাসা, এই ভাগ বলেন নাই। দ্বিতীয়বারের প্রত্যাশা করিলে' ঐ বচনেরভাগ আপনি উচ্চারণ করিয়া' কুল্লূক ভট্ট ব্যাখ্যায় অর্থ করিতে হইবে যাহার নাম অধ্যাহারবলে, এবং তাহাতে পৌনর্ভব পদেরও নানার্থতা হইতে পারে; আমার মীমাংসায় ঐ সকল দোষ অণুমাত্রও সম্বন্ধ করিতেছেনা, পৌনর্ভব, পদের অর্থ' পুনর্ভবতি অর্থাৎ পুনঃ পতি র্ভবতি এই অর্থে কৃৎ প্রত্যয়ান্ত করিয়া শেষে তন্নিবন্ধন ধর্ম্মাধিকৃতার্থে তদ্ধিত প্রত্যয় করিলে পৌনর্ভব পদ সিদ্ধ হয়, তাহার প্রতিপাদ্য এই যে' পুনঃ পতিত্ব ঘটক বিধিবোধিত ধর্ম্মাধিকৃত ব্যক্তি। ইহাতে অক্ষত যোনি পক্ষেও ঐ

পৌনর্ভব শব্দের যোগার্থ থাকিল।

সংস্কৃত।

নহু পূর্ব্ব পতিনা সমং পুনর্ব্বিবাহো নিষ্প্রয়োজনক ইতি বাচ্যং নচ;অঙ্গ বঙ্গ কলিঙ্গেষু সৌরাষ্ট্র মগধেষুচ। তীর্থ যাত্রাং বিনাগত্বা পুনঃ সংস্কার মর্হতীতি শাস্ত্রাৎ অগম্য দেশ গমনে ব্রাহ্মণানাং পুনরুপ নয়নস্য প্রায়শ্চিত্ততাবৎ তাদৃশ পুনর্ব্বিবাহস্যাপি প্রায়শ্চিত্ত রূপত্বাৎ। পরি ত্যাগ রূপোপেক্ষয়া পত্যুর্ব্বিবাহ রূপ প্রতি গ্রহ প্রয়োজ্যস্বত্ববিনাশাৎপুনস্তাদৃশস্ত্রী গ্রহণে স্বস্বত্বানাস্পাদীভূতস্ত্রী গ্রহণ জনিত দোষানাপাদকত্বাচ্চ। এবং সতি কথঞ্চিদপি বিধবায়ান তন্মনু বচন বিষয়তেতি।।

অনুবাদ।

পূর্ব্ব পতির সহিত পুনর্ব্বিবাহ নি-

প্রয়োজন এইরূপ আশঙ্কার কি মীমাংসা করা যাইতে পারেনা, অঙ্গ বঙ্গ কলিঙ্গেষু, এই বচনে অগম্য দেশ গমনে ব্রাহ্মণের পুনরুপয়নসংস্কারকে যেরূপ প্রায়শ্চিত্ত বলা হইয়াছে। তদ্রূপ তাদৃশস্ত্রীর পুনর্ব্বিবাহও প্রায়শ্চিত্ত রূপ বলিয়া স্বীকার করিতে হইবে। কেননা' পতি পরিত্যাগ রূপ উপেক্ষা দ্বারা, মমেয়ং ভার্য্যা ইত্যাকারকজ্ঞানাত্মকপ্রতিগ্রহ রূপ বিবাহ, প্রযুজ্য যে স্বত্ব তাহার বিনাশ হয়, সুতরাং ঐ আপন স্বত্ব রহিত পরিত্যক্তা স্ত্রীর পুনঃ গ্রহণে স্ব স্বত্ব শূন্য স্ত্রী গ্রহণ জনিত দোষোৎপত্তি হইতে পারে, মতে প্রায়শ্চিত্ত রূপ পুনর্ব্বিবাহ সংস্কার উল্লেখিত হইয়াছে। তাহাতে ঐ দোষ থাকিতে পারেনা। ইহা যখন স্বীকার্য্য হইল? তখন কোন ক্রমেই বিধবা বিবাহে আর ঐ বচনের বিষয়তা হইতে পারেনা। এবং সাচেৎ' এইস্থলীয় তৎ শব্দ ও যে বিধবা বো-

ধক' তাহা স্বীকার করা যায়না, তদ্বিষয়ে কোন হেত্তুবাদও নাই। বিশেষতঃ ঐ স্বীকারে, গত প্রত্যাগতার বিকল্পার্থের বৈয়র্থ্যাপত্তি হয়। অর্থাৎ বিধবার কল্পনান্তরে গত প্রত্যাগতার অর্থ সম্ভবেনা, হইলেও অধ্যাহারাদিদোষ হয়, ইহা পূর্ব্বেই বলা হইয়াছে।।

সংস্কৃত।

নন্বথাতোহিমশৈলাগ্রে দেবদারু বনালয়ে। ব্যাস মেকাগ্র মাসীন মপৃচ্ছ ন্নৃষয়ঃ পুরা।। মনুষ্যাণাং হিতং ধর্ম্মং বর্ত্তমানে কলৌযুগে। শৌচাচারং যথা বচ্চ বদ সত্যবতী সুত।। ইতি পরাশর সংহিতা প্রথমাধ্যায়ে প্রশ্নস্য কলিধর্ম্ম কথনোপষ্টম্ভকত্বাৎ। অতঃপরং গৃহস্থস্যধর্ম্মাচারং কলৌযুগে। ধর্ম্মং সধারণং শক্যং চাতুর্ব্বর্ণ্যাশ্রমাগত মিতি। দ্বিতীয়াধ্যায়ে পরাশরোক্তেশ্চপরা

শর সংহিতা মাত্রস্যৈব কলিধর্ম্ম প্র করণীয়তয়া' নষ্টেমৃতে প্রব্রজিতে ক্লীবেচ পতিতে পতৌ। পঞ্চ স্বাপৎসু নারীণাং পতিরন্যো বিধী য়তে॥ ইতি পরাশর বচনস্য কলৌ বিধবাদি বিবাহ বিধায়কত্ব মিতিচেৎ মৈবং দেবরাচ্চ সুতোৎপত্তির্দত্তা কন্যা নদীয়তে নযজ্ঞে গোবধঃ কা- র্য্যঃ কলৌনচ কমণ্ডলুঃ॥ ঊঢ়ায়াঃ পুনরুদ্বাহং জ্যেষ্ঠাংশং গোবধ- স্তথা। কলৌ পঞ্চনকুর্ব্বীত ভ্রাতৃ জায়াং কমণ্ডলুং॥ ইত্যাদি ক্রতু সংহিতাদি পুরাণাদি নিষেধ বাক্য- স্য কলাবিতি পদঘটিততয়া বাক্য প্রকরণয়োঃ সমবায়ে বাক্যাৎ প্রক- রণস্য দুর্ব্বলত্বাৎ। তথাহি জৈমিনি- সূত্রং, শ্রুতিলিঙ্গ বাক্য প্রকরণ স্থান সমাখ্যানাং সমবায়ে পার দৌ- র্ব্বল্য মর্থবিপ্রতি কর্ষাদিতি। পরঞ্চ

শ্রুতি দ্বিতীয়াক্ষমতাচ লিঙ্গং বা-
ক্যং পদান্যেবতু সংহতানি। সা-
প্রক্রিয়া যাকথমিত্যপেক্ষা স্থানং
ক্রমো যোগবলং সমাখ্যা ॥ ইত্যাদি
শ্রুতি বিবরণাৎ॥

(অনুবাদ।)

ধর্ম্ম সঙ্কোচক ভয়ানক কলি সমাগত হইল, দেখিয়া, হিমালয় শিখরে, দেব দারু বন মধ্যগত আলয়ে' একাগ্র চিত্তে উপবিষ্ট ধর্ম্মোপদেশক ব্যাস দেবকে, ধর্ম্ম-জিজ্ঞাসু ঋষিগণ প্রশ্ন করিয়াছিলেন। হে সত্যবতী পুত্র! বর্ত্তমান কলি যুগে মনুষ্য দিগের যাদৃশ ধর্ম্মে হিতসাধন হয়, ও যে-রূপ শৌচাচার তাহাদের কর্ত্তব্য, তাহা বলুন? এই পরাশর সংহিতার প্রথমাধ্যা-য়ের প্রশ্ন; কলি ধর্ম্ম কথনের উপষ্টম্ভক। তদুত্তরে দ্বিতীয়াধ্যায়ে পরাশরও কহিয়া-ছেন, অতঃপর গৃহস্থের কলিযুগের ধর্ম্মা-চার, এবং বানপ্রস্থ্যাদি সাধারণ, অথচ শক্য,

চাতুর্ব্বর্ণ্যাশ্রমাগত যে ধর্ম্ম, তাহা বলিতেছি! সুতরাং ঐ পরাশর সংহিতা মাত্রই কলি প্রকরণীয়, এই হেত্তুবাদে, নষ্টে মৃতে প্রব্রজিতে, এই পরাশর বচনে যদিও স্পষ্টত কলিপদ নাই, তথাপি ঐবচন, প্রকরণাধীন কলি যুগেই বিধবা বিবাহ বিধায়ক। যদি এই আশঙ্কা হয় তবে এই এই হেত্তুবাদে তাহার চিরস্থায়িতা হইতে পারেনা। যথা, দেবরাচ্চ সুতোৎপত্তিঃ এবং ঊঢ়ায়াঃ পুনরুদ্বাহ মিত্যাদি ক্রতুসংহিতা, আদি পুরাণ ও বৃহন্নারদীয় পুরাণাদির নিষেধ বাক্য, কলৌ এইপদ ঘটিত হেতুক কেবল কলিপর। এস্থলে, কলি প্রকরণীয় সামান্য পরাশর বচন, কদাপি ঐ সকল পুরাণাদির বিশিষ্ট নিষেধক বাক্য অপেক্ষায় বলবৎ হইতে পারেনা। জৈমিনসূত্রার্থ দ্বারা, বাক্য হইতে প্রকরণের দৌর্ব্বল্য প্রতিপন্ন হইয়াছে, জৈমিনি সূত্রার্থ„ শ্রুতি, লিঙ্গ, বাক্য, প্রকরণস্থান,

সমাখ্যা এই সমুদায়ের যদি একত্র মীলন হয়। অর্থাৎ এক বিষয়ে বিষয় ঘটে, তবে ঐ সূত্রের পাঠ ক্রমের পরস্থিত, প্রথমাপেক্ষায় দুর্ব্বল হয়। শ্রুতি হইতে লিঙ্গ; শ্রুতিলিঙ্গ হইতে বাক্য; তদ্রূপ শ্রুতি লিঙ্গ বাক্যহইতে প্রকরণ দুর্ব্বল,) অর্থাৎ পূর্ব্বস্থিত বিধির বিষয়ে বিষয় করিতে পারেনা। ইহার দৃষ্টান্ত দ্বিতীয় শ্রুতি; যথা' ঐন্দ্র্যা গার্হপত্য মুপতিষ্ঠতে" ইতি শ্রুতিঃ। এই শ্রুতিতে' ঐন্দ্রী' এই শব্দে ইন্দ্রসম্বন্ধীয়া ঋকুকে বুঝায়' সুতরাং ঐ মন্ত্র লিঙ্গাধীন ইন্দ্রের উপস্থিতি হয়, গার্হপত্যং' এই পদের কর্ম্মতাবোধক দ্বিতীয়ায় এস্থলে গার্হপত্য দেবতা কর্ম্মকত্বই, উপস্থানে বোধ হইতেছে, বিধায়' দ্বিতীয়া শ্রুতি হইতে মন্ত্র লিঙ্গ দুর্ব্বল হইল। তজ্জন্যই গার্হপত্য কর্ম্মের লাভ হইল, মন্ত্রলিঙ্গ ইন্দ্রের উপস্থান বোধ হইতে পারিলনা। এই প্রকার দৃষ্টান্ত স্থল অনেক আছে, তাহা লিখিলে অনেক



639

বাহুল্য হইয়া উঠে।

বিদ্যাসাগর' আপন পুস্তকের। ৬। ৭। ১২। ১৩। ১৪। ৪৩। ১৬৭। পৃষ্ঠায় বারং বার 'নষ্টেমৃতে, এই পরাশর বচন বিধবা বিবাহে যে প্রমাণ দিয়াছেন, তাহা মীমাংসা সূত্রের সিদ্ধান্তমতে কোন রূপেই কলিযুগে বিধবাদি বিবাহ বিধায়ক হইতে পারেনা।

সংস্কৃত

নচ। সকৃৎ প্রদীয়তে কন্যা হরং স্তাং চৌরদণ্ড-ভাক্। ।দত্তামপি হরেৎকন্যাং শ্রেয়াং শ্চেৎবরআব্র জেদিতি। নারদেন যস্যাঃকস্মৈচিৎ বাগ্দানং কৃতং ততঃ শ্রেয়োবর প্রাপ্তৌতস্যাঃ শ্রেয়সে বরান্তরায় পুনর্দান মুক্তংতস্যৈব কলৌ নিষেধ কং দত্তাকন্যা নদীয়ত ইতি ক্রতু বচনং। দত্তায়াশ্চৈব কন্যায়াঃ পুন র্দানং বরস্য চেত্যাদি বৃহন্নারদীয় পুরাণাদি বচন মপ্যস্তু ইতি বাচ্যং।

আরো' বিদ্যাসাগর স্বীয় পুস্তকের ১০।১১।১২। পৃষ্ঠায় বলিয়াছেন যে' সকৃৎ প্রদীয়তে কন্যা; এই নারদ বচনের অভিপ্রায় এইযে' লোকে একবারই কন্যাদান করিবে, যদি দান অর্থাৎ (বাগ্দান) এক বার করিয়া পুনর্ব্বার হরণকরে, এতাবতা ঐ বাগ্দত্তা কন্যাকে অন্যবরে দানকরে, তবে ঐ ব্যক্তি চৌরদণ্ড ভাগী হইবে। কিন্তু যদি পূর্ব্ববর অপেক্ষায় শ্রেষ্ঠবর প্রাপ্তহওয়া যায়, তবে ঐ পূর্ব্বপ্রতিজ্ঞাত বরকে কন্যাদান নাকরিয়া' ঐ পরপ্রাপ্ত শ্রেষ্ঠবরে কন্যা দান করিবে। এই নারদ বচনোক্ত পুনর্দান' দত্তাকন্যা নদীয়তে; এই ক্রতু সংহিতা বচন ও দত্তায়াশ্চৈব কন্যায়াঃ পুনর্দানং বরস্যচ, ইত্যাদি বৃহন্নারদীয়পুরাণাদি বচন দ্বারা কলিযুগে নিষিদ্ধ হইয়াছে? ইহা সংগত হইতে পারেনা।

সংস্কৃত

ঊঢ়ায়াঃ পুনরুদ্বাহং জ্যেষ্ঠাংশং গো-

৬৭১

বধন্তথেত্যাদি প্রাগুক্তাদি পুরাণ বচনৈকবাক্যতয়া দত্তাপদস্য বিবাহ সংস্কৃতাপরত্বাৎ, ব্রাহ্ম্যাদিষু বিবাহেষু পঞ্চ স্বেষ-বিধিঃস্মৃতঃ গুণাপেক্ষং ভবেৎ দানং নাস্থরাদিষুচত্রিষু ,, ইত্যনেন যুগচতুষ্টয় সাধারণ্যেন যাজ্ঞবল্ক্যেন সকৃৎ প্রদীয়তে কন্যেত্যাদে র্মীমাংসিতত্বাচ্চ, মুখ্যেশব্দঃ স্বরস ইতি জৈমিনি সূত্রাৎ লক্ষণাবীজীভূতস্য মুখ্যার্থ বাধাদেরসত্বাচ্চ, দত্তা পদস্য বাগ্দত্তায়াং। নদীয়ত ইতিদাধাতোশ্চ তাদৃশ স্থলীয় দান বিশেষে, লক্ষণায়া অন্যায্যত্বাৎ। দত্তাকন্যানদীয়তে ইত্যাদেরাস্থরাদি বিবাহ ত্রয়ে কলৌ নারদোক্ত বাগ্দত্তা পুনর্দ্দান নিষেধ পরতা বিবক্ষয়া কলৌবিধবাবিবাহোপপাদনস্যাতীব হাস্যাস্পদ তাপত্তেশ্চ। অস্মাকন্তু দত্তাপদংন লাক্ষণিকমিতি॥

## অনুবাদ।

ঊঢ়ায়াঃ পুনরুদ্বাহং' মিত্যাদি আদি পুরাণ বচনেরও দত্তা কন্যানদীয়তে, ক্রতু-বচনের সহিত এক বাক্যতা প্রযুক্ত, দত্তা-পদ, ঊঢ়া, অর্থাৎ বিবাহ সংস্কৃতা স্ত্রীপর! এক বাক্যতা, (এক বিষয়কতা) সম্ভবস্থলে বাক্য ভেদ (বিষয় ভেদ) স্বীকার করা যুক্তি বিরুদ্ধ, তাহার বীজ' নিষেধ বিধি দ্বয় কল্পনাপত্তি হয়। যদি বল? এক বাক্যতা—সম্ভব—স্থলেই এক—বাক্যতা করা উচিত, কিন্তু এস্থলে এক—বাক্যতা উচিত হয়না, কারণ এইযে, শ্রেয়োবর প্রাপ্ত হইলে একবরে বাগ্দত্তা কন্যাকে অন্য বরে দান করিতে পারে, এই উত্তরার্দ্ধের অর্থে, সকৃৎ প্রদীয়তে কন্যা অর্থাৎ এক বার কন্যাদান করিবে, এইপূর্ব্বার্দ্ধেরনির্গুণপর তাহইয়া সংকোচ হয়, তদপেক্ষা দত্তাকন্যা নদীয়তে, ইহার সহিত এক বাক্যতায় যুগভেদ পর বলিলেই ভাল হয়। তাহাতেও

দোষান্তর উপস্থিত হয়, কেননা ব্রহ্ম্যাদি-ষিতি বচনদ্বারা' যাজ্ঞ্যবল্ক্য; সকৃৎ প্রদীয়তেকন্যা, এই নারদবচনের ইহাই মীমাংসা করিয়াছেন যে' ব্রহ্ম্যাদি বিবাহ পঞ্চকে সকৃৎ (একবার) দান বিধি, আর আসুরাদি বিবাহত্রয়ে ঐ সকৃদ্দান বিধিনয়, ঐ বিবাহ ত্রয়ে গুণাপেক্ষ দান করা যে উক্ত হইয়াছে তাহা যুক্তি যুক্তও বটে। যেহেতু' আসুর' রাক্ষস' ও পৈশাচ এই বিবাহত্রয়ে লৌকিক নিমিত্তেও দানকরিতে হয়। তথাচ'আসুরো দ্রবিণাদানাৎ, এই বচনানুসারে কন্যার্থে ধন গ্রহণ করিয়া যে কন্যাদান করে অর্থাৎ বিবাহ দেওয়া হয় তাহার নাম আসুর, ঐ বিবাহে যে বরেরনিকটে অধিকতর ধনলাভ হয়, সেইবরেই কন্যাদান করে, সুতরাং তাহাতে বাগ্দানের নিয়ম থাকিতে পারেনা। তাদৃশ পৈশাচঃ কন্যকাচ্ছলাৎ; অর্থাৎ ছল করিয়া যে ব্যক্তি' কন্যা লইয়াযায় সেই ব্যক্তিকে ঐ কন্যাদানকরা, এই অনিশ্চিত বিষয়েতে

ও বাগ্দান সম্ভবেনা। পরন্তু 'রাক্ষসোযুদ্ধ হরণাৎ, অর্থাৎ যুদ্ধদ্বারা কন্যাকে অপহ-রণ করিলে ঐ অপহর্ত্তাকে ঐ কন্যাদান করার নাম রাক্ষস বিবাহ, তাহাতেও বাগ্দানের স্থৈর্য্য হইয়া উঠেনা। সুতরাং যাজ্ঞ্যবল্ক্যের মীমাংসামতে ঐ নারদ বচন যুগভেদে স্বীকার করায় প্রয়োজন দেখা-যায়না, মতে তাহা যুগভেদে স্বীকার্য্য হই-তে পারেনা। তাহাতে আরো এক হেতু এই যে' উদ্বাহতত্ত্বে রঘুনন্দন ভট্টাচার্য্য' সকৃৎ প্রদীয়তে কন্যেত্যাদি বচন উল্লে-খ করিয়া তাহার পরেই সন্দেহ নিরাসা-র্থে ব্রাহ্ম্যাদিষু বিবাহেষু, এই বচন প্র-মাণিত করিয়াছেন এবং তাহার অর্থ প্র-কাশার্থে। দত্তাং (বাগ্দত্তাং) এষবিধিঃ (সকৃদ্দান বিধিঃ) এই রূপ অর্থও করিয়া-ছেন। ইহাতে' দত্তামপিহরেৎ কন্যাং শ্রে-য়াংশ্চেদ্বর আব্রজেৎ। এইস্থলে যিনি বা-গ্দত্তার সামান্যত দান প্রাপ্ত বলিয়াছেন,

645

বোধ হয় তিনি এই উদ্বাহতত্ত্বও নারদ-বচনে দৃষ্টিপাত করেন নাই, তাহা করিয়া থাকিলে কখন ঐ রূপ মীমাংসা করিতে পারিতেন না। তবে তাহাতে যদি এই রূপ বলাযায় যে, সংহিতা কর্ত্তার ঐ রূপ মীমাংসা হইলেও‘ আস্থরাদি বিবাহত্রয়ে যেগুণাপেক্ষ বাগ্দত্তার পুনর্দান’ তাহারই নিষেধক। তাহা সংগত হয়না; কেননা; মুখ্যে শব্দঃ স্বরসঃ, এই জৈমিনি সূত্রের অ-ভিপ্রায় এই; শব্দের মুখ্যার্থের অন্বয় সম্ভব হইলে লক্ষণা হইবেনা, অন্যথা সর্ব্বত্রই বিধি নিষেধের বৈপরিত্য হইতে পারে। যদি মুখ্যার্থে অন্বয়ের বাধাদি থাকে, তবেই ল-ক্ষণা হয় এস্থলে তাহারও ঘটনা হইতে পা-রেনা। সুতরাংই ‘দত্তাকন্যা নদীয়তে, এই বচনের দত্তাপদের বাগ্দত্তায় লক্ষণা, এবং ‘নদীয়তে, এইস্থলীয় দান নিষেধেরও আ-সুরাদি বিবাহ বিয়য়ক গুণাপেক্ষ দান বিশে-ষে’ লক্ষণা হইতে পারেনা। পরন্তু, দত্তা-

কন্যানদীয়তে, এই মনু বচনের বিষয় নারদোক্ত আসুরাদি বিবাহে বাগ্দত্তার পুনর্দান নিষেধক হইতে পারেনা, হেতুবাদ এই, ঐ নারদোক্ত আসুরাদি অপকৃষ্ট বিবাহত্রয়ে আদৌ বাগ্দত্তার পুনর্দানই সম্ভবেনা। সুতরাং 'তন্নিবন্ধন নিষেধে লক্ষণা সামান্যহাস্যাস্পদ নয়, তবে বিবাহিতারই পুনর্ব্বার প্রসস্ত অষ্টপ্রকার বিবাহ হইবে? যেহেতু' দত্তাপদের ঊঢ়াস্ত্রীতে লক্ষণা করিতে হয়না, স্বভাবতই দত্তাপদে বিবাহিতাস্ত্রীকে বোধ করায়। তাহাও শিষ্টাভিপ্রেত হয়না, তদ্বিষয়ে কারণ এই, ঊঢ়ায়াঃ পুনরুদ্বাহং এই বচনে বিবাহিতার পুনর্ব্বিবাহ নিষেধ করা হইয়াছে, ঐ বচনের সহিত সকল বচনেরই এক বাক্যতা আছে। এই সকল হেতুবাদে' দত্তাপদ, বাগ্দত্তা পর, এবং দাধাত্ত আসুরাদি বিবাহ পর বলিতে পারা যায়না। অতএব দত্তাকন্যার সামন্যতই দান নিষেধ,। ইহাই প্রচুর মীমাংসা লব্ধ;

647

কোন সন্দেহ নাই।।

সংস্কৃত।

নচঊঢ়ায়াঃ পুনরুদ্বাহ মিত্যাদ্যাদি পুরাণবচন মমূল মিতি বাচ্যং। পরাশর ভাষ্যে মাধবাচার্য্যৈর্ধৃতত্বাৎ। নচ শ্রুতি স্মৃতি পুরাণানাং বিরোধো যত্র দৃশ্যতে। তত্র শ্রৌতং প্রমাণংস্যাত্তয়োর্ম্মধ্যে স্মৃতির্বরেতি ব্যাস স্মরণাৎ পরাশর স্মৃতিত আদি পুরাণ বৃহন্নারদীয় পুরাণাদি বচনস্য দুর্ব্বলত্বমিতিবাচ্যং। দেবরেণ সুতোৎপত্তির্দত্তাকন্যানদীয়তে, ইত্যাদি ক্রত্তস্মৃতি-নিষেধ-বাক্যৈক বাক্যতয়া দুর্ব্বলত্বাযোগাৎ। প্রকরণ সাম্যে প্রাগুক্ত মনুস্মৃতের্বলবত্ত্বেন তদৈক বাক্যতয়া পুরাণ বচনানাং পুনর্ব্বলবত্ত্বাচ্চ ।।

( অনুবাদ )

বিদ্যাসাগর' স্বীয় পুস্তকের ৪৪ পৃ-

ষ্ঠায় উক্তিকরিয়াছেন যে "ঊঢ়ায়াঃ পুনরুদ্বাহং" ইত্যাদি আদি পুরাণাদি বচন নির্ম্মূল, আদি পুরাণ সম্পূর্ণ পাঠ করিলেও ঐ বচনের দর্শন ঘটেনা ? তদ্বিষয়ে আমার বক্তব্য এইযে যেবিষয় প্রামাণিক প্রমাণ দ্বারা প্রমাণিত হয়নাই তাহাকেই নির্ম্মূল বলিতে হয়। কিন্তু এই আদি পুরাণ বচন মাধবাচার্য্য কর্ত্তৃক পরাশর ভাষ্যে ধৃত হইরাছে, ইহাতে এই বচন সমূল ব্যতিরেকে নির্ম্মূল বলা অতিশয় ন্যায় বিরোধী মত। আর সম্পূর্ণ আদিপুরাণ পাঠ করিলেও যে এই বচনের দর্শন নাঘটা বলাহইয়াছে, তাহাও সর্ব্বতোভাবে ঐ বচনের মূলোচ্ছেদের কারণ হইতে পারেনা। এই কথায় বিদ্যাসাগরের একরূপ ঐপুরাণ দর্শন ও পাঠ না করাই প্রতীত হইতেছে, কেননা' যখন মাধবাচার্য্য এই বচন আদিপুরাণীয় বলিয়া পরাশর ভাষ্যে প্রমাণোল্লেখ করিয়াছেন। এবং অন্যান্য পুস্তকে দেখা যাইতেছে।

৬৭

তখন যদিও কোন পুস্তকে লেখকের অনবধানতায় এই বচন লিপিবদ্ধ নাহইয়া থাকে তথাপি সেই পুস্তক অসম্পূর্ণ বলা ব্যতীত এই বচন নির্ম্মূল বলিতে পারাযায়না। বিদ্যাসাগর অপর একটি আশ্চর্য্য কথা কহিয়াছেন' আদি পুরাণ যেরূপ প্রণালীতে সঙ্কলিত হইয়াছে, তাহাতে ঐবচনের উল্লেখ সম্ভবের স্থল হইতে পারেনা? ইহা বড় বিস্ময় জনক বোধ হইতেছে। কেননা, মাধবাচার্য্য প্রসিদ্ধ মহাজন তিনি বেদের সপ্তশাখা এবং সংহিতা সকলের ভাষ্য করিয়া অর্থ প্রকাশ করিয়াছেন, যদ্দ্বারা বেদ শাখা ও সংহিতা শাস্ত্রের মীমাংসা হইতেছে। তিনি যে এই বচন নির্ম্মূল হইলে ইহাকে পরাশর ভাষ্যে প্রমাণ বলিয়া উল্লেখ করিতেন ইহা বিশ্বাস যোগ্য হইতে হয়না, যেহেতু তিনি পক্ষপাতী বা বিষম দোষ দুষ্ট ছিলেন না। সুতরাং সেই মহান্ আচার্য্য যখন এই আদি পুরাণ বচনকে স্বীকার করিয়াছেন,

তখন তাহার নির্ম্মুলতা প্রতিপাদনের নিমি-ত্তে কতগুলি আনুমানিক বিতর্ক বিন্যাস করা কেবল ভ্রান্তির জাল রিস্তার করা ভিন্ন আর কি বলা যাইতে পারে। কিন্তু ঐ আদি পুরাণ বচন নির্ম্মূল হইলেই যে বিধবা বিবাহের বিধান হইয়া উঠে তাহাও নহে। পরন্তু, বিদ্যাসাগর স্বীয় পুস্তকের ১৪।৪৪ পৃষ্ঠায় আরো বলিয়াছেন,' শ্রুতি স্মৃতি' পুরাণের বিরোধ উপস্থিত হইলে পুরাণাপেক্ষায় স্মৃতির ও স্মৃতি অপেক্ষায় শ্রুতির প্রবলতা, এই ব্যাস বচনানুসারে, পরাশর স্মৃতির বিরোধে আদিত্য ও আদি পরাণাদির বচন কখন পরা-শরোক্ত বিধবা বিবাহের নিষেধক হইতে পারেনা। এবড় প্রমাদ,, দেখুন' ব্যাসবচ-নের অর্থে প্রতীতি হইতেছে যে' স্মৃতি অপেক্ষায় পুরাণ দুর্ব্বল সত্য কিন্তু এস্থলে ক্রতুসংহিতা ও কলিপ্রকরণীয় মনুসংহিতার সহিত এই পুরাণ বচনের এক বাক্যতা থাকা প্রযুক্ত ঐ দুর্ব্বলতা ঘটিতে পারেনা।



৬৫১

বিশেষতঃ (নষ্টে মৃতে) এই পরাশর বচনের ভাষ্যে মাধবাচার্য্যও স্পষ্টতই বলিয়াছেন যে ঐ পরাশরোক্ত বিধবাদি বিবাহ যুগান্তরীয় বিষয়। বিধবাদি বিবাহ কলিযুগেনিষিদ্ধ তাহা পূর্ব্বেই মন্বাদি সংহিতা বচনদ্বারা মীমাংসিত করা হইয়াছে পুনরুক্তির প্রয়োজনাভাব ॥

সংস্কৃত।

নত্বেবং কৃতেতুমানবোধর্ম্ম স্ত্রেতায়াং গৌতমঃস্মৃতঃ। দ্বাপরেশঙ্খ-লিখিতঃ কলৌপারাশরঃস্মৃত ইতি পরাশর স্মরণাৎকলৌ পরাশর ধর্ম্মস্যানুষ্ঠেয়ত্ব বোধনাৎ। কলি-যুগানুষ্ঠেয় ধর্ম্মে মনুক্রতু বচনানাংবলবত্ত্বাভাবাৎ কথংতদৈক বাক্যতয়া পুরাণবচনানাং বলবত্ত্বমিতিচেৎ ॥

( অনুবাদ )

বিদ্যাসাগর স্বীয়পুস্তকের ১১৭। ১১৯। ১২০। ১৩১। পৃষ্ঠায় বারম্বার ব-

লিয়াছেন এবং সিদ্ধান্ত করিয়াছেন যে' প-
রাশর বচনে নিশ্চয় বোধহয়; মন্বাদি শাস্ত্র
সিদ্ধ ধর্ম্ম সত্যাদিযুগে লোকের অনুষ্ঠেয়
ছিল, কলিযুগে পরাশরোক্ত ধর্ম্মই অনুষ্ঠেয়।
সুতরাং যুগান্তরীয় শাস্ত্রাপেক্ষায় কলিযুগে
কলিযুগানুষ্ঠেয় ধর্ম্মরোচক পরাশর শাস্ত্রই
প্রবল, মন্বাদি শাস্ত্র কলিযুগে তাদৃশ প্রবল
নহে এমতাবস্থায় যুগান্তরীয় মনুক্রতু বচনের
এক বাক্যতাবশত প্রকৃতশাস্ত্র হইতে ঐ পু-
রাণ বচনের প্রবলতা হইবে কেন? পরাশর
বচনার্থ, সত্যযুগে, মনূক্তধর্ম্ম অনুষ্ঠেয়। ত্রে-
তাযুগে' গৌতমোক্তধর্ম্ম অনুষ্ঠেয়। দ্বাপরে,
শঙ্খলিখিত প্রণীত এবং কলিতে পরাশর
ধর্ম্মই অনুষ্ঠেয়॥

সংস্কৃত।

নৈবংকলৌপারাশরস্মৃত ইত্যস্য ক-
লিযুগজনশক্যানুষ্ঠানকানাং ভূয়সাং
পরাশরধর্ম্মাণাং কলাবনুষ্ঠেয়ত্বে তা-
ৎপর্য্যাৎ। নতুমন্বাদি নিষিদ্ধানাং।

653

অতএব তপোজ্ঞান সমাযুক্তাঃ কৃত-
ত্রেত্তাদিকেনরাঃ। দ্বাপরেচ কলৌ
নৃণাংশক্তি হানির্হিনির্ম্মিতা। ইত্যা-
দিনা নান্যস্মিন্ বিধবানারী নিযো-
ক্তব্যা দ্বিজাতিভি রিত্যাদি মনুবচ-
নং কলৌনিয়োগ নিষেধ পরতয়া বৃ-
হস্পতিনা স্বীয়সংহিতায়াং ব্যাখ্যা-
তং অন্যথা ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব-
দত্তঃ কৃত্রিমকঃসুতঃ। ইতি পরাশর
বচনানুসারেণ কলৌ ক্ষেত্রজপুত্রস্যা-
পি স্বীকারাপত্ত্যা বৃহস্পতি বচনস্যা
সঙ্গত্যভিধানত্বাপত্তেঃ। অতএবচ
অন্যেকৃতযুগেধর্ম্মা স্ত্রেতায়াংদ্বাপ-
রেপরে। অন্যেকৃত যুগেধর্ম্মাযুগহ্রা-
সানুরূপত ইতি। ধর্ম্মং সাধারণং
শক্যং চাতুর্বর্ণ্যাশ্রমাগত মিতিচ প-
রাশরেণৈবোক্তং। এতদভি প্রে-
ত্যৈবং‘ বসন্তঃ পুষ্পসময়ইত্যাদি ব-
দিতি মাধবাচার্য্যৈ রুক্তমিতি।।

( অনুবাদ। )

ঐ সিদ্ধান্তপ্রচূর হইতে পারেনা। কেননা কলৌ পারাশরঃস্মৃতঃ" এই বচনের তাৎপর্য্য এইযে' অল্পায়াস সাধ্যকর্ম্মই কলিযুগে মনুষ্যের অনুষ্ঠানশক্য, পরাশর অল্পায়াস সাধ্য কর্ম্মই অধিকতর কহিয়াছেন মতে পরাশরোক্ত অধিকতর কর্ম্মই কলিতে ধর্ম্ম লক্ষণে অনুষ্ঠেয়। কিন্তু ঐ পরাশরোক্ত যে কর্ম্ম বা ধর্ম্ম মন্বাদি শাস্ত্রাভিপ্রায়ের বিপরীত তাহা কলিতে অনুষ্ঠেয় নহে। যেহেতুক, বৃহস্পতি-স্বীয় সংহিতায় 'নান্যস্মিন বিধবা-নারী" এই নিয়োগ নিষেধক মনুবচন কলিযুগে নিয়োগ নিষেধক বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। আরো, যদি কলিতে মনুচবন দুর্ব্বল হয়। তবে' ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব" এই পরাশর বচনোক্ত ক্ষেত্রজপুত্রও কলিযুগে স্বীকার করিতে হয়। এবং বৃহস্পতি বচনেরও বৈয়র্থ্যাপত্তি হইয়াউঠে। এইহেতু বাদেই "অন্যে কৃতযুগেধর্ম্মা„ এইবচনে যু-

গন্থাসানুরূপে কলিযুগের ধর্ম্ম ভিন্ন করিয়া বলা হইয়াছে। তাহার তাৎপর্য্য এই, কলিযুগের মনুষ্য সকল শক্তিহীন বিধায় অল্পায়াস সাধ্য কর্ম্মেই সক্ষম। এবং প্ররোচনায় পরাশরও দ্বিতীয়াধ্যায়ে "ধর্ম্মং সাধারণং শক্যং" এই বচনে শক্য এই পদের প্রয়োগ করিয়াছেন। বিশেষতঃ মাধবাচার্য্য পরাশর ভাষ্যে পরাশর ধর্ম্মের কলিযুগে গ্রাহ্যতা বিষয়ে এই দৃষ্টান্ত দর্শাইয়াছেন, যে' বসন্তঃ পুষ্পসময়, বসন্তকাল পুষ্পের সময় ঐ রূপ কলৌ পরাশরঃস্মৃতঃ" কলিতে পারাশর ধর্ম্ম। অর্থাৎবসন্তকালে যেমত পুষ্পাতিরিক্ত অন্যান্য রূপ সাময়িক ফল ও মুনিপুষ্পপ্রভৃতি অনেক পুষ্পেরও অভাব দেখাযায়। সেইমত কলিতে কলিযুগাধি করণক পারাশর ধর্ম্মও মন্বাদি শাস্ত্রের অবিরোধি করিয়া কলিযুগজনের অনুষ্ঠেয় বোধ করিতে হয়।

সংস্কৃত।

মনুকল্পৌপারাশরঃস্মৃতঃ। ইতি প-
রাশর স্মৃতিত স্তপোজ্ঞান সমাযুক্তো
ক্লত ত্রেতাদিকে ইত্যাদি মনুবচন
ব্যাখ্যানরূপ বৃহস্পতি বচনস্য কুতো
বলবত্ত্বমবধারিতং যত্তদনু রোধেন
ক্ষেত্রজ পুত্রবিষয়ক পরাশর বচনস্য
যুগান্তর বিষয়কত্ব মুচ্যতইতিচেৎ।
নাস্মাভিঃ পরাশরস্মৃতিতো বৃহস্পতি
স্মৃতের্ব্বলবত্ত্ব মুক্তং অপিত্ত কলৌ
পরাশরঃস্মৃত ইতি পরাশর বচনার্থ
তাৎপর্য্য নির্ণয়ে ভগবদ্বৃহস্পতি
ব্যাখ্যাং প্রমাণী কুর্ম্মহে। প্রায়সো
মনুবাক্যেষু মুনিব্যাখ্যা মহং লিখন্।
নাপরাধ্যোস্মি বিদুষাং ক্কাহং সর্ব্ব-
বিদঃ কুধী রিতি কুল্লূক ভট্টোক্তি
বদিতি॥

( অনুবাদ )

যদিবল? কলৌপারাশরঃস্মৃত” এই
পরাশর বচনে কলিযুগে পরাশরোক্তধর্ম্ম,

ইহাই বোধ হইতেছে, এস্থলে কিহেত্তবাদে তদপেক্ষায় মনুব্যাখ্যারূপ বৃহস্পতি বচনের বলবত্তা অবধারণ করাযাইবে যে, তদনুরোধে "ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব" ইত্যাদি পরাশর বচনোক্ত ক্ষেত্রজপুত্র যুগান্তরে বলা হইবে? তাহাতে আমার অভিপ্রায় এইযে' আমি পরাশরস্মৃতি হইতে বৃহস্পতি ব্যাখার বলবত্তাবলিনাই। কেবল' কলৌপারাশরঃস্মৃতঃ, এই বচনানুসারে কলিযুগে পরাশরোক্ত ধর্ম্ম কিমাকারে গ্রাহ্য তাহাই প্রকাশ করিবার নিমিত্তে ভগদ্বৃহস্পাতি ব্যাখ্যাকে প্রমাণোল্লেখ করিয়াছি। তদ্বিবরণ এইযে' ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব দত্তঃ কৃত্রিমকঃ সুতঃ" এই পরাশর বচনে ক্ষেত্রজপুত্র উক্ত হইয়াছে, যদি পরাশর, কেবল কলিযুগের ধর্ম্মই বলিয়াছেন যুগান্তরের নয় ইহাই তাৎপর্য্যার্থ হইত তবে বৃহস্পতি, নান্যাস্মিন্ বিধবানারী নিয়োক্তব্যা দ্বিজাতিভিঃ" এই মনুবচন কলিযুগে নিয়োগ নিষেধ পর বলিয়া ব্যাখ্যা করিতেননা।

যখন বৃহস্পতি ঐ মনুবচন কলিযুগে নিয়োগ নিষেধক বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। তখন পরাশরোক্ত ক্ষেত্রজপুত্র কলিতে অবশ্য নিষিদ্ধ বলিতে হইবে। এস্থলে কলৌপারাশরঃস্মৃত, এই বচনে যে সামান্যতই পরাশর ধর্ম্ম কেবল কলিরই অনুষ্ঠেয় এই মিমাংসা করিতে হয়না। সুতরাং ঐপরাশর বচনের তাদৃশ (অর্থাৎ কেবল কলিতেই) তাৎপর্য্য বৃহস্পতি ব্যাখ্যার বিরুদ্ধ হইল। এই সকল বিষয় দর্শাইবার নিমিত্তেই। বৃহস্পতি ব্যাখ্যাকে তদ্বিষয়ে প্রমাণ দিয়াছি, যথা মনুব্যাখ্যায় কুল্লূকভট্ট বৃহস্পতি—প্রভৃতির ব্যাখ্যাও তাৎপর্য্য প্রমাণ স্বরূপে উল্লেখ করিয়াছেন ॥

সংস্কৃত।

এতেন' কৃতেতুমানবোধর্ম্ম ইত্যস্যাপি তপআদি মনূক্তধর্ম্ম সমুদায়ঃ কৃতযুগে তদানীন্তন জন শক্যতয়া অনুষ্ঠেয় আসীৎ ইত্যেবার্থঃ, + নতু

যুগান্তরে, নানুষ্ঠেয় ইতি। অতএব প্রভাসাদীনি তীর্থানি গঙ্গাদ্যাঃ সরিতস্তথা বিপ্রস্যদক্ষিণেকর্ণে সান্নিধ্যংমনুরব্রবীৎ ইতি। সপ্তমাধ্যায়ে, তস্যানুরূপং মূল্যস্বা দদ্যাদিত্যব্রবীন্মনুরিতি। মনুনাচৈব মেকেন সর্ব্বধর্ম্মাণি জানতা। প্রায়শ্চিত্তংহি তেনোক্তং গোষু চান্দ্রায়ণঞ্চরেদিতি নবমাধ্যায়ে। শুষ্কান্নং গোরসং ধান্যংশূদ্রবেশ্মন আগতং। পক্বং বিপ্র গৃহেপূতং ভোজ্যং তন্মনুর ব্রবীৎ। ইতি একাদশাধ্যায়েচ ভগবতা পরাশরেনোক্তমিতি॥

( অনুবাদ )

এইহেতুক, কৃতেতু মানবোধর্ম্ম, এ বচনের এই অর্থ, যে সত্যাদিযুগে লোকের বিশেষ শক্তি থাকা প্রযুক্ত মনূক্ত তপঃ প্রভৃতি বহ্বায়াস সাধ্যকর্ম্মও ধর্ম্ম সমুদায়ই সত্যাদিযুগে লোকের অনুষ্ঠেয় ছিল। কিন্তু

যুগান্তরে ঐ প্রসিদ্ধ মনূক্ত ধর্ম্ম অনুষ্ঠেয়নয়. এই প্রকার অর্থ করিতে হইবেনা। যেহেতু ঐপরাশরই স্বীয় সংহিতার' সপ্তম, নবম, একাদশাধ্যায়ে মনূক্তির অনুবাদ করিয়াছেন। ইহাতে অবশ্য বলিতে পারাযায় যে যদি মনু কেবল সত্যযুগ মাত্রেরই ধর্ম্মবক্তা হইতেন। এবং পরাশয় কেবল কলিযুগ মাত্রের ধর্ম্মবক্তা হইতেন তবে পরাশরের মনূক্তির অনুবাদ করিবার কি প্রয়োজন ছিল। ঐসকল বচনার্থ-স্পষ্ট আছে ।।

সংস্কৃত।

ইদংপুনরিহাবধেয়ং। কলৌপারাশরঃস্মৃতঃ। ইত্যত্রপারাশরত্ব ঘটকীভূত পরাশরোনৈতৎ সংহিতা বক্তৃ পরাশরঃ। অপিত্ত কল্পান্তরীয় পরাশরএব। অতোযত্র যত্র কলিধর্ম্মঃস্বীয়সংহিতায়াং পরাশরেণোক্তস্তত্রতত্র পূর্ব্বকল্পীয় পরাশরোক্তিরনুবাদীকৃতা। যথা প্রথমা-

199

ধ্যায়ে। পরাশরেণ চাপ্যুক্তং প্রায়শ্চিত্তং বিধীয়তে। অহমদ্যৈব তদ্ধর্ম্মমনুস্মৃত্য ব্রবীমিবঃ ইতি। দ্বিতীয়াধ্যায়েপি অতঃপরং গৃহস্থস্য ধর্ম্মচারং কলৌযুগে। ধর্ম্মং সাধারণং শক্যং চাতুর্ব্বর্ণ্যাশ্রমাগতং॥ সংপ্রবক্ষ্যাম্যহংপূর্ব্ব পরাশরবচো যথা ইতি। পুনস্তৃতীয়াধ্যায়ে অতঃশুদ্ধিং প্রবক্ষ্যামি জননে মরণে তথা। দিন ত্রয়েণ শুদ্ধন্তি ব্রাহ্মণাঃ প্রেতসূতকে॥ ক্ষত্রিয়ো দ্বাদশা হেন, বৈশ্যঃ পঞ্চদশাহিকৈঃ। শূদ্রঃশুদ্ধতি মাসেন পরাশর বচোযথেতি। ষষ্ঠাধ্যায়েপি অতঃপবং প্রবক্ষ্যামি প্রাণি হত্যাসু নিষ্কৃতিং পরাশরেণ পূর্ব্বোক্তাং মন্বর্থেপিচ বিস্তৃতামিতি। পুনঃ সপ্তমাধ্যায়েপি অথাতো দ্রব্য সংশুদ্ধিং পরাশর বচোযথেতি। নবমধ্যায়েপি উক্তং পরাশরেণৈব

ছেকপাদং যথা বিধিরিতি। পুনর্দ-
শমাধ্যায়ে গোদ্বয়ং দক্ষিণাং দদ্যা-
দিতি পারাশরোঽব্রবীদিতি যত্রচ
চতুর্থাধ্যায়ে ক্ষেত্রজপুত্রাদি বিধবাদি
বিবাহশ্চ সংহিতাকৃতা উক্তস্তত্র প-
রাশরস্য নামাপিনোল্লেখিতং উক্তঞ্চ
তত্র শঙ্খস্য বচনং যথেতি এবঞ্চ চ-
তুর্থাধ্যায়ে তদধ্যায়স্য ওঘবাতাহৃতং
বীজমিত্যাদি বচনপূর্ব্বংবা শঙ্খস্য
বচনং যথেত্যন্তং তদধ্যায়েচ নির্ব্বি-
বাদং। পরাশরোক্ত কলিধর্ম্মানুবৃত্তি
নিবৃত্তের্নষ্টেমৃতে প্রব্রজিতে ইত্যা-
দি পরাশর বচনে নকলি প্রকরণী
য়ত্বমপীতি ॥

( অনুবাদ। )

(কলৌপারাশরঃস্মৃতঃ এইস্থলে পারা-
শরত্ব ঘটক যেপরাশর তাহাকে বোধ করিতে
হইবে। এই সংহিতাকর্ত্তা পরাশর পৃথক্।
সেই পরাশর পূর্ব্বকল্পীয় যেহেতু, সংহিতা



663

বক্তা পরাশর আপন সংহিতার অনেক অধ্যায়ে সেই পূর্ব্ব কল্পীয়পরাশরের বচনানুবাদ করিয়াছেন, । যথা, প্রথমাধ্যায়ে, পরাশর যে প্রায়শ্চিত্ত্ব বিধি বলিয়াছেন, আমি তাহার অনুস্মরণানুসারে অদ্য তোমারদিগকে সেই ধর্ম্ম বলি । দ্বিতীয়াধ্যায়ে' পূর্ব্ব পরাশর যেমত কহিয়াছেন আমিও সেইমতে কলিধর্ম্ম বলিতেছি । এমনই যে যেস্থলে সংহিতাবক্তা পরাশর কলিধর্ম্ম বলিয়াছেন সেই সেইস্থলেই পূর্ব্বকল্পীয় পরাশর বাক্যের অনুবাদ করিয়াছেন। কিন্তু চতুর্থাধ্যায়ে কলিযুগে বৃহস্পতি ব্যাখাত মনুবচন নিষিদ্ধ যে ক্ষেত্রজপুত্রও বিধবাদি বিবাহ কহিয়াছেন তাহাতে ঐ পরাশরের নাম গন্ধও নাই বরং অতিরিক্ত এই বলিয়াছেন যে (শঙ্খস্য বচনং যথা)সুতরাং এঅবস্থায় বিধবাদি বিবাহ পারাশর ধর্ম্ম হইলনা মতে তাহা কলিযুগে বিধেয়ও হইল না ! ঐ সকল বচনার্থ স্পষ্টতই প্রতীয়মান হইতেছে । এবঞ্চ' নষ্টেম্বতে প্রব্রজিতে

ক্লীবেচ পতিতে পতৌ। পঞ্চস্বাপৎসুনারী-
ণাং পতিরন্যো বিধীয়তে) এই পরাশর
বচনেও পূর্ব্বোক্ত কলিপ্রকরণীয়তা থাকিল
না। ইহাতে আর কিহেত্ত্ববাদে ঐ বচন ক-
লিযুগে বিধবাদি বিবাহ বিধায়ক হইবে। ক-
লি প্রকরণীয়তা নাথাকার কারণ এইযে'যদি
কলিধর্ম্ম' জিজ্ঞাসায় পরাশর' প্রথমাধ্যায়ে,
(পরাশরেণ চাপ্যুক্তং প্রায়শ্চিত্তং বিধীয়তে)
এই বচনের পর পুনর্ব্বার দ্বিতীয়াধ্যায়ে
আর উক্তি নাকরিতেন তবেই ঐ প্রথমাধ্যা
য়ীয় পরাশর বাক্যের গ্রন্থান্ত পর্য্যন্ত অনুবৃত্তি
হইতে পারিত। এবং তাহা হইলেই সংহি-
তান্তর্গত সকলবিষয়ই পারাশর বলিতে পারা
যাইত। বস্তুত তাদৃশ ঘটনা হয়নাই। কে-
ননা, যখন পরাশর দ্বিতীয় ও তৃতীয়াধ্যায়ে
ও পরাশর বচো যথা ইহা বলিয়াছেন।
তখন অবশ্য বলিতে হইবে যে ঐ গ্রন্থের
পূর্ব্বাধ্যায়ের অপেক্ষাকৃত অপরাধ্যায় বলাহ-
য়নাই; অর্থাৎ এক২ অধ্যায়ে পৃথক২ অভি-

665

প্রায় বলিয়াছেন। বিশেষতঃ চত্তর্থাধ্যায়ে সংহিতা বক্তা পরাশর, পূর্ব্ব কল্পীয় পরাশর বচনানুসারে কেবল শুদ্ধিতত্বই বলিবেন বলিয়াছেন। যথা' শুদ্ধিং প্রবক্ষ্যামি পরাশর বচো যথা) সুতরাং সেই পরাশর সংহিতার চত্তর্থাধ্যায়ের শুদ্ধিপ্রকরণই কেবল পারাশর, ভিন্ন সম্পূর্ণ চত্তর্থাধ্যায় পারাশর নয়। এবং সংহিতা বক্তার বচন প্রণা—লিতে ও তাহাই বোধ হয়, কেননা তিনি অনুবৃত্তির প্রত্যাশায় অপেক্ষা কৃত কথা কহেন নাই ইহাতে কখন সেই চত্তর্থাধ্যায়ে বক্তার অনপেক্ষিত (পরাশর বচো যথা) অর্থাৎ পুর্ব্ব পরাশর যেরূপ বলিয়াছেন, এই বচন ভাগার্থ সর্ব্বত্র অনুবর্ত্তমান হইতে পারেনা। যদি বল! ঐ চত্তর্থাধ্যায়ে সর্ব্বত্রই পারাশর ধর্ম্মের অনুবৃত্তি আছে? তবে ঐ অধ্যায়ে, কলিযুগে বৃহস্পতি ব্যাখ্যাতমনু-বচন নিষিদ্ধ ক্ষেত্রজাদি পুত্রকথনের উপক্রমণিক (ওঘবাতাহৃতং বীজমিত্যাদি বচন

যেস্থলে উক্ত হইয়াছে, তাহার পূর্ব্বেই পা রাশর ধর্ম্মের অনুবৃত্তির নিবৃত্তি হইয়াছে অবশ্য বলিতে হইবে। তাহাতেও যদিআত্ম স্বার্থতা বলবতী হইয়া সম্মত হইতে নাদেয়। কিন্তু (শঙ্খস্য বচনং যথা) এই বচন যেখানে উল্লেখিত হইয়াছে তাহার পূর্ব্বে অগত্যাই পারাশর ধর্ম্মের অনবৃত্তি—নিবৃত্তি স্বীকার করিতে হইবে, ইহা অবিশঙ্কিত মত, কে.ন সন্দেহ নাই। অতএব ঐ 'শঙ্খস্যবচনং যথা" এই বচনোত্তরবর্ত্তী (নষ্টেমৃতে প্রব্রজিতে) এই বচনে কিপ্রকারে কলি প্রকরণীয়তা ব-র্ত্তিতে পারে, ইহাপাঠকগণ! অবধান করুন। পরন্তু ঐ সংহিতার ষষ্ঠাধ্যায়ে পুনর্ব্বার পূর্ব্ব পরাশর বচনানুবাদক বচনের উক্তি আছে। ইহাতেও অনুবৃত্তির নিবৃত্তি স্বীকার করিতে হয়। যথা, পরাশরেণ পূর্ব্বোক্তাং মন্বর্থেপিচ বিস্মৃতাং) অতএব, কৃতিগণ! সংহিতা বক্তা পরাশরের বক্তৃতা ক্রমে নিশ্চয় বোধকরিতে হয়, যে সংহিতার চতুর্থাধ্যায়ে' (নষ্টেমৃতে)

৬০৭

এই বচনে পূর্ব্বপরাশরের কথনানুসারিতা নাই।

সংস্কৃত।

অথশঙ্খস্য বচনং যথেত্যস্য কাকাঙ্ক্ষি গোলক বহুভর্ত্র সম্বন্ধবিবক্ষয়া নষ্টে-মৃত ইত্যাদি বচনে শঙ্খোক্ত্যনুবাদ-কত্বং তদনু—বৃত্তির্ব্রাতদৈবস্যাৎযদি শঙ্খসংহিতায়াং বিধবাদিবিবাহ বি-ধানংস্যাত্তদেব নেতিচেৎ। জ্যেষ্ঠ-সত্ত্বে প্রতিপ্রসূতস্য জ্যেষ্ঠানুজ্ঞয়া কনিষ্ঠাগ্ন্যাধানস্য শঙ্খসংহিতায়া ম-সত্ত্বেন। জ্যেষ্ঠোভ্রাতা যদা তিষ্ঠে-দাধানংনৈবচিন্তয়েৎ। অনুজ্ঞাতস্তু কুর্ব্বীত শঙ্খস্যবচনংযথেতি, শঙ্খো-ক্ত্যনুবাদক পূর্ব্ববচনস্যেব সমানঃ সমাধানঃ।।

(অনুবাদ।)

ইহাতে যদি এমত আশঙ্কা হয়, যে ঐস্থলে শঙ্খস্য বচনংযথা ) এইবচনের, কা-

কাঙ্ক্ষি গোলক ন্যায় দ্বারা পূর্ব্বাপর সম্বন্ধ বা অনুবৃত্তি স্বীকার করিয়া অনুবাদকতা, তবেই স্বীকার করাযায় যদি শঙ্খসংহিতায় বিধবা বিবাহের বিধান থাকে; কিন্তু তাহা নাই? এঅতি অপূর্ব্ব পূর্ব্ব পক্ষ, অধুনাতন শঙ্খসংহিতায় যেমত ঐ বিষয়টি নাথাকায় তদ্বিষয়ে অশঙ্কা হইতেছে' সেই মতে ঐ সংহিতায় জ্যেষ্ঠের অনুজ্ঞায় কনিষ্ঠের অগ্ন্যাধানও উক্ত হয় নাই দেখা যাইতেছে, এঅবস্থায় এই উভয়েরই সমান সমাধান। যদি ইহাই বলযে, স্মার্ত্তদায়ভাগ কারধৃত বচন শঙ্খসংহিতায় নাই এসংহিতা প্রকৃত নয়। আমিও তদ্রূপ বলিব, যদি অন্যবিধ প্রলাপোত্তর কর আমিও তাহাই করিব, বস্তুত প্রলাপ বিবাদের প্রয়োজনাভাব এখানে উভয়েরই সমান পথ ৷৷

সংস্কৃত।

যত্তুদত্ত পদং কৃত্রিমস্যাপ্যুপলক্ষণং।

ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব দত্তঃ কৃত্রিমকঃ

স্মৃত ইতি কলিধর্ম্ম প্রস্তাবে পরাশর স্মরণাৎ। কথংতর্হ্যত্র ক্ষেত্রজ গ্রহণ মিতিচেৎ ঔরস বিশেষণত্বেন ক্রমঃ তথাচ মনুঃ। স্বক্ষেত্রে সংস্কৃতায়ান্তু স্বয়মুৎপাদয়েদ্ধিযং। তমৌরসং বিজানীয়াৎপুত্রং প্রথম কল্পিক মিতি দত্তক মীমংস য়াং পূর্ব্বাপর পরাশর সংহিতামনালোচ্য নন্দপণ্ডিতেনোক্তং তদত্যন্তমসৎ।।

( অনুবাদ। )

বিদ্যাসাগর; স্বীয় পুস্তকের ৮। ১১৮ পৃষ্ঠায় পরাশর সংহিতা সমুদায়ই কলি প্রস্তাবীয় বলিয়া তৎপক্ষে দত্তক মীমাংসা কারের গ্রন্থ প্রম্যাণোপন্যাস করিয়াছেন। কিন্তু ঐ দত্তক মীমাংসাকারের বাক্য অতি অযুক্ত, এবং পূর্ব্বোক্ত সিদ্ধান্তে ও দোষা শঙ্কা হয় এই নিমিত্তে মীমাংসা করিতেছি। যথা‘ দত্তৌরসেতরেষাঞ্চ পুত্রত্বেন পরিগ্রহঃ) এইস্থলে দত্তপদ কৃত্রিম পুত্রের ও উপল-

ক্ষণ। যেহেতুক ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব ইত্যাদি কলিধর্ম্ম প্রস্তাবীয় পরাশর স্মৃতি আছে। প্রশ্ন' ঔরসঃ ক্ষেত্রশ্চৈব এইপরাশরবচন যদি কলি প্রস্তাবীয় হয়, তবে ক্ষেত্রজগ্রহণ কেন? উত্তর' ক্ষেত্রজ পুত্র পৃথক বলেন নাই ঔরসের বিশেষণ। ঔরস পুত্রেযে ক্ষেত্রজত্ব আছে তৎপক্ষে প্রমাণ' মনুবচন, (স্বক্ষেত্রেসংস্কৃতায়া মিত্যাদি)॥

সংস্কৃত।

স্বক্ষেত্রেসংস্কৃতায়াস্তিত্যাদি মনূক্তেরৌরসত্বস্য কথঞ্চিৎ ক্ষেত্রজত্ব ঘটিতত্বেপি ক্ষেত্রস্যাভেদেন ঔরস--বিশেষণত্বানুপপত্তেঃ। উদ্দেশ্যতা বচ্ছেদক বিধেয়য়ো রৈক্য স্থলইব উদ্দেশ্যতাবচ্ছেদকাংশে অধিকাব গাহিন্যাঃ শাব্দধিয়ো অব্যুৎ পন্নত্বাৎ ঘটোঘট ইতিবৎ নীল-ঘটো ঘট ইত্যাদি বাক্যস্যাপি নিরাকাঙ্ক্ষত্বাৎ ঔরস পদস্য

স্বয়মুৎপাদিতে লক্ষণা বিবক্ষণে প-
রস্ত্রীগর্ভ্তোৎপাদিতস্যা প্যৌরসত্বা-
পত্তেঃ প্রতিপদং লক্ষণায়া বীজাভা-
বেনা গ্রাহ্যত্বাচ্চ। ঔরসঃ ক্ষেত্রজ-
শ্চৈবেত্যাদেঃ কলি প্রস্তাবীয়ত্বা-
ঙ্গীকারে পরাশরস্য কলৌ বৃহস্পতি
ব্যাখ্যাত মনুবচন নিষিদ্ধ ক্ষেত্রজ
পুত্র কথনস্যা সম্ভব ভয়েন তত্র ক্ষে-
ত্রজস্য ঔরস বিশেষণত্ব বিবক্ষণে
ক্ষেত্রজ পুত্রঃ ক্ষেত্রিণএব নবীজিন
ইত্যত্র দৃষ্টান্তবিধয়া ওঘবাতাহৃতং
বীজং যস্যক্ষেত্রে প্ররোহতি। ক্ষে-
ত্রিকস্যৈবতদ্বীজং নবপ্তালভতে ফল
মিতি ক্ষেত্রজপুত্র প্রকরণীয় মনুব-
চন---সমানার্থকেন। ওঘবাতাহৃতং
বীজং যস্যক্ষেত্রে প্ররোহতি। ক্ষে-
ত্রীতল্লভতে ভাগং নবীজী ভাগম-
র্হতীত পরাশরোক্তেন সহিতস্য
ক্ষেত্রজেক্ষেত্রি পুত্রত্ব ব্যবস্থাপন রূ-

পস্য বিষয়ভেদেন কুণ্ডগোলক সজ্ঞা জ্ঞাপকস্য ঔরসঃ ক্ষেত্রজশ্চৈবেত্যাদেঃ পূর্ব্বমুক্তস্য। তদ্বৎপরস্ত্রিয়াঃ পুত্রৌদ্বৌসুতৌ কুণ্ডগোলকৌ ইতি পরাশর বচনস্য উন্মত্ত প্রলাপাপত্তেঃ। তৎপরতঃ পরাশরোক্তস্য পরিবেদন প্রতিপ্রসবপরস্য। পিতৃব্যপুত্রঃ সাপত্ন্যঃ পরনারীসুতস্তথা। দারাগ্নিহোত্র সংযোগেনদোষঃ পরিবেদন ইত্যাদেস্তথৈ বাসঙ্গত্যা পত্তেশ্চ। কলৌ ক্ষেত্রজাদি পুত্রাভাবাৎ পিতৃব্যপুত্রস্য পরনারীসুতস্যচ সাপত্নবৎ পিতৃপুত্রত্ব ঘটিতাগ্রজত্বাভাবাৎ। দারাগ্নিহোত্র সংযোগং নকুর্য্যাদগ্রজে সতীতি পরাশরোক্ত নিষেধানাস্পদত্বাৎ প্রতিপ্রসব বচন প্রবেশানুপপত্তেঃ। নচপিতৃ পুত্রত্বা ঘটিতং অগ্রকালিকজন্যত্ব মেবাগ্রজত্বমিতি পিতৃব্যপুত্রাদেরপি তা-

673

দৃশাগ্রজত্বেন নিষেধাস্পদত্ব মিতি-বাচ্যং তথাসতি জগতি কস্যাপি তাদৃশা গ্রজস্যাসম্ভবেন বিবাহমাত্রোচ্ছেদাপত্তেঃ। নচপরনারীসুতেত্যস্য পিতুঃ পরনারীসুতার্থকতয়া প্রতিপ্রসবাৎ নবিবাহোচ্ছেদ ইতি বাচ্যং তথা সত্যপি পিতৃব্যপুত্রঃ সাপত্ন ইত্যত্র পিতৃব্যপুত্র ইত্যস্য পৃথগুপাদান বৈয়র্থ্যস্য বজ্রলেপত্বাৎ। নচপিতৃপুত্রত্ব ঘটিতত্ব মপহায় পিতৃজন্যত্ব ঘটিতমেব তদ্বাচ্যমিতি বাচ্যং পিতৃব্যপুত্রেত্যস্য বৈয়র্থ্য তাদবস্থ্যাৎ। অস্মাকন্তু পিতৃব্যপুত্রঃ সহোদরাগ্রজ ক্ষেত্রজঃ পরনারীসুতশ্চ পিতৃবীজাৎ পরক্ষেত্রজঃ তয়োশ্চ পিতৃ—পুত্রত্বেনাগ্রজত্বেন নিষেধাস্পদত্বং অতঃ প্রতিপ্রসবোক্তৌ পৃথগুপাদান মিতি। তস্মাৎ পরাশর সংহিতা মাত্রং নকলি প্রকরণীয়

মিত্যকামে নাপ্যঙ্গীকর্ত্তব্য মিতি। অতএব পূর্ব্বাপর পরাশর সংহিতা ব্যখ্যাকৃন্মাধবাচার্য্যঃ অয়ঞ্চ পুনরুদ্বাহো যুগান্তর বিষয় ইত্যাহ। অতএব দত্তপদং কৃত্রিমস্যাপ্যুপলক্ষণ মিতি দত্তক মীমাংসায়াং নন্দপণ্ডিতে নোক্তাবপিনতাদৃশ ব্যবহারঃ প্রচরতি। এতেন নচ কলি নিষিদ্ধস্যাপি যুগান্তরধর্ম্মস্য নষ্টেম্বত ইত্যাদি পরাশর বাক্যং প্রতিপাদক মিতিবাচ্যং কলাবনুষ্ঠেয়ান্ ধর্ম্মান্ বক্ষ্যামীতি প্রতিজ্ঞায়তদগ্রন্থ প্রণয়নাদিতি ভট্টোজি দীক্ষিতোক্তং প্রত্যুক্তং অন্যযোগব্যবচ্ছেদার্থকৈবং শব্দঘটিত প্রতিজ্ঞায়া অপিতত্রাসত্বাচ্চ।।

অনুবাদ

এইরূপ যে নন্দপণ্ডিত কহিয়াছেন, সে অত্যন্ত অসৎ। (স্বক্ষেত্রে সংস্কৃতায়ান্তু স্বয়-

মুৎ পাদয়েদ্ধিযং তমৌরসং বিজানীয়াৎ পুত্রং প্রথমকল্পিকং ) স্বক্ষেত্রে বিবাহ সংস্কার সংস্কৃতায় স্বয়ং যেপুত্র উৎপাদন করে, সেই পুত্র ঔরস। এই মনূক্ত ঔরস পুত্রে স্বক্ষেত্রজন্যত্ব মধ্যে কথঞ্চিৎ ক্ষেত্রজত্ব থাকিলেও ঔরসের বিশেষণ ক্ষেত্রজ যে বলিয়াছেন, প্রথমত ঐ বিশেষণই হইতে পারেনা। ঔরসঃ ক্ষেত্রজঃ এই রূপ বিশেষ্য বিশেষণ ভাবে অন্বয় অব্যুৎপন্ন। উদ্দেশ্যতা বচ্ছেদক বিধেয়ের ঐক্যস্থলে ঘটো ঘট এই রূপ যথা শাব্দ বোধ হয় না, তথা উদ্দেশ্য তাবচ্ছেদকাংশে অধিকাব গাহিনী শাব্দবুদ্ধি ও' নীল ঘটো ঘট ইত্যাদি রূপ হয়না। ক্ষেত্রজত্ব ঘটিত ঔরসত্ব বিশিষ্টে ক্ষেত্রজের অভেদ সম্বন্ধে অন্বয় করিলে, উদ্দেশ্যতাবচ্ছেদকাংশেহ ধিকাব গাহিনী হইল। ক্ষেত্র ত্যাগ করিয়া স্বয়মুৎ পাদিতে লক্ষণা করিব? ইহা বলিতে পারনা। ঔরসের ক্ষেত্রত্যাগ করিলে, স্ব সহিত ত্যাগ করিতে হইবে।

অর্থাৎ স্বক্ষেত্র এই ভাগই ত্যাগ করিতে হইবে। কারণ এই স্বক্ষেত্রের ক্ষেত্র ত্যাগ করিলে কেবল স্ব থাকিতে পারেনা। তাহা হইলে পরস্ত্রীতে সন্তান উৎপত্তি করিলে ঐ সন্তান পরাশর মতে ঔরস হইতে পারে। বিবাহ সংস্কৃতাস্ত্রীতে স্বয়ং উৎপাদিত এবং কোন ব্যক্তির ক্ষেত্রজও হইয়াছে। যদিবল ক্ষেত্রজ পদেরও স্বক্ষেত্রজে লক্ষণা বলিব? এরূপ পদে লক্ষণার বীজাভাব প্রযুক্ত অগ্রাহ্যতা এবং (ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব দত্তঃ কৃত্রিমকঃ সুতঃ) এই পরাশর সংহিতায় কলি প্রস্তাবীয়ত্ব স্বীকার করিলে' নান্যস্মিন্ বিধবা নারী নিয়োক্তব্যা দ্বিজাতিভিঃ" এই বৃহস্পতি ব্যাখ্যাত মনু বচন নিষিদ্ধ ক্ষেত্রজ পুত্র কলিযুগে পরাশরের বলা হইতে পারেনা। এই ভয়ে (ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব এইস্থলে ক্ষেত্রজ ঔরসের বিশেষণ বলিলে ক্ষেত্রজ পুত্র ক্ষেত্রিজনের বীজি পুরুষের পুত্র হয় না, এই স্থলে দৃষ্টান্ত বিধয়া

ক্ষেত্রজ পুত্র প্রকরণীয় মনু বচনসমা-
নার্থক" যে ওঘবাতাহৃতং বীজং যস্য-
ক্ষেত্রে প্ররোহতি ক্ষেত্রী তল্লভতে ভা-
গং নবীজীভাগ মর্হতি" এই পরাশরোক্ত
বচন ঐ বচনের সহিত যে ক্ষেত্রজে ক্ষেত্রি
ব্যক্তির পুত্রত্ব ব্যবস্থাপনরূপ, এবং বিষয়
ভেদে অর্থাৎ সধবা বিধবা গর্ব্ভজাতভেদে
কুণ্ডগোলক সংজ্ঞা জ্ঞাপক, এবং ঔরসঃ
ক্ষেত্রজশ্চৈব' ইত্যাদি পরাশর বচনের
পূর্ব্বোক্ত' যে" তদ্বৎ পরস্ত্রিয়াঃ পুত্রৌদ্বৌ
সুতৌ কুণ্ড গোলকৌ। এই পরাশর বচন
অর্থাৎ ওঘবাতাহৃত মিত্যাদি, এবং" তদ্বৎ
পরস্ত্রিয়াঃ পুত্রৌ ইত্যাদি পরাশর বচনদ্ব-
য়েই উন্মত্ত প্রলাপত্বাপত্তি হয়। কারণ এই,
যদি পরাশর সংহিতামাত্র কলি প্রস্তাবীয়
হইলে পরাশরের ক্ষেত্রজ পুত্র কথন কলি
যুগে হইতে পারেনা, বিধায় ঔরসের বিশে-
ষণ বল? তবে' ওঘবাতাহৃতং ইত্যাদি
দৃষ্টান্ত পরাশর কোন্‌পক্ষে প্রদান করিলেন।

এবং 'তদ্বত্ত পরস্ত্রিয়াঃ পুত্রৌ। ইত্যাদি যে ক্ষেত্রিরই শস্য যথা বীজির নয়তদ্বৎ পরস্ত্রীর গর্ভজাতপুত্র ক্ষেত্রির বীজির নয়। কিন্তু তাহার বিষয়ভেদে সংজ্ঞা কুণ্ড ও গোলক, ইহা পরাশর কিজন্য বলিলেন। আরো দোষান্তর দান করিতেছি যে, ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব, ইত্যাদি পরাশর সংহিতা মাত্রই যদি কলি প্রস্তাবীয় হয়, তবে যে চতুর্থাধ্যায়ে ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব ইত্যাদি বচন আছে ঐ চতুর্থাধ্যায়ে ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব ইত্যাদি বচনের উত্তরভাগে পরাশরোক্ত যে পরিবেদন-প্রতি প্রসব পর' পিতৃব্য পুত্রঃ সাপত্ন্যঃ পরনারীসুতস্তথা। দারাগ্নিহোত্র সংযোগেন-দোষঃ পরিবেদনে। এই পরাশর বচন! তাহারও ঐ প্রকার অসঙ্গতি হয়, কারণ এই কলিতে ক্ষেত্রজপুত্র বাস্তবিকই নাই তাহা নন্দ পণ্ডিতও স্বীকার করিয়াছেন। এস্থলে পিতৃব্যপুত্রেও পরনারী পুত্রে সাপত্ন ভ্রাতার ন্যায় পিতৃপুত্রত্ব নাথাকাপ্রযুক্ত অগ্রজ হই-

৬৭৭

বেনা। অগ্রজত্ব পিতৃপুত্রত্বঘটিত তাহা হইলে পিতৃব্যপুত্রাদি দারাগ্নি হোত্রসংযোগং নকুর্য্যাদগ্রজেসতি এই পরাশরোক্ত নিষেধের বিষয়ই হইলনা তবে পরিবেদন প্রতিপ্রসবের মধ্যে পিতৃব্য পুত্রের ও পরনারী পুত্রের গ্রহণ করাও উন্মত্ত প্রলাপের ন্যায় হইল। আশঙ্কা; পিতৃপুত্রত্বত্যাগ করিয়া কেবল অগ্রেজন্মে যে, সেইঅগ্রজ ইহাই বলিব? তাহাহইলে পিতৃব্যপুত্রাদিও অগ্রজহইলেন? উত্তর, ইহা বলিতে পারনা। তাহা হইলে অনন্ত সংসারে ঐরূপ অগ্রজ অবশ্যই থাকার সম্ভব, বিবাহ মাত্রের উচ্ছেদ হয়, পুনরাশঙ্কা প্রতিপ্রসব বচনে পরনারীসুতস্তথা। এইভাগ যে আছে ঐস্থলে পরনারীসুত এই শব্দের পিতার পরনারীসুত এই অর্থ করিতে হইবেক। অন্যথা নিষেধের বিষয় থাকেনা তবে তাদৃশ অগ্রজ সকল প্রতিপ্রসবের মধ্যেগত হইলেন বিবাহ উচ্ছেদ হইলনা? উত্তর, ইহাও বলিতে পারনা। তাহা হইলে

পিতৃব্য পুত্রও পরনারীসুত মধ্যেগত হইলেন। পিতৃব্যপুত্র সাপত্ন এইস্থলে পিতৃব্য পুত্রের পৃথগুপাদানের বৈয়র্থ্য বজ্রলেপতুল্য কাহারও সাধ্য নাই যে সার্থ্যক্য দিবেন। পরাশর সংহিতামাত্র কলিধর্ম্ম নিরূপক নয়, পরাশর যুগান্তর ধর্ম্মও কহিয়াছেন, যে অধ্যায়ে পরাশরের বাক্য অনুবাদ করিয়াছেন সেই অধ্যায়েই কলিধর্ম্মনিরূপণ। চতুর্থাধ্যায়ে পরাশরের উল্লেখ নাই ঐ চতুর্থাধ্যায়ে যুগান্তরের ধর্ম্মনিরূপণ আছে। অতএব' পিতৃব্য পুত্রঃ সাপত্ন পরনারীসুতস্তথা এই বচনের অর্থএই, সহোদর যে পিতৃব্যোৎপাদিত ক্ষেত্রজ সেই পিতৃব্যপুত্র; পিতৃব্য মাতার দেবর, দেবরদ্বারা ক্ষেত্রজপুত্রোৎপাদনের প্রাশস্ত্য বিধায়, দেবরাচ্চ সুতোৎপত্তির্দত্তাকন্যানদীয়তে ) ইত্যাদির ন্যায় কৈমুতিকন্যায়ে তাহার গ্রহণ, উক্তি লাঘবার্থে মাতৃদেবর নাবলিয়া পরিবেদন কর্ত্তার পিতৃব্য বলিয়াছেন। ঐ পিতৃব্য পুত্রের

189

সম্ভবস্থল এইরূপ, পুত্রোৎপত্তির অসম্ভব স্থানে যেব্যক্তি ভ্রাতৃদ্বারা স্বস্ত্রীতে ক্ষেত্রজ পুত্রোৎপাদন করিয়াছে পরে দৈবযোগে ঐ ব্যক্তির ঔরসপুত্রও উৎপন্ন হইয়াছে ঐ কনিষ্ঠ ঔরসের অগ্রজ ক্ষেত্রজ পিতৃব্য পুত্র হইলেন, তিনি পিতৃপুত্র বিধায় অগ্রজও হই লেন। এবং পিতা যেস্থলে পরস্ত্রীতেদ্ব্যমুষ্যায়ণ পুত্রোৎপাদন করিয়াছেন, ঐপুত্র সাপত্নন্যায় পিতৃসম্বন্ধে অগ্রজ হইলেন। তাহা হইলে দারাগ্নিহোত্রসংযোগং নকুর্য্যাদিগ্রজে সতি। এই নিষেধাস্পদ হইল। তাহার প্রতিপ্রসবপর, পিতৃব্যপুত্রঃ সাপত্নঃ ইত্যাদি বচন! পরনারীসুত শব্দের পিতার পরনারীসুতই অর্থ। তাহা হইলে সহোদরাগ্রজ ক্ষেত্রজ পরনারীসুতের অন্তর্গত হইলেননা, এই হেতুক পির্তৃব্যপুত্রের পৃথগুপাদান ক- করিয়াছেন, এবংপরাশর যুগান্তরীয় ক্ষেত্রজ পুত্রও কহিয়াছেন। অতএব ওঘবাতাহৃতং বীজ মিত্যাদি বচনের ও কোন অনুপপত্তি

নাই তদ্বৎ পরস্ত্রিয়াঃ পুত্রৌ দ্বৌস্মৃতৌ কুণ্ড গোলকৌ ) এই বচন দ্বারাই ক্ষেত্রজপুত্র নিরূপণ হইয়াছে, ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব ইত্যাদিবচনে পুনর্ব্বার ক্ষেত্রজ বলার বীজ এই শুষবাতাহৃত বীজফল যথা ক্ষেত্রিব্যক্তির হয়, বীজির হয়না। তদ্বৎ বিষয়ভেদে কুণ্ডগোলক সংজ্ঞাভাক্ যে পরস্ত্রী গর্ব্ভ জাত পুত্রদ্বয় সে ক্ষেত্রি ব্যক্তির পুত্র, বীজির নয়। এইস্থলে এই আশঙ্কা হয় যে কুণ্ডত্ব গোলকত্ব পুত্র বিভাজক রূপে মন্বাদ্যুক্ত হয় নাই, এবং দ্বাদশবিধ হইতে পুত্র সংখ্যাও অধিক হইল? ঐ আশঙ্কাবারণার্থে ( ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব দত্তঃ কৃত্রিমকঃ সুতঃ ) এই স্থলে ক্ষেত্রজ শব্দ কহিলেন, তাহাতে পূর্ব্বোক্ত কুণ্ডগোলক রূপ পুত্রদ্বয় ক্ষেত্রজ শব্দদ্বারা গ্রহণ হইল; তাহা হইলে ক্ষেত্রজপুত্রের প্রকার ভেদমাত্র কুণ্ডগোলক হইল। অতএব মন্বাদি বিরোধ নাই। পূর্ব্বোক্ত হেতুবাদে পরাশর সংহিতা

মাত্র কলি প্রকরণীয় নয়; ইহা কামনা না থাকিলেও দূষণ দণ্ডাঘাতে স্বীকার করিতে হইবেক। তাহা হইলে ঐ চতুর্থা-ধ্যায়ের ঔরসঃ ক্ষেত্রজশ্চৈব ইত্যাদির পর-ভাগে উক্ত (নষ্টেম্বতে প্রব্রজিতে ক্লীবেচ পতিতে পতৌ। পঞ্চস্বাপতৎসুনারীণাং পতিরন্যোবিধীয়তে) এই পরাশর বচন কলি প্রকরণীয় হইলনা, এবং বিধবাদি বিবাহ কলিযুগে ক্ষেত্রজ পুত্রের ন্যায় তৎ প্রকরণেই মন্বাদি নিষিদ্ধ, অতএব পরাশ-রেরও ক্ষেত্রজ পুত্র কথনের উত্তরভাগে উক্ত ঐ নষ্টেম্বতে ইত্যাদি বচন কোন রূপেই কলিযুগে বিধবাদি বিবাহ বিধায়ক হইতে পারেনা। বিদ্যাসাগর নন্দ পণ্ডিতের প্রমা-ণ দর্শন করাইয়া মাধবাচার্য্যের নিন্দা করি-য়াছেন। এক্ষণে নন্দ পণ্ডিতের বাক্য অতি অগ্রাহ্য যেহেতুক পূর্ব্বাপর সংহিতার অর্থ দৃষ্টিনাই অতএব পূর্ব্বাপর পরাশরসংহিতার ব্যাখ্যাকর্ত্তা যে মাধবাচার্য্য, তিনি ঐ পুন রু-

দ্বাহ যুগান্তর বিষয় বলিয়াছেন। এবং নন্দ পণ্ডিতের বাক্য পূর্ব্বোক্ত দোষে দূষিত বিধায় অতি অগ্রাহ্য এই হেতুক দত্ত পদ কৃত্রিম পুত্রে উপলক্ষণ! ইহা নন্দ পণ্ডিত দত্তক মীমাংসায় বলাসত্ত্বেও অশাস্ত্রিক বিবেচনায় মহাজনগণ কৃত্রিম পুত্র কলিতে অদ্যাপি ব্যবহার করেন নাই।

এই হেতুক ভট্টোজি দীক্ষিত, এই আশঙ্কা করিয়াছেন যে' কলিনিষিদ্ধ যে যুগান্তরীয় ধর্ম্ম তাহার ও প্রতিপাদক নষ্টে স্বতে ইত্যাদি পরাশর বাক্য হইল ও তাহার উত্তর করিয়াছেন কলিতে অনুষ্ঠেয়, যে ধর্ম্ম তাহাই বলিব এইপ্রতিজ্ঞা করিয়া পরাশর গ্রন্থ প্রণয়ন করিয়াছেন। ইহার তাৎপর্য্যএই বিধবাদি বিবাহ কলিতে অনুষ্ঠেয়। ঐ ভট্টোজি দীক্ষিতের বাক্যও পূর্ব্বোক্ত হেতুবাদে প্রত্যুক্ত হইল। এবং কলিযুগে অনুষ্ঠেয় ধর্ম্মই বলিব অন্যযুগের ধর্ম্ম বলিব না। এরূপ অন্যযুগ ব্যবচ্ছেদার্থক এবকার

ঘটিত প্রতিজ্ঞাই পরাশরের নাই বাধা না-থাকিলে বাক্য মাত্র অবধারণ পর হইতেপারে এস্থলে পূর্ব্বাপর গ্রন্থের অসঙ্গতি ও মন্বাদি বচনে স্পষ্টই বাধারহিয়াছে।

সংস্কৃত

সতু যদ্যন্যজাতীয়ঃ পতিতঃক্লীব এববা। বিকর্ম্মস্থঃসগোত্রোবাদাসো দীর্ঘা ময়োপিবা। ঊঢ়াপিদেয়াসান্য স্মৈ সহাভরণভূষণেতি। কাত্যায়ন স্মরণেন পত্যুরন্য জাতীয়ত্বাদ্যাপদি সামান্যতোবিহিতস্য বিবাহিতাবিবা হস্যৈব নিষেধকমাদি পুরাণোক্তাদি বচনং তত্র" পঞ্চস্বাপৎসু" পরাশর স্য নষ্টেমৃত ইত্যাদি বিশেষ বিধেঃ কলৌ বিবাহিতা বিবাহে নকিঞ্চিদ্বা ধকং বিশেষ বিধের্বল বত্বাদিতিতু রিক্তং বচঃ। সতু যদ্যন্যজাতীয় ইত্যাদিনা বিহিতস্য বিবাহিতা বি-বাহস্য ঊঢ়ায়াঃ পুনরুদ্বাহ মিত্যা-

দ্যাদি পুরাণাদি নিষেধঃ পর্য্যুদাস রূপএব বাচ্যঃ শাস্ত্রতঃ প্রাপ্তস্য নিষেধ স্থলে তস্য পর্য্যুদাস রূপতায়াং। সিদ্ধান্ত সিদ্ধত্বাৎ। যথা অমায়াং পিতৃভ্যোদ দ্যাদিত্যাদৌরাত্রৌ শ্রাদ্ধং নকুর্ব্বীতেত্যাদি নিষেধস্য তত্রক্কচিদংশে রাগসম্ভাবনায়াংপ্রতিষেধ পরতাপি। নতু প্রতিষেধ মাত্রং, তথাসতি নিষিদ্ধ কালস্যাপি বিধি বিষয়ত্বেন তত্রানুষ্ঠেয়কর্ম্মণঃ সিদ্ধিপ্রসঙ্গাৎ। ইষ্টানিষ্ট সাধনত্বেন বিধি নিষেধ প্রতিপাদ্যত্বাসম্ভবাচ্চ। পর্য্যুদাসস্থলেচ নক্রিয়ায়াং নিষেধান্বয়ঃ অপিতু বিরোধা দেক বাক্যতয়া বিধি সমব্যাহৃতপদবোধ্য কালাদৌ নিষেধ বিধি বিষয় সময়াদীতরত্বং প্রত্যায্যতে। এবঞ্চ কাত্যায়নোক্ত বিধি বিষয় সময়ে আদিপুরাণাদ্যুক্তনিষেধ বিধি সমভিব্যাহৃতনঞা



687

কলীতরত্বং প্রত্যায্যতে। তথাচ কলী তরযুগে তাদৃশাপদি বিবহে দিত্যেববিধিঃ। তথাচ ন আদিপুরাণাদিনিষেধস্য নষ্টেমৃত ইত্যাদিতঃ সামান্যত্বং নবা নষ্টেমৃত ইত্যাদেস্ততো বিশেষবিধিত্বং। নবা বিশেষে তত্র সামান্যস্য প্রবৃত্তি সম্ভাবনা, নবা বিশেষস্য সামন্য সঙ্কোচকত্ব সম্ভাবনাপি। নাপিচকাত্যায় ন পরাশরো ক্তাপৎস্বপি সামান্য বিশেষ সম্ভবঃ পরস্পরব্যভিচারাৎ। পতিতক্লীব পতিকত্বস্য তুল্যতয়ৈবোক্তত্বাচ্চ। নবাউক্ত প্রতিষিদ্ধস্যপুনঃ সম্ভাবিতত্বমপি। নষ্টেমৃত ইত্যাদি পরাশর বচনেকলাবিত্যাদ্যসত্বাৎ। বাক্যাৎ প্রকরণস্য দুর্ব্বলত্বাৎ। প্রাগুক্ত ক্রমেণ কলিপ্রকরণীয়ত্বস্যাপ্যভাবাচ্চ। কিঞ্চউক্তানি প্রতিষিদ্ধানিপুনঃ সম্ভাবিতানিচ। সাপেক্ষ নির

পেক্ষাণি মীমাংস্যানীহ কোবিদৈ রিত্যাদিনা সাপেক্ষত্বে প্রতিষিদ্ধস্য নিরপেক্ষত্বেচপুনঃ সম্ভাবিতত্বস্য মীমাংসা বিধানাৎ প্রকৃতেচ নষ্টেমৃত ইত্যাদি পরাশরস্মৃতের্নপুন র্বিবাহিতা বিবাহ বিধায়কত্ব সম্ভবস্তথা সতি পর্য্যুদাস রূপ নিষেধস্য নির্বিষয়ত্বাপত্তেঃ। তাদৃশ মীমাংসা বীজীভূত সাপেক্ষত্বাদ্যপি প্রকৃতে নাস্তীতি তথাহি পত্যুরন্য জাতীয়ত্বাদ্যাপদি বিহিতস্য বিবাহিতা বিবাহস্য কলৌ নিষেধে ন নষ্টাদি পতিকত্বাদ্যাপদি বিহিতা দ্বিবাহাৎ সাপেক্ষত্বং। নবানষ্টাদি পতিকত্বাদ্যাপদি বিহিতস্য বিবাহিতা বিবাহস্য কলৌ নিরপেক্ষত্ব মপীত্যলং পল্লবিতেন।

( অনুবাদ)

বিদ্যাসাগর' ।৩০। ৩১।পৃষ্ঠায় লিখিয়াছেন

৬৪৭

যে প্রথমতঃ কাত্যায়ন প্রভৃতি সংহিতা কর্ত্তা মুনির বচনে কয়েকস্থলে সামান্যতঃ সকলযুগের পক্ষে বিবাহিতাস্ত্রীর পুনর্ব্বার বিবাহের অনুজ্ঞা ছিল, তৎপরে আদি পুরাণ প্রভৃতিতে সামান্যাকারে কলিযুগের পক্ষে বিবাহিতার পুনর্ব্বার বিবাহে নিষেধ হইয়া ছিল, তদনন্তর পরাশর সংহিতাতে অনুদ্দেশাদি পাঁচটীস্থল ধরিয়া কলিযুগের পক্ষে বিবাহিতার পুনর্ব্বার বিবাহের বিশেষবিধি হইয়াছে? সামান্য বিশেষ বিধিস্থলে বিশেষবিধি নিষেধই বলবান্ হয়? বিদ্যাসাগরের এই কথা খণ্ডনকরিতেছি যথা (সত্রযদ্যন্যজাতীয় ইত্যাদি কাত্যায়ন বচনোক্ত বিবাহের আদি পুরাণাদিতে যে নিষেধ করিয়াছেন, ঐ নিষেধ পর্য্যুদাস রূপ। তাহার বীজ এই, শাস্ত্রপ্রাপ্তের নিষেধেরস্থলে তাহার পর্য্যুদাস রূপতা সিদ্ধান্তসিদ্ধা। যথা অমায়াং পিতৃভ্যোদদ্যাৎ। এই বিধি বিষয়ে, রাত্রৌ শ্রাদ্ধং নকুর্ব্বীত। এই শাস্ত্র প্রাপ্তের নিষেধ পর্য্যু-

দাস রূপ। তাহার মধ্যে যদি কোন অংশে রাগ সম্ভাবনাহয় তৎপ্রতিষেধ পরতাও হয়। কিন্তু শাস্ত্রপ্রাপ্তস্থলে প্রতিষেধ মাত্র পরহয়না। যদিশাস্ত্রপ্রাপ্তস্থলে প্রতিষেধমাত্র বল, তবে নিষিদ্ধ কালে বিধি বিষয়তা থাকা প্রযুক্ত নিষিদ্ধকালেঅনুষ্ঠেয় অর্থাৎ রাত্রিতে বিধি, ঐস্থলে বলাযায়. যেস্থলে স্বর্গাদি রূপ ইষ্ট সাধনতা বোধ হয়, আর প্রতিষেধ রূপ নিষেধঐস্থলে বলাযায়। যেস্থলে নরকাদিরূপ অনিষ্ট সাধনত্ব বোধ হয়, আর সাধারণ বিধিরকোন অংশকে খর্ব্বকরে যেনিষেধ,তাহাকে পর্য্যুদাস বলাযায়। এবং ঐ সাধারণ বিধির সহিত পর্য্যুদাস রূপ নিষেধের এক বাক্যতায় অর্থ করিলে ঐ সাধারণ বিধির শঙ্কোচ হইয়া যথার্থ ফল সিদ্ধ হয়, অপিতু যদ্যপি পর্য্যুদাস রূপ নিষেধের উদ্দিশ্যের কোন অংশে 'রাগ, অর্থাৎ স্বেচ্ছাধীন প্রবৃত্তির সম্ভব হয়, তবে একদা পর্য্যুদাস ওপ্রতিষেধ উভয়ই হয়, কেবল প্রতিষেধ মাত্র

৬৭।

হয়না, আর যদি শাস্ত্র প্রাপ্তিস্থলে প্রতিষেধ রূপ নিষেধ মাত্র হয় বলাযায়, তবে এক কার্য্যে বিধিও নিষেধের সংযোগে ইষ্ট ও অনিষ্ট সাধনের সম্ভবহইয়া উঠে, এই মীমাংসা শাস্ত্রের অবধারিত সিদ্ধান্ত আছে, অতএব বিবাহিতার পুনর্ব্বিবাহের যেকাত্যায়ন মুনির সাধারণ বিধি আছে, আদি পুরাণের ঊঢ়ায়াঃ পুনরুদ্বাহ ইত্যাদিবচন তাহার নিষেধ বলিলে পর্য্যুদাসরূপ নিষেধ মানিতে হইবে, যদি পর্য্যুদাস নাবলিয়া প্রতিষেধ বলাযায়, তবে পূর্ব্বোক্ত মতে এক কার্য্যে ইষ্টানিষ্ট সাধনত্ব রূপ বিরোধ হয়। বিধায় ঐ পৌরাণিক পর্য্যুদাস নিষেধেরসহিত কাত্যায়নের সাধারণ বিধির এক বাক্যতায় অর্থ করিলে পৌরাণিক নিষেধ কলিপরত্ব প্রযুক্ত ঐ সাধারণ বিধির শঙ্কোচ হইয়া এই সিদ্ধান্তস্থির হইবে, যে কলি ভিন্নযুগে বিবাহিতার পুনর্ব্বিবাহ হইবে। এরূপ হইলে ঐ পর্য্যুদাস নিষেধবিধির অন্তর্গত হওয়ায়। ঐপুর্য্যুদাসে

পৃথক্ নিষেধত্ব কিসামান্যত্ব কিছুই থাকেনা। সুতরাং পর্য্যুদাস নিষেধের আর বিরোধ বিধি হইতে পারেনা। এবং তদ্ধেতুক" নষ্টে মৃতে ইত্যাদি" পরাশর বচনও ঐ পৌরাণিক পর্য্যুদাস নিষেধের বিশেষ বিধি বলিয়া গণ্যই হইতে পারেনা। বিদ্যাসাগর স্বীয় পুস্তকে এবিষয়ে যে দুইটী দৃষ্টান্ত প্রয়োগ করিয়াছেন, তাহা এপ্রকার স্থলের দৃষ্টান্ত হয়না। কেননা „অহরহঃ সন্ধ্যামুপাসীত" এটী সামান্য বিধি, আর „সন্ধ্যাং পঞ্চমহাযজ্ঞান্ নৈত্যিকং স্মৃতি কর্ম্মচ ইত্যাদি" এবং „সংক্রান্ত্যাং পক্ষয়োরন্তে দ্বাদশ্যাং শ্রাদ্ধ বাসরে সায়ং সন্ধ্যাং নকুর্ব্বীত ইত্যাদি" নিষেধ পর্য্যুদাস রূপ হইতেছে। সুতরাং সাধারণ বিধির পর্য্যুদাস নিষেধ ব্যতীত পর্য্যুদাস নিষেধের বিশেষ বিধিনহে। এবং তৎপ্রযুক্ত এস্থলের দৃষ্টান্তও হয়না। আরো „মাহিংস্যাৎ সর্ব্বাভূতানি" এইনিষেধ, রাগ প্রাপ্তস্থলের নিষেধ প্রযুক্ত প্রতিষেধ

রূপ নিষেধ হইতেছে, শাস্ত্রের অপ্রাপ্তি প্রযুক্ত ইহা কখন পর্য্যুদাসের নিষেধ বিধি নয়। "অশ্বমেধেন যজেত,, ঐ প্রতিষেধ রূপ নিষেধের বিশেষ বিধি ভিন্ন পর্য্যুদাসের বিশেষ বিধি নহে, সুতরাং পূর্ব্বোক্ত পৌরাণিক পর্য্যুদাস নিষেধের বিশেষ বিধির উহা দৃষ্টান্ত হইতে পারেনা। পরন্তু বিদ্যাসাগর, পূর্ব্বাং সন্ধ্যাং জপংস্তিষ্ঠেৎ সাবিত্রী মার্কদর্শনাৎ পশ্চিমান্তু সমসীনঃ সম্যগৃক্ষ বিভাবনাৎ নতিষ্ঠতিতুযঃ পূর্ব্বাং নোপাস্তেযশ্চ পশ্চিমাং সশূদ্রবৎ বহিষ্কার্য্যঃ সর্ব্বস্মাৎ দ্বিজকর্ম্মণঃ। ইহাযেপূর্ব্বোক্ত বিষয়েরদৃষ্ঠান্তস্থলে উপস্থিত করিয়াছেন তাহা ভ্রম। ঐ বচন সাধারণ বিধি নিষেধের স্থল নহে, উহা নিন্দার্থ বাদ মাত্র।

পরন্তু, কাত্যায়নের "সত্ যদ্যন্য জাতীয় ইত্যাদি., বচন সামান্য আপদ্ বিষয়ের বিধি, ওপরাশরোক্ত 'নষ্টেম্বতে ইত্যাদি, বচন তাহারি বিশেষ বিধি বলিতে পারাযায়না

কারণঃকাত্যায়ন অন্যজাতীয়, পতিতঃ ক্লীব, বিকর্ম্মস্থ অর্থাৎ যথেষ্টাচারী, সগোত্র, দাস, এবং চিররোগীঃ এই সাতটী পুনর্ব্বিবাহের আপদ বলিয়া উল্লেখ করিয়াছেন। আর পরাশর ঐ কাত্যায়নোক্ত ৭ টীর মধ্যে ক্লীব ও পতিত এই দুইটী তদতিরিক্ত নষ্ট অর্থাৎ অনুদ্দিষ্ট, মৃত, ও প্রব্রজিত এই তিনটি সাকল্য পাচটী অপদের কারণ কহিয়াছেন, অতএব, যদি কাত্যায়নোক্ত সাতটী আপদের মধ্যে পাচটী আপদ পরাশর কহিতেন তবে কাত্যায়নোক্ত বচনের বিশেষ বিধি বলিয়া পরাশর বাক্যকে স্বীকার করিলেও করা যাইতে পারিত, যখন তদ্রূপনাহইয়া কাত্যায়নের কথিত সাতটী আপদেরঅতিরিক্ত তিনটী আপদ পরাশর কহিয়াছেন, তখন পরাশর বচন কাত্যায়ন বচনের বিশেষ হইতে পারেনা ॥

আর পর্য্যুদাস নিষেধেরস্থলে বিষয় বিশেষে পুনঃ সম্ভাবিত হয়, যথা, উপনয়-

নাদি কর্ম্ম সামান্য কালে উক্ত হইয়াছিল। তাহাতে হরির উত্থানাবধি শয়ন পর্য্যন্ত অকাল বৃষ্টি হইলে উপনয়ন পর্য্যুদাস রূপে নিষেধ হইয়াছে, তন্মধ্যে "পৌষ মাঘৌন শেষৌ,, ইত্যাদি বচনের দ্বারা পূর্ব্বোক্ত উত্থানাবধি শয়ন পর্য্যন্ত কাল মধ্যে পৌষ মাঘ ভিন্ন অন্যমাসে উপনয়ন পুনঃ সম্ভাবিত হয়। কিন্তু কাত্যায়নোক্ত বচনকে সাধারণ বিধিও আদি পুরাণোক্ত বচন, তাহার পর্য্যুদাস নিষেধ বলিলে পরাশরোক্ত "নষ্টে মৃতে,, ইত্যাদি বচন তাহার পুনঃ সম্ভাবিত হইতে পারেনা। কারণ পর্য্যুদ সনিষেধের স্থলে যে পুনঃ সম্ভাবিত হয় সেপর্য্যুদস্তের কথকাংশে পর্য্যুদাস নিষেধ স্থির রাখিয়া কিয়দংশ সম্বন্ধে পুনঃ সম্ভব হয়, যথা; যেমত পূর্ব্বোক্তস্থলে পৌষ মাঘ মাস সম্বন্ধে পর্য্যুদাস নিষেধ স্থির থাকিয়া ফাল্গুণাদি অপর মাসে পুনঃ সম্ভব হইল,; এস্থলে দেখাযায় যে পৌরাণিক বচনের দ্বারা সমুদায় কলিকাল

সম্বন্ধে পর্য্যুদাস নিষেধ হইতেছে আর প-রাশর বচনেও ঐ সমুদয় কলিকাল সম্বন্ধেই বিধি দিতেছেন, সুতরাং এতদ্দ্বারা পূর্ব্বোক্ত পর্য্যুদাস নিষেধ কোন অংশেই স্থির থাকি-তেছেনা, বিশেষতঃ মীমাংসা শাস্ত্রের ,,উ-ক্তানি প্রতি ষিদ্ধানি পুনঃ সম্ভাবিতানিচ,, ইত্যাদি প্রমাণ নুসারে সাপেক্ষ নিরপেক্ষ বিবেচনায় মীমাংসা করার বিধি আছে। যে-মন অত্যন্ত আপদ গ্রস্তব্যক্তির সম্বন্ধে পূর্ব্বোক্ত পৌষ মাঘমাস মাত্র বর্জ্জনীয় অন্য অনাপদ গ্রস্ত ব্যক্তি সম্বন্ধে নহে, তদ্রূপ সা-পেক্ষত্ব নিরপেক্ষত্বও এস্থলে কীছুই দেখা-যায়না, এবং পরাশর বচন মন্বাদি বিরুদ্ধ প্রযুক্ত পুনঃসম্ভাবিতস্থলীয়ই হইতে পারেনা অতএব কাত্যায়ণ ও পরাশর বাক্যের এক বাক্যতায় অর্থ করিলে কাত্যায়নোক্ত সাতটি ও পরাশরোক্ত পাচটী মধ্যে অতিরিক্ত তি-নটী সাকল্যে দশটি সন্তান পরিক্ষয় রূপ, আপদ গ্রস্তা ও তাহা দিগেরই পুনর্ব্বিবা-

687

হের সামান্য বিধি হয় এবং ঐ সামান্য বিধিরই মনু; ক্রতু, ও আদি পুরাণাদির বচন কলিযুগ সম্বন্ধে পত্যুদ্দাস নিষেধ স্থির হয়। সুতরাং পূর্ব্বোক্ত সামান্য বিধির শঙ্কোচ হইয়া কলি ভিন্ন যুগে বিবাহিতা আপদ্ গ্রস্তার পুনর্ব্বিবাহে সিদ্ধান্ত হইতেছে। ইহাতে এই আশঙ্কা হইতে পারে নাহয় পুত্রদ্বারাই স্বর্গলাভ হইবে কিন্তু নান্যোৎ পন্ন প্রজা ইতি বচনানুসারে পতি ভিন্ন পুরুষান্তরদ্বারা উৎপাদিত যেপ্রজা সে পুত্রমধ্যে গণনীয় হয়না। অতএব ঐ আশঙ্কা অনায়াসেই খণ্ডন হইতেছে এস্থলে পুনরায় এই আশঙ্কা হইতে পারে, যে অন্যের সহিত বিবাহ হইলে সে ভর্ত্তা হয় তাহাকে পুরুষান্তর বলা যায়না ওতদুৎপাদিত প্রজা পুত্রই হয় অতএব এবম্ভূত পুত্র কেন স্বর্গলাভের কারণ হইবেনা? না, তাহাও হইতে পারেনা। কেননা (নচান্যেতি) বচনদ্বারা অন্যকর্ত্তৃক বিবাহিতা হইয়া সন্তানোৎ পাদন করিলে

সে সাধ্বী স্ত্রীর পুত্র গণ্য হইবেনা, কেননা (নদ্বিতীয় ইতিবচন) এবং ক্বচিদপি শাখায়াং ইতি টীকা দ্বারা, সাধ্বীস্ত্রীর দ্বিতীয় ভর্ত্তা পরিগ্রহণের বিধি নাথাকাই নিশ্চিত আছে। ফলতঃ যেরূপ সত্যাদি যুগে তপোজ্ঞানশক্তি থাকায় পুত্রোৎপাদন অবশ্যই হইবে এরূপ সম্ভাবনা হইত, এবংকামোদ্দীপন আশঙ্কা ছিলনা, মতে সত্যাদিযুগে নিয়োগ ধর্ম্ম প্রচলিত ছিল। কলিযুগে তপোজ্ঞান শক্তিপূর্ণতা নাথাকা প্রযুক্তপুত্রোৎপত্তির নিশ্চয়তা নাই। প্রত্যুতঃকামাদি সম্ভাবনা হেতু পাতিত্যের আশঙ্কা আছে, এবং ঐহিক নিন্দা ও পতি লোকচ্যুত রূপ বিশেষ দোষের সম্ভাবনা আছে।

সংস্কৃত

কুল শীলবিহীনস্য পণ্ডাদিপ তিতস্যচ। অপস্মারি বিধর্ম্মস্য রোগিণাং বেশধারিণাম্ দত্তামপি হরেৎকন্যাং সগোত্রোঢ়াং তথৈ বচ। ইতি বশি-



৬৭৭

ষ্ঠ বচনস্থ দত্তামপি হরেৎ কন্যামি ত্যনেন দত্তামপি হরেৎ কন্যাং শ্রেয়াংশ্চেৎ বর আব্রজেদিতি প্রাগুক্ত নারদ বচনৈক বাক্যতা। সগোত্রোঢ়া মিত্যনেনচ বিকর্ম্মস্থঃ সগোত্রোবেত্যাদি কাত্যায়ন বচনৈক বাক্য—তেতি নবিধিদ্বয় কল্পনা পত্তিঃ।

(অনুবাদ)

বিদ্যাসাগর, স্বীয় পুস্তকের। ৩০। পৃষ্ঠায় কুল শীলবি হীনস্য ইত্যাদি বচনের দত্তা পদ বিবাহিতাপর বলিয়াছেন। তাহা হইলে সন্তান পরিক্ষয় রূপাপদ্-বিষয়ে বিবাহিতা বিবাহে এক বিধি। পুনর্ব্বার, কুল শীল বিহীন পতিকাদিস্ত্রীর বিবাহে বিধ্যন্তর কল্পনা হয়? স্বসিদ্ধান্ত প্রকাশ দ্বারা তাহা খণ্ডন করিতেছি। কুল শীল বিহীনস্যেতি এই বচনের দত্তাপদ বাগ্দত্তাপর। দত্তামপি হরেৎ কন্যাং শ্রেয়াংশ্চেদ্বর আব্রজেৎ।

এই নারদ বচনের সহিত এক বাক্যতা। তাহা হইলে এই অর্থ হইল কুল শীল বিহীনাদি সম্বন্ধে বাগ্দত্তা যে কন্যা আসুরাদি বিবাহে শ্রেয়োবর প্রাপ্ত হইলে ঐ অন্যবরে ঐবাগ্দত্তা কন্যাকেদান করিবেক। সগোত্রোঢাং তথৈবচ এই অংশের বিকর্ম্মস্থঃ সগোত্রোবা এই কাত্যায়ন বচনের সহিত এক বাক্যতা, ইহাতে বিধিদ্বয় কল্পনা পত্তি হইলনা।

সংস্কৃত।

নচদত্তক্ষতায়াঃ কন্যায়াঃ পুনর্দানং পরস্মৈবে ইতি। মদন পরিজাতধৃত বচনেন দত্তায়াঃ ক্ষতযোন্যাএব কলৌবিবাহ নিষেধাৎ দত্তায়া অক্ষতযোন্যাঃকলৌবিবাহেন-কিঞ্চিদ্বাধকং মন্বাদি পুরাণাদি বচনানামপিতদেক বাক্যত্বমিতি বাচ্যং যতোপ্রাগুক্ত তাদৃশ নিষেধস্য পর্য্যুদাস রূপত্বেন বিধি নিষেধয়োরেক বাক্যতয়াকলী-

তর যুগে দত্তায়াঃ অক্ষতযোন্যাএব বিবাহিতায়া বিবাহ বিধি বিষয়ত্বা পাতা ন্ন কলৌ দত্তায়া অক্ষত যোন্যা বিবাহসম্ভবঃ বিবাহিতেত-রাং ভার্য্যাং বিন্দেতেতি প্রাগুক্তসা-মান্য বিধ্যবিষয়ত্বাৎ বিধিনিষেধয়ো রেকবাক্যতয়া কলীতরযুগএব দত্ত-ক্ষতায়াআপৎকালিকবিবাহিতাবিবাহ বিধি বিষয়ত্বাৎ। কলৌ অক্ষত যো-ন্যা বিবাহিতায়া বিবাহে বিধ্যন্ত-রাসত্বাচ্চ। নাপি উক্তপ্রতিষিদ্ধস্য পুনঃ সম্ভাবিতত্ব সম্ভবঃ। প্রাগুক্ত ক্রমেণ সাপেক্ষত্ব নিরপেক্ষত্বয়োর-ভবাৎ। নিষেধ বিধিদ্বয়ে পর্য্যুদস্ত কালস্য তুল্যতয়া উপস্থিতত্বাচ্চ। পরন্তু সামান্যতো বিশেষতশ্চ নিষে-ধস্য পূতিকা ব্রহ্মঘাতিকেত্যাদিবৎ অসমানার্ষেয়ীং কন্যাং বরয়েৎ স-প্তপিতৃতঃ পরি হরেৎ পঞ্চমাতৃতঃ

পরিহরেৎত্রীন্‌মাতৃতঃ পঞ্চপিতৃতো বেত্যাদিবচ্চ অধিক দোষাপাদকত্ব-মিতি। অষ্টৌ বর্ষাণ্যপেক্ষেত ব্রা-হ্মণীপ্রোষিতং পতিং অপ্রসূতাতু চত্বারিপরতোঽন্যং সমাশ্রয়েদিত্য-নেন অপ্রসূতায়া নষ্টাদিপতিকায়া ব্রাহ্মণ্যাঃ পুনর্ব্বিবাহে বর্ষচতুষ্টয়া-পেক্ষা বোধনাৎ অক্ষতযোন্যাদত্তায়া অপি বিবাহ বিধিবিষত্বেক্ষত্যভা-বাৎ। তস্যাপি কলীতর পরত্বাৎ।

(অনুবাদ।)

আশঙ্কা, বিদ্যাসাগর স্বীয় পুস্তকের ৬ পৃষ্ঠায় বলিয়াছেন যে দত্তক্ষতযোনি স্ত্রীরপুন র্ব্বার কলিযুগে দান করিবেনা, ইত্যর্থক যে দত্তক্ষতায়া, ইত্যাদি মদন পারিজাত গ্রন্থ ধৃতবচন, তদ্দ্বারা ক্ষতযোনি বিবাহিতাস্ত্রীর বিবাহ কলিতে নিষেধ হইতেছে। অক্ষত যোনিদত্তাস্ত্রীর কলিযুগে বিবাহ হওয়ায় কোন বাধা নাই? উত্তর; ইহা সংগত হয়না, কে-

ননা প্রাগুক্ত রীতিতে শাস্ত্র প্রাপ্তিস্থলে কেবল প্রতিষেধরূপ নিষেধ হইতে পারেনা, প্রর্য্যুদাস বলিতে হইবেক তাহা হইলে বিধি নিষেধের এক বাক্যতা হইয়া কলিযুগেতরে দত্তক্ষতযোনি স্ত্রীরই তাদৃশ বিধি বিষয়ত্বাপত্তিহয়, অক্ষত যোনিদত্তাস্ত্রীর বিবাহ বিধির বিষয়তার সম্ভবই হইলনা, পূর্ব্বে বিধিদ্বয় বলাহইয়াছে তন্মধ্যে(বিবাহিতেতরাং ভার্য্যাং বিন্দেত) এই প্রথম বিধির বিষয়তা অক্ষতযোনি বিবাহিতাস্ত্রীতে থাকেনা, পর্য্যুদাসস্থলে বিধিনিষেধের এক বাক্যতা প্রযুক্ত কলীতরে তাদৃশাপদে ক্ষতযোনিস্ত্রীতেই বিবাহিতা বিবাহে যে বিধ্যন্তর আছে তাহার বিষয়তা থাকিল। অক্ষতযোনি বিবাহিতাবিবাহে স্বতন্ত্র আরবিধি নাই। অতএব অক্ষতযোনি বিবাহিতাস্ত্রীতেবিবাহ বিধির বিষয়তাই থাকিলনা। কলিতে তাহার বিবাহ কিরূপে হইবে।

উক্ত প্রতিষিদ্ধের পুনঃ সম্ভাবিতত্ব সম্ভা

বনাও নাই। সাপেক্ষ নিরপেক্ষভেদে তাহার মীমাংসা বিধান আছে, উক্তস্থলে সাপেক্ষত্বও নাই নিরপেক্ষত্বও নাই। এবং পর্য্যু দস্ত কলির তুল্যতাই নিষেধদ্বয়ে উপস্থিতি হইয়াছে। যেস্থলে বিশেষ রূপে উপস্থিতি হয় সেস্থলে পৌষ মাঘৌ ন শেষাঃ ইত্যাদি রন্যায় নিরপেক্ষত্বে পুনঃ সম্ভাবিতত্ব হয়। উভয়ত্র নিষেধের অন্বয় হয়না। এই হেতুক দত্তক্ষতা ভিন্নার কলীতর কালে বিবাহ হইবে এরূপঅর্থ হইতে পারেনা। হইলেওকলি পর্য্যুদস্তথাকিবে। অর্থাৎ কলিভিন্ন কালেএই ভাগ নিষেধবিধ্যর্থ থাকিবে। কলিতে বিবাহ বিধির বিষয়তা অক্ষতযোনি বিধবাতে কোন রূপেই থাকিবেনা। এক্ষণে ঐ স্থলের প্রকৃতার্থ কহিতেছি পরন্তু ইত্যাদি সামান্যতঃ এবং বিশেষতঃ নিষেধ যে স্থলে থাকে ঐ স্থলে বিশেষ নিষেধে অধিক দোষজনকত্ব বোধ হয়। পূতিকা ব্রহ্মঘাতিকা। ইতি। সামান্যতই পূতিকাভক্ষণ ব্রাহ্মণের নিষেধ

105

আছে দ্বাদশীতে পুনর্ব্বার পূতিকা ভক্ষণ নিষেধে অধিক দোষ জনকত্ব বোধ হইবে। এদৃষ্টান্ত প্রতিষেধ স্থলে হইল। এই নিমিত্ত বিবাহবিষয়ে পর্য্যুদাসস্থলে অনুরূপ দৃষ্টান্তো পন্যাস করিতেছি। অসমানার্ষেয়ী মিত্যাদি। বচনার্থ। অসমান প্রবরা কন্যা বিবাহে বরণ করিবে পিতৃপক্ষে সপ্তমী পর্য্যন্ত ত্যাগ করিবে মাতৃপক্ষে পঞ্চমীপর্য্যন্ত ত্যাগকরিবে অথবা পিতৃপক্ষে পঞ্চমী পর্য্যন্ত মাতৃ পক্ষে ত্রিপর্য্যন্ত ত্যাগ করিবে। এই স্থলে ত্রি পঞ্চমী পর্য্যন্তে বিশেষ নিষেধে অধিক দোষ জনকত্ব বোধ হয়। দত্তক্ষতার পুনর্ব্বিবাহের বিযেশ নিষেধে তৎপক্ষে অধিক দোষজনকত্ব বোধ হইবে।

এই হেতুক, যে ব্রাহ্মণ স্ত্রীর' পতি অনুদ্দেশ হয় ঐস্ত্রী অষ্টবর্ষ প্রতীক্ষা করিবে, যদি অপ্রসূতা হয় তবে বর্ষ চতুষ্টয় প্রতীক্ষা করিবে, তৎপর অন্য পতি আশ্রয় করিবে। ইহাতে অক্ষত যোনি বিবাহিতার বিবাহ

বোধ হইতেছে। এস্থলে অক্ষত যোনি বিবাহিতাস্ত্রীতে আপৎ কালিক বিবাহিতা বিবাহ বিধির বিষয়তা থাকায় ক্ষতি হইবেনা তাহাও কলীতর পর।

সংস্কৃত

অথ স্মৃত্যন্তরাপেক্ষয়া মনুস্মৃতেঃপ্রাধান্যেকিংমান মিতিচেৎ বেদার্থোপ নিবদ্ধত্বংতত্বঞ্চ অব্যবধানেন বেদার্থ নিবদ্ধত্বং সাক্ষাদ্বেদার্থ নিবদ্ধত্ত্বমিতি যাবৎ। উপশব্দস্য সামীপ্য রূপাব্যব ধানার্থকত্ত্বাৎ। যথোক্তং। ওমিত্যে তদক্ষরমিদংগু সর্ব্বং তস্যোপব্যাখ্যা নমিতি মাণ্ডুক্যোপ নিষদ্ব্যাখ্যায়াং। তস্যোপব্যাখ্যানং। তস্য ব্রহ্মণঃ। উপসমীপতয়া ‘অব্যবধানেন’ ব্যাখ্যানং ‘বাচকং। ঘটাদি প্রতিপাদকা অপি ঘটাদি—শব্দা ব্রহ্মপ্রতিপাদকাএব ঘটাদে ব্রহ্মস্বরূপত্ত্বাৎ। পরন্তু ব্যবধানেন ওমিতিতু সাক্ষা

দেবেতি। স্মৃত্যন্তরন্তু, পরম্পরয়া বেদার্থ নিবদ্ধং। মনূক্তাদ্যনু বাদকত্বাৎ। তথাচ'যাস্মৃতি র্যাদৃশার্থে বেদার্থোপ নিবদ্ধা, সাতাদৃশার্থকবেদার্থ নিবদ্ধেষু প্রধানা, যথা ব্যাকরণেষু পাণিনিস্মৃতিরিতি। বেদার্থোপ নিবদ্ধত্বাৎ প্রধানংহিমনোঃস্মৃতং। মন্বর্থ বিপরীতাযা সাস্মৃতির্ন প্রশস্য তে ইতি বৃহস্পতি বচনঞ্চ তাদৃশ হেতু নিরপণরূপং। তাদৃশহেতোঃ স্মৃত্যন্তরসাধারণত্বে ভগবতো বৃহস্প তেরপি ভ্রান্তত্বাপত্তেঃ। অতএব ছান্দোগ্য ব্রাহ্মণং। মনুর্বৈ যৎ কিঞ্চিদবদত্তদ্ভেষজমিতি। নচ কলৌ পরাশরস্মৃতেঃ প্রাধান্যমিতি বাচ্যংতথাসতি কলৌ ক্ষেত্রজ পুত্র স্বীকারাপত্তেঃ,। উক্তো নিয়োগো মনুনেত্যাদি মনুবচন ব্যাখ্যা রূপবৃহ স্পতি বচন স্যাসঙ্গত্যা পত্তেশ্চেত্যু

ক্তপ্রায়ং। যুজ্যতেচৈতৎ স্মৃত্যো র্বিরোধে বেদার্থ নিবদ্ধস্মৃত্যপেক্ষয়া বেদার্থোপনিবদ্ধস্মৃতেঃ প্রাধান্যং অন্যথা শ্রুতিস্মৃত্যোর্বিরোধেশ্রুতে রপি প্রাধান্যানুপপত্তেঃ। অথ পরাশর মহিম্নোহ শ্রৌতত্ত্ব মাশঙ্ক্য সহোবাচ ব্যাসঃ পারাশর্য্য ইতিশ্রুতৌ পরাশর পুত্রত্ব মুপজীব্য ব্যাস স্যস্তুতত্ত্বাদিতি পরাশর সংহিতা ভাষ্যক্কতামাধবাচার্য্যেণোক্তত্বাৎ পরাশর সংহিতায়া অপি প্রাধান্য মিতিচেৎ প্রাধান্যমেব। নতু মনুস্মৃতে স্ততঃ প্রাধান্য প্রযোজক হেত্বনিরূপণাৎ। ব্যাখ্যাক্কতাং হৈযাশৈলী যদ্‌ব্যাখ্যেয়গ্রন্থস্যকথঞ্চিদপিপ্রধান্যং জ্ঞাপয়তি যথোক্তং কাব্য প্রকাশে মম্মট ভট্টৈঃপ্রভু সম্মিত শব্দ প্রধান বেদাদিভ্যঃ সুহৃৎ সম্মিতার্থতাৎপর্য্য বৎ পুরাণেতিহাসাদি ভ্যশ্চ রসাঙ্গ

ভূতব্যাপার প্রবণতয়া বিলক্ষণং যৎকাব্যমিতি ॥

( অনুবাদ। )

বিদ্যাসাগর স্বীয়পুস্তকের ৫৪ পৃষ্ঠায় লিখিয়াছেন, যে মনুবেদার্থ সঙ্কলন করিয়াছেন, অতএব মনু প্রধান, একথাইবা কিরূপে সংলগ্ন হইতে পারে, কারণ, মনু স্বীয়সংহিতাতে বেদার্থ সঙ্কলন করিয়াছেন, আর যাজ্ঞবল্ক্য পরাশর প্রভৃতি কি স্ব স্ব সংহিতাতে বেদার্থ সঙ্কলন করেন নাই, তাঁহারা কি বেদ বিরুদ্ধমনঃ কল্পিত বিষয় সকল স্বস্ব সংহিতাতে সঙ্কলন করিয়া গিয়াছেন না তাঁহারা বেদ জানিতেননা তাহাও নহে। এবং স্বস্ব সংহিতাতে বেদার্থ সঙ্কলন করেন নাই, তাহাও নহে ফলতঃ মনু স্বীয় সংহিতাতে যেরূপ বেদার্থ সঙ্কলন করিয়াছেন, যাজ্ঞ্যবল্ক্যপরাশর প্রভৃতি সংহিতা কর্ত্তারাও স্বস্ব সংহিতাতে সেইরূপ বেদার্থ সঙ্কলন করিয়াছেন, তাহার কোন সংশয়নাই, সুতরাং

যে বেদার্থ সঙ্কলনরূপ হেতুদর্শাইয়া বৃহস্পতি মনুস্মৃতির প্রাধান্য কীর্ত্তন করিয়াছেন; সেই বেদার্থ সংঙ্কলন রূপ হেতু যখন সকল সংহিতাতেই সমান বর্ত্তিতেছে তখন মনু প্রধান অন্যান্য সংহিতা কর্ত্তা অপ্রধান এব্যবস্থা কিরূপে যুক্তিসিদ্ধ হইতে পারে।কারণ, যেহেতুতেএক সংহিতা প্রধানহইতেছে সেই হেতুসত্ত্বেও অন্যান্যসংহিতাঅপ্রধানহইবেকেন? তাহা খণ্ডনার্থে অথেত্যাদি আশঙ্কা করিয়া উত্তর করিতেছি 'আশঙ্কা, স্মৃত্যন্তর অপেক্ষা মনুস্মৃতির প্রাধান্যে প্রমাণ কি? (উত্তর) প্রাধান্যের হেতুবেদার্থোপ নিবদ্ধত্ব, বেদার্থোপ নিবদ্ধত্ব পদার্থ এইযে সাক্ষাদ্বেদার্থোপনিবদ্ধত্ব, উপশব্দের সামীপ্যরূপ অব্যবধান অর্থ। যথা। মাণ্ডুক্যোপ নিষদ্ব্যাখ্যানে উক্ত হইয়াছে 'তস্য, এইতচ্ছব্দার্থব্রহ্ম, উপশব্দার্থ সামীপ্য, সে অব্যবধান ব্যাখ্যান শব্দার্থ বাচক, তাহাতে এই অর্থ হইল ওঁ এই শব্দ অব্যবধানে অর্থাৎ সাক্ষাৎ ব্রহ্ম বাচক, ঘটাদি

বাচক যেঘটাদি শব্দ সেও ব্রহ্মবাচক, যে হে-তুক ঘটাদি ব্রহ্ম স্বরূপ। পরন্তুব্যবধানে সা-ক্ষাৎ নয়, এই রূপ উপশব্দার্থ কহিয়াছেন, তন্ন্যায় মনুস্মৃতি সাক্ষাৎ বেদার্থ নিবদ্ধা পরা-শরাদিস্মৃতি পরম্পরায় বেদার্থ নিবদ্ধা, যে-হেতুক মন্বাদির অনুবাদ পরাশর; স্বীয় সং-হিতায় কহিয়াছেন। যথা, মনুনাচৈব মেকেন সর্ব্বধর্ম্মাণি জানতা, প্রায়শ্চিত্তন্তুতে নোক্তং গোষু চান্দ্রায়ণঞ্চরেদিতি, প্রথমাদি সর্ব্ব অ-ধ্যায়ে এইপূর্ব্বপরাশর ওশঙ্খমন্বাদি বাক্যের অনুবাদ করিয়াছেন স্মৃত্যন্তরও এই রূপ।

বেদার্থোপনি বদ্ধত্ব অনুমাপক হেতু, অত এব ঐস্থলে দৃষ্টান্ত প্রদর্শন করিতেছি যা-স্মৃতিরিতি যেস্মৃতি যাদৃশার্থে বেদার্থোপনি বদ্ধাহয়েন তাহা তাদৃশার্থে বেদার্থ নিবদ্ধ বা-ক্যসমুদায় হইতে প্রধান হয়েন। ব্যাকরণ সমুদায়ের মধ্যে যথা পাণিনি স্মৃতিঃ। বেদা-র্থোপ নিবদ্ধত্বাৎ প্রাধান্যং হিমনোঃ স্মৃতং ইত্যাদি বৃহস্পতি বচন ও তাদৃশ হেতুজ্ঞা-

পক শ্রুতিমূলক নয়, যদি ঐহেতু পরাশরাদি স্মৃতি সাধারণ হয় তবে ভগবান বৃহস্পতিও ভ্রান্ত হয়েন, স্ব পক্ষে অবলোকন না করিয়া ইহাও বলিয়া উঠিয়াছেন। অতএব শ্রুতির ছান্দোজ্ঞ ব্রাহ্মণ বলিয়াছেন মনু যে বলিয়াছেন সে ঔষধ॥

আশঙ্কা। কলিতে পরাশর স্মৃতিরই প্রাধান্য বলিব। (উত্তর) ইহা বলিতে পার-না, তাহা হইলে কলিযুগে ক্ষেত্রজ পুত্র স্বীকার করিতে হয়, ওঘবাতাহৃতং বীজং। ইত্যাদি গ্রন্থে পরাশর ক্ষেত্রজ পুত্র কহিয়াছেন। ইহাতে বিপ্রতিপন্নের প্রতি দোষান্তর প্রদান করিতেছি। উক্তইত্যাদি। উক্ত নিয়োগো মনুনেত্যাদি মনুবচন ব্যাখ্যা রূপ বৃহস্পতি বচনের অসঙ্গত্যাপত্তিঃ। বৃহস্পতি মনুর নিয়োগ নিষেধ হেতু দর্শন পূর্ব্বক কলিপর বলিয়াছেন যদি পরাশর স্মৃতি কলিযুগে মনুস্মৃতি হইতে প্রধানা হইত তবে বৃহস্পতি এরূপ ব্যাখ্যা করিতেননা যেহেতুক পরাশর

ক্ষেত্রজ পুত্র কহিয়াছেন বেদার্থ নিবদ্ধস্মৃতি হইতে বেদার্থোপনিবদ্ধ স্মৃতির প্রাধান্য যুক্তই। অন্যথা শ্রুত্যর্থইস্মৃতিতে কহিয়াছেন এস্থলে শ্রুতিওস্মৃতি হইতে প্রধানা হইতে পারেননা। (প্রশ্নঃ) মনুর মহিমা শ্রুতিতে উক্ত আছে পরাশরের মহিমা শ্রুতিতে দৃষ্ট হয়না এই আশঙ্কা করিয়া সহোবাচব্যাসঃ পারাশর্য্য এইশ্রুতিতে পরাশর পুত্র বলিয়া ব্যাসকে স্তব করিয়াছেন অতএব পরাশর মহিমাওশ্রুতিতে আছে ইহা পরাশরগ্রন্থের ভাষ্যকার মাধবাচার্য্য কহিয়াছেন এইহেতুক পরাশরস্মৃতিরও প্রাধান্য স্বীকার করিতে হইবেক। (উত্তর) অবশ্য পরাশরস্মৃতির প্রাধান্য স্বীকার করি। কিন্তু মনুস্মৃতি হইতে নয়। কারণ এই শ্রুতিতে পরাশরের উল্লেখ আছে! সত্যমনুস্মৃতির প্রাধান্য বলেন নাই। মনুহইতে প্রাধান্য নাহইলে মাধবাচার্য্যসামান্যতঃ প্রাধান্যআছে ইহা বলিলেনকেন? এই শঙ্কার। (উত্তর) ব্যাখ্যা কর্ত্তা দিগের ঐরূপ

রীতিইআছে যে ব্যাখ্যেয় গ্রন্থের কোনরূপে প্রাধান্যজ্ঞাপন করেন। যথা কাব্য প্রকাশে মম্মট ভট্ট কহিয়াছেন বেদ পুরাণ ইতিহাস হইতে কাব্য বিলক্ষণ। যেহেতুক বেদ প্রভু সম্মিত শব্দ প্রধান। পুরণেতিহাসও সুহৃৎ সম্মিত অর্থতাৎ পর্য্যবৎ। রসব্যঞ্জনাগুণা লঙ্কারাদি বেদপুরাণেতিহাসে নাই কাব্য র-সাঙ্গভূত ত্ব্যাপারে প্রবণ হইয়াছেন ইতি।

সংস্কৃত।

ননু যস্যাম্রিয়েত কন্যায়াবাচা সত্যে-ক্কতেপতিঃতামনেন বিধানেননিজো বিন্দেত দেবরঃ। যথা বিধ্যধিগম্যৈ-নাংশুল্ক বস্ত্রাং সুচিব্রতাং। মিথো-ভজেতা প্রসবাৎ সকৃৎ সকৃদৃ তাবৃ-তৌ। নদথা কস্যচিৎ কন্যাং পুনর্দ দ্যাদ্বিচক্ষণঃ। দত্বাপুনঃ প্রযচ্ছন্‌হি প্রাপ্নোতিপুরুষানৃতমিতি মনুবচনেন সহ অদ্ভির্বাচাচ দত্তায়া ম্রিয়েতাথো বরোযদি। নচ মন্ত্রোপনীতাস্যাৎ কু-

মারীপিতুরেবসা। যাবচ্চোদাহৃতা ক- ন্যামন্ত্রৈর্যদি ন সংস্কৃতা। অন্যস্মৈ বিধিবদ্দেয়া যথা কন্যাতথৈবসেতি বশিষ্ঠ বচনস্য বিরোধস্তএচ বাগ্দ- ত্তাদি বিবাহব্যবহারোদৃশ্যত ইতি। বশিষ্ঠস্মৃতেঃ প্রধানতা দৃষ্টচরেতি চেন্নৈবং সকৃৎপ্রদীয়তে কন্যা হরং স্তাং চৌরদণ্ডভাক্। দত্তামপিহরেৎ কন্যাং শ্রেয়াংশ্চেদ্বর আব্রজেদিতি বিধিনিষেধাবুক্ত্বা স্বয়মেব নারদেন ব্রাহ্ম্যাদিষু বিবাহেষু পঞ্চস্বেষ—বি- ধিঃস্মৃতঃ। গুণাপেক্ষং ভবেদ্দানং নাসুরাদিষুচত্রিষুইতিমীমাংসিতংতচ্চ মনু বশিষ্ঠ বচনযোরপীতিতয়োর্বি- রোধাভবাৎ। (দত্তাং) বাগ্দত্তাং এষবিধিঃসকৃদ্দানবিধিরিতিউদ্বাহতত্ত্বে ব্যাখ্যাতংআসুরাদিষু ত্রিষুবাগ্দানো দ্দেশ্যীভূতে জীবতিপুনরন্যস্মৈদানং গুণাপেক্ষ্যং স্থতেতু নকিঞ্চিদপেক্ষ

মিতি গুণাপেক্ষ মিত্যন্যোপলক্ষণত্বাৎ।

( অনুবাদ। )

বিদ্যাসাগর, । ৫৩। পৃষ্ঠায় কহিয়াছেন যে' এক্ষণে বিবেচনা কর বশিষ্ঠস্মৃতি মনুস্মৃতিরবিরুদ্ধহইল কিনা। মনুবিবাহের পূর্ব্বে বরের মৃত্যু হইলে বাগ্দত্তাকন্যার অন্যবরে দান নিষেধ করিতেছেন, এবং দেবরদ্বারা এক মাত্র পুত্রোৎপাদন ও তদনন্তর যাবজ্জীবন বৈধব্যাচরণের বিধি দিতেছেন। বশিষ্ঠ পুনরায় যথাবিধানে পাত্রান্তরে সম্প্রদান করিবার বিধি দিতেছেন। এক্ষণে অনুসন্ধান করিয়াদেখ এবিষয়ে লোক সকল মনুস্মৃতি অনুসারেই চলিতেছেন, কি মনুবিরুদ্ধ বশিষ্ঠ স্মৃতি গ্রাহ্য করিয়া তদনুসারে চলিতেছেন; আমার বোধ হয় এবিষয়ে বশিষ্ঠস্মৃতিই গ্রাহ্য তদনুযায়ী ব্যবহারই চলিত হইয়াআসিতেছে? ইহানন্বইত্যাদিনা আশঙ্কাকরিয়া খণ্ডন করিতেছি। আশঙ্কাও বচনার্থ প্রতিজ্ঞারূপ বাগ্দানের পর যেকন্যার পতির মৃত্যু হয় সেই

কন্যাতে নিজ দেবর এই বিধান ক্রমে পুত্রোৎপাদন করিবেন, অভিপ্রায় এই অন্য বিধ আচরণ করিলে পাপী হইবেন, ঐ বিধান বিবরণ পূর্ব্বক অনুবাদ করিতেছি। যথা ইতি। শুচিব্রতা সুক্লবস্ত্রা অর্থাৎ পীত কৌষেয় বস্ত্রাদিরূপ শৃঙ্গারবেশশূন্যা বিধবা ধর্ম্মাশ্রিতা ভ্রাতৃজায়াকে যথা বিধি প্রাপ্ত হইয়া অর্থাৎ পূর্ব্বোক্তঘৃতাক্তবাগ্যতত্বাদিরূপেপ্রাপ্ত হইয়া প্রসব পর্য্যন্ত প্রতি ঋতুতে অর্থাৎ গর্ভোৎপত্তি পর্য্যন্ত প্রতি ঋতুতে এক এক বার গমন করিবেন। ঘৃতাক্ত বাক্ যতত্বাদি বিধি পূর্ব্বোক্ত যথাবিধি শব্দার্থ। অনেন বিধানেন এই বিধানশব্দার্থ গর্ভোৎপত্তি পর্য্যন্ত প্রতি ঋতুতে গমন। ভাব এই নিজ পদ নাবলিয়া কেবল দেবরবলিলে (দেবরাদ্বা সপিণ্ডাদ্বা) ইত্যাদিরন্যায় দেবর প্রাশস্ত্যপর হইয়া অন্যদ্বারাও নিয়োগ লাভহইতে পারে, অতএব তন্নিরাসার্থে নিজপদ বলা হইয়াছে তাহাতে এতাদৃশস্ত্রীর দেবর ভিন্ন অন্যদ্বারা

নিয়োগ হইবেনা এই লাভ হইল, পূর্ব্বোক্ত শক্তিমৎ পুরুষ কর্ত্তৃক সকৃন্নিয়োগেই গর্ব্ভ ধারণ সম্ভব। এইনিমিত্তেই শক্তির অপেক্ষায় প্রতি ঋতুতে অন্য এক পুরুষদ্বারা কিম্বা নানা পুরুষ দ্বারা নিয়োগ উচিত হয়না। এখন যেস্থলে কেবল দেবর মাত্রের বিধি হইল, সেস্থলে শক্তির অপেক্ষা থাকিলনা, এনিমিত্ত সাধারণ নিয়োগ বিধি এস্থলে হইতে পারেনা। অতএব অনেন বিধানেন বলিয়া বিবরণ করিলেন যে প্রতিঋতুতে এক এক বার গর্ব্ভ ধারণ পর্য্যন্ত গমন করিবেক, যদি গর্ব্ভ ধারণ নাহয় তাহা হইলেও যথা বিধি হইলে পাপী হইবেনা। একবার তাদৃশদান করিয়া পুনর্ব্বার বিচক্ষণ ব্যক্তি অন্যকে দান করিবেনা। যেহেতুক একবার একব্যক্তি সম্বন্ধে প্রতিজ্ঞারূপ দান করিয়া পুনর্ব্বার অন্যেতে দান করিলে মিথ্যাবাদী ও প্রতিজ্ঞা ভ্রষ্ট হয়॥

এই মনু বচনের সহিত বশিষ্ঠ বচনের

বিরোধ স্পষ্টদৃষ্ট হইতেছে। বশিষ্ঠ বচনার্থ জল গ্রহণ পূর্ব্বক প্রতিজ্ঞা করিয়া বাগ্দানের পর ঐ দত্তাকন্যার বর যদি মৃত হয়, তবে সেকন্যা যেহেতুক মন্ত্রদ্বারা উপনীতা অর্থাৎ পরিণীতা হয়নাই বলিয়া পিতার কন্যাই থাকিল। কন্যা বাগ্দত্তা হইয়া যাবৎ মন্ত্রদ্বারা বিবাহ সংস্কার সংস্কৃতানাহয় তাবৎ সেকন্যা থাকিল মতে অন্য বরে বিধি পূর্ব্বক সেই কন্যাদান করিবে। বিবাহ সংস্কার শূন্যা যথা, বাগ্দত্তাও তথা ঐ মনুবশিষ্ঠ বচনের বিরোধ স্থলে বশিষ্ঠ বচনানুসারে অধুনা ব্যবহার দেখিতেছি অতএব স্মৃত্যন্তরাপেক্ষায় কলিতে মনু স্মৃতির প্রাধান্য নয়? (উত্তর) ইহা বলিতে পারনা। যেহেতুক সকৃৎ প্রদীয়তে কন্যা ইত্যাদি বলিয়া নারদ স্বয়ং মীমাংসা করিয়াছেন। নারদ বচনার্থ। কন্যা দান একবার। ঐ দত্তা যদি অন্য বরে দান করে তবেসে হরণ, এই নিমিত্ত কহিলেন যে ঐ কন্যা হরণকরিলে চৌর দণ্ডভাগী অ-

র্থাৎ পর দ্রব্যা পহারির দণ্ড ভাগী হইবেক রূপকোপযুক্ত চৌর সাম্য প্রদর্শনার্থে হরণ এই পদ প্রয়োগ করিয়াছেন। যদি শ্রেয়োবর প্রাপ্তি হয়, তবে দত্তা কন্যাও হরণ করিবেক। এস্থলে এইরূপ মীমাংসার আশঙ্কা হইতে পারে যে সগুণে বাগ্দত্তা কন্যার পুনর্ব্বার অন্যবরে দান নিষেধ। নির্গুণবরে বাগ্দত্তা কন্যার শ্রেয়োবরে পুনর্ব্বার দান করিবেক। তাহা হইলে শ্রুতি মূলত্ব মাত্র কল্পনা করিতে হয়, তাহাতেও শ্রুতির সত্ত্বা অপেক্ষা করে। এই নিমিত্তে নারদ ন্যায়মূলক স্বোক্ত বচন মীমাংসা করিতেছেন। ব্রাহ্মাদিষ্বিতি। ব্রাহ্ম্য, দৈব, আর্ষ, প্রাজাপত্য, গান্ধর্ব্ব, এই পঞ্চ বিধবিবাহে সকৃদ্দান বিধি। আসুর। পৈশাচ, রাক্ষস, এই বিবাহত্রয়ে এই বিধি নয়, কিন্তু গুণাপেক্ষ দান। এই নারদের মীমাংসা কেবল স্বীয় বচনের নয়, মনু বশিষ্ঠ বচনেরও জানিবেন ব্রাহ্ম্যাদি বিবাহ পঞ্চকে যে সকৃদ্দান বিধি

721

এই ভাগের মনু বচনের সহিত এক বাক্যতা, (গুণাপেক্ষং ভবেদ্দানং নাসুরাদিষুচ ত্রিষু) এই ভাগের সহিত বশিষ্ঠবচনের একবাক্যতা। এই হেতুক মনু বশিষ্ঠ বচনের বিরোধ নাই। প্রাধান্যাপ্রাধান্য কি ন্যায়মূলতা, পূর্ব্বেই বলাহইয়াছে। অধুনা বাগ্দান ব্যবহারই প্রায়শঃ নাই। কোন স্থলের অজ্ঞজন ব্যবহার ও' মনু বচনকে অপ্রধান করিতে পারেনা। আসুর বিবাহের ন্যায় অর্থের আদান প্রদান যে বিবাহে আছে, ঐ বিবাহেই একস্থলে কথাস্থির হইয়াঅন্যত্র বিবাহ হয়, ঐ ব্যবহার নারদ মীমাংসানুসারেই বরং দেখাযাইতেছে। দত্তা শব্দের বাগ্দত্তা অর্থ, এষ বিধি' এই ভাগের সকৃদ্দান বিধি এই অর্থ, উদ্বাহতত্ত্বেস্মার্ত্ত করিয়াছেন॥

যখন' আসুরাদি বিবাহত্রয়ে সকৃদ্দানের নিয়ম থাকিলনা, তখন'গুণাপেক্ষ ইহা উপলক্ষণ। বাগ্দানের পর পতির মৃত্যু হইলেও

অন্যবরে দানের বাধানাই। "বিদ্যাসাগর" ।১০৮। পৃষ্ঠায় লিখিয়াছেন, তৃতীয় পাণ্ডব অর্জুন, নাগরাজ ঐরাবতের বিধবা কন্যার পাণিগ্রহণ করিয়াছিলেন, কলিযুগের ৬৫৩। বৎসর গত হইলে পাণ্ডবেরা জন্মগ্রহণ করিয়াছিলেন, অতএব কলিযুগে বিধবাবিবাহে শিষ্ট ব্যবহার দৃষ্টহইতেছে? অথেত্যাদি আশঙ্কা করিয়া তাহা খণ্ডন করিতেছি।

সংস্কৃত

অথ পাণ্ডবানাং তৃতীয়েনার্জুনেন বিধবা ঐরাবত নাগকন্যা বিবাহিতা সচার্জুনঃ কলিযুগএবজাতঃ এবঞ্চ কলৌ বিধবা বিবাহে শিষ্টাচার দর্শ নাদধুনাপি বিধবাবিবাহে ন কিঞ্চি দ্বাধক মিতিচেন্ন। মন্বাদি ধর্ম্মশাস্ত্র বিরোধে লোকাচারস্যা প্রমাণত্বাৎ ধর্ম্মংজিজ্ঞাসমানানাংপ্রমাণং পরমং শ্রুতিঃ। দ্বিতীয়ংধর্ম্মশাস্ত্রঞ্চতৃতীয়ং লোক সংগ্রহঃ ইতি ভারতে অনু-

শাসন পর্ব্বণিব্যাসস্মরণাৎ। অন্যথা যুধিষ্ঠিরাদীনাং দ্রৌপদী পতিত্ববৎ বহূনাং ভ্রাতৃণামেকপত্নীকত্বাপত্তেঃ বস্তুতঃ পাণ্ডবাদীনাং জন্ম ন কলৌ অন্যথা তেষাং পাণ্ডবত্বাদ্যনুপপত্তেঃ, উক্তোনিয়োগোমনুনা নিষিদ্ধঃস্বয় মেবত্বিত্যাদিনা বৃহস্পতিনাব্যাখ্যা তেন নান্যস্মিন্ বিধবানারীত্যাদি মনুবচনেন দত্তৌরসে তরেষাঞ্চ পুত্র ত্বেনা পরিগ্রহ ইত্যাদি পুরাণবাক্যে নচ কলৌক্ষেত্রজপুত্রস্যনিষিদ্ধত্বাৎ। অপিতু কলি দ্বাপর যুগসন্ধ্যায়াং অতঃক্কচিৎদ্বাপরেক্কচিচ্চকলৌতেষাং জন্মবর্ণিত মিতিক্লতং পল্লবিতেন॥

(অনুবাদ)

আশঙ্কা। তৃতীয় পাণ্ডব অর্জ্জুন ঐরাবত নাগকন্যা উলূপীনাম্নী বিধবাকেবিবাহ করিয়াছিলেন, অর্জ্জুন কলিযুগে জন্মিয়াছিলেন। তাহার প্রমাণ কহ্লল তরঙ্গিনী নামক কাব্য

গ্রন্থে দৃষ্টহইতেছে, তাহা হইলে কলিযুগে বিধবা বিবাহে শিষ্টাচার প্রাপ্তি হইল, তবে অধুনা বিধবা বিবাহে বাধা কি? উত্তর, ইহা কহিতেপারনা। কারণ এই। মন্বাদি প্রণীত ধর্ম্মশাস্ত্র বিরোধে লোক ব্যবহার অপ্রমাণ ভারতেই অনুশাসন পর্ব্বে ব্যাসদেব বেদার্থ স্মরণ করিয়াছেন। ধর্ম্মং জিজ্ঞাসমানানা মিত্যাদি। অর্থ স্পষ্ট, অন্যথা দ্রৌপদীর যুধিষ্ঠিরাদি পঞ্চস্বামির ন্যায় এক্ষণেও পঞ্চ ভ্রাতায় একস্ত্রীবিবাহ করা সিদ্ধ হইতেপারে। বাস্তবিক, পাণ্ডবাদির জন্ম কলিযুগে নয়। যদি কলিযুগে পাণ্ডবাদির জন্মবল, তবে পাণ্ডবের পাণ্ডবত্বানুপপত্তি হয়। কারণ এই পাণ্ডব শব্দার্থ এই যে, পাণ্ডুর অপত্য। যদি যুধিষ্ঠিরাদির জন্ম কলিতে বল, তবে পাণ্ডুর অপত্য হইতেপারেনা। যেহেতুকতাহারাপাণ্ডু রাজার ক্ষেত্রজপুত্র। ক্ষেত্রজ পুত্র কলিযুগে বৃহস্পতি ব্যাখ্যাত মনুবচনদ্বারা নিষিদ্ধ হইয়াছে। পাণ্ডবাদি যে বলাহইয়াছে ঐ স্থলের

আদিপদের ফল এই। কহ্ললতরঙ্গিনী নামক গ্রন্থে, যেশতেষু ষট্‌ষু সার্দ্ধেষু ত্র্যধিকেষুচ ভূতলে। কলের্গতেষু বর্ষাণামভবন্ কুরুপাণ্ডবাঃ। এই শ্লোক আছে তদনুসারে অর্জুনের জন্ম যদি বল। তাহাহইলে মনু কহিয়াছেন, অরোগাঃ সর্ব্ব সিদ্ধার্থাশ্চত্তুর্বর্ষ শতায়ুষঃ। কৃতত্রেতাদিষু হ্যেষামায়ুর্হসতি পাদশঃ। তদনুসারে দ্বাপরযুগে দ্বিশতবর্ষ কলিযুগে একশতবর্ষ মনুষ্যের আয়ুর সঙ্খ্যা লাভ হইল, ধৃতরাষ্ট্র পাণ্ডু দুর্য্যোধনাদি সকলেরই কলিযুগে জন্মস্বীকার করিতে হইবেক তাহাহইলে তাঁহারদিগেরও কৌরবত্বানুপপত্তি, যেহেতুক পাণ্ডু ধৃতরাষ্ট্রও ক্ষেত্রজ, কৌরবশব্দার্থও এই যে কুরুবংশের অপত্য, স্মৃতের্ব্বেদবিরোধেতু পরিত্যাগো যথাভবেৎ। তথৈব লৌকিকং বাক্যং স্মৃতিবাধে পরিত্যজেৎ। এই বচনানুসারে কহ্লল তরঙ্গিনীর পূর্ব্বোক্ত শ্লোক প্রমাণ হইতে পারেনা। পাণ্ডবাদির জন্ম কলিদ্বাপর যুগসন্ধ্যায়

এই হেতুক পুরাণাদিতে ক্বচিৎস্থলে দ্বাপরে ক্বচিৎস্থলে কলিতে পাণ্ডবাদির জন্মউক্তআছে আর অধিক পল্লবিতকরা নিষ্প্রয়োজন ইতি॥

কলিযুগে বিধবা বিবাহে বিধিনাই নিষেধই আছে প্রতিপন্ন করা হইল। ঐ নিষেধানুসারে ভারত বর্ষে হিন্দুপ্রদেশ মাত্রে পূর্ব্বাবধি কলিযুগে বিধবা বিবাহের অনাচার হইয়া আসিতেছে। ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর। ১৮২। পৃষ্ঠায়। ধন্যরে দেশাচার তোর অনির্ব্বচনীয় মহিমা ইত্যাদি যে দেশাচারের প্রতি আক্ষেপ করিয়াছেন সে অতি আশ্চর্য্য। বিধবা বিবাহ নাহওয়া আচার নয়। যেহেতুক অকরণ (তৎযথাস্ত) বিধবাগণের ব্রহ্মচর্য্য ধর্ম্মালোনাচার সত্য যুগাবধিধারাবাহিক আছে, কলিতে বিধবাবিবাহশাস্ত্র সম্মতত্বরূপ ঐমহাশয়ের মনোনীত হইলেও যখন পুনর্ব্বিবাহ হইতে বিধবাগণের ব্রহ্মচর্য্যাবলম্বনে শাস্ত্রে প্রশংসা আছে এস্থলে আক্ষেপের যোগ্যহয়না, বিধবা বিবাহ প্রথানাথাকায় ব্যভিচার দোষ প্রদর্শন যে করিয়াছেন সেও মিথ্যা। কারণ এই, যদি সধবানারীর ব্যভিচার দোষ নাথাকিত তবে একপ্রকার যুক্তি বটে, ব্যভিচার দোষের প্রতি সধবাত্ব বিধবাত্ব কারণ নয়। যেস্ত্রীর (পানং দুর্জনসংসর্গঃ পত্যাচ বিরহোঽটনং। স্বপ্নোন্যগেহেবাসশ্চ নারীণাং দূষণানি ষট্)

এইষড়্দোষঘটনা হয়,এবং জাতি কুল ধর্ম্মনিন্দাভীতি, হইতে পরপুরুষ রতিসুখেচ্ছা বলবতীহয়, তথা স্থান ক্ষণাদির অভাব নাহয়, ঐ স্ত্রীর ব্যভিচারদোষ অবশ্যই হয় সেস্থলে সধবা বিধবার বিশেষ থাকেনা। ভ্রূণহত্যাপাপ ভরে যে পৃথবী আক্রান্তা হইতেছেন তন্নিবারণার্থে বিধবা বিবাহ অতি উচিত তাহা হইলে ভ্রূণ হত্যানিবারণ অবশ্যই সম্ভব বিদ্যাসাগরযেকহেন।এও বিধবাবিবাহের যুক্তি হইতে পারেনা। চৌর্য্য নিবারণার্থে চোরের অভিমতধন গৃহস্থকে কি চোরেরগৃহে দিয়া আসি-তে হয়? সে রাজদণ্ডেরবাধ্য। যদিবল রাজার এবিষয়ে শাসনের ক্ষমতাই নাই কে কোথায় গোপনে ভ্রূণ হত্যাকরে রাজা তাহার সন্ধান কিরূপে পাইবেনএবং তাহার স্বজনগণেওঅত্যন্ত সংগোপন করে। এরূপ বলাও মিথ্যা, রাজার নিকটে জ্ঞাত করিয়া কে অপকর্ম্মকরে? চৌরে রাত্রিযোগে অন্ধকারেই চুরি করিয়াথাকে। যদিবল রাজশাসনে এ পাপ বারণ কোন রূপেই হইতে পারেনা ? এ বাক্যও সঙ্গত নয় । ইতিপূর্ব্বে লাঠিয়ালি প্রভৃতি যে অনিষ্ট ছিল রাজার দণ্ডবিধিস্বরূপ প্রতাপানলে সে সব দগ্ধ হইয়াছে সে সড়কি প্রভৃতি অস্ত্র নাই নাঠিয়ালি ও আলি আলি শব্দও নাই ঐ রাজাধিরাজের কোন দণ্ডবিধিস্বরূপ প্রবল প্রতাপানল এবিষয়ে যদি প্রজ্বলিত হয় তবে অবশ্যই নিবারণ হইতেপারে। এবং

বিধবাবিবাহ হইলেই যে ভ্রূণহত্যা নিঃশেষে নিবৃত্তি হইবে এরূপ সম্ভব নয়। কারণ এই বিধবা বিবাহকারী অথবাপ্রায় পুরুষেরই বিষয় কার্য্যাদিসম্বন্ধে বিদেশ স্থিতি অবশ্যই করিবার সম্ভব, ইহারা সকলেই যদি সধবা হয়েন তবে ভ্রূণহত্যা যে হইবেনা এমত বিবেচনা করিবেননা। বরং কিয়দংশে বৃদ্ধ যুবহত্যারও সম্ভব। কারণ এই যে অনেক বৃদ্ধের যুবতি ভার্য্যা হয় পরস্পর মতের অনৈক্য কলহ প্রযুক্ত বিবাহ সম্ভাবনায় পতি মরণ দুঃখের অসম্ভাবনায় পূর্ব্বোক্ত তাদৃশ বলবতী ইচ্ছামতীরা ভাবিপতি উপপতির মতানুযায়িনী হইলে বৃদ্ধপতি আদির হত্যা হইবার সম্ভব কিনা বিবেচনা করুণ, এবং বিধবাবিবাহ প্রথাপ্রচলিত করার মানস করিলেও ভদ্রসমাজে প্রচলিত হওয়ার সম্ভব নয় কারণ এই জবনদিগের সম্পূর্ণভাবে বিধিথাকিলেও ভদ্র জবনসমাজ তাদৃশ আচার করিতে ইচ্ছুকহয়না যেকর্ম্মদ্বারা যেকার্য্যের মূলোচ্ছেদ সম্ভাবনা নাইএস্থলে যেকিঞ্চিৎ ন্যূনাধিক মনে বিবচনা করিয়া পূর্ব্বাবধি মহাজনের অননুষ্ঠিত সত্য যুগাবধি বিধবা ধর্ম্ম মধ্যে অপকৃষ্টত্বে পরিগণিত অধুনাভারতবর্ষের হিন্দু সমাজের প্রায়শঃ সকল জন নিন্দিত যে কার্য্য, তাহা প্রবর্ত্তিত করার কামনাকরা বিজ্ঞজনের উচিত হয়না। হত্যানিবৃত্তি রাজকার্য্য বরং রাজস্থানে এবিষয় বিশেষ বি-

729

জ্ঞাপন উচিত। যথা অন্য অনিষ্ট উপস্থিত হইলে রাজস্থানে নিবেদন করা হইয়া থাকে। তন্ন্যায় এবিষয়ে চেষ্টা করিলে অবশ্যই হইতে পারে॥

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। ৭৮৪। পৃষ্ঠায় স্ত্রীদিগের প্রতি আক্ষেপ করিয়াছেন যে হা অবলাগণ তোমরা কিপাপে ভারতবর্ষে আসিয়া জন্মগ্রহণ করিয়াছিলা। তাঁহার এআক্ষেপও অতি অযোগ্য। পুরুষের দারপরিগ্রহে এবং যুগান্তরে বিধবাবিবাহের বিধি থাকিলেও পুরুষনৈষ্ঠিকব্রহ্মচারী বিধবানারী ব্রহ্মচার্য্যব্রত চারিণী পূর্ব্বযুগাবধিই আছে। পুরুষ পরস্ত্রী গমনে লৌকিক শাস্ত্রিক নিন্দাথাকিলেও রূপবতী যুবতী স্বস্ত্রী থাকিতেও কুরূপা অধমজাতিদুঃশীলা পরস্ত্রী গমন করিতেছে। এবং স্ত্রীদিগের পুরুষান্তর গমনে ততোধিক লৌকিক শাস্ত্রিক নিন্দাথাকিলেও রূপবান গুণবান্ যুবাপতি থাকিতেও কুরূপ দুঃশীল অধম পর পুরুষরতী সর্ব্ব দেশে হইতেছে। এস্থলে হাঅবলাগণ তোমরা কিপাপে ভারতবর্ষে আসিয়া জন্মগ্রহণ করিয়াছিলা যে বলিয়াছেন সে পাপ কোনঅংশে তাহা বলা উচিত ছিল ইতি॥

বহুতর ব্যক্তি, বিশেষ বুদ্ধিমত্তাভিমান প্রযুক্ত নিজের যুক্তি নৈপুন্যজ্ঞানে বেদ নির্যুক্তিক ঈশ্বর প্রণীত নয়। অতি নির্ব্বোধ মনুষ্যকৃত এইরূপে শাস্ত্রে অশ্রদ্ধা করিয়া বিধবাবিবাহ পক্ষে যুক্তি যোগকরেণ

প্রথমত এক যুক্তি এই। যে পুরুষের দুইস্ত্রী হইতেপারে স্ত্রার দুইপতি নাহইবেকেন। ঐ মহাশয়গণের বিশেষ বুদ্ধিমত্তাভিমানোপযুক্ত যুক্তি এনয়। কারণ এই বাক্যের ভাবই বোধহয়নাই। যেস্থলে দৃষ্টান্ত প্রদর্শন থাকে সেবাক্য যুক্তি মূল। যুক্তি অনুমান অনুমানেই দৃষ্টান্ত প্রদর্শন করিতে হয়। শাব্দ বোধ দৃষ্টান্ত প্র য়াজন হয়না। অতএব, যদেকস্মিন্ যূপে দ্বেরশনে পরিব্যয়তি তস্মাদেকো দ্বেজায়ে বিন্দেত। যন্নৈকাং রশনাং দ্বয়োর্যূপয়োঃ পরিব্যয়তি তস্মান্নৈকা দ্বৌপতী বিন্দেত। এই বেদে দৃষ্টান্ত বিধয়া যূপ উপন্যাস করিয়াছেন। তাহার ভাব এই। যূপ দ্বিপশু নিয়ন্ত্রিত হয় অর্থাৎ যূপের বাধ্য পশুহয় এই হেতু দুই পশু এক যূপে বন্ধন হইতে পারে। তথা এক পুরুষ দুইনারী বিবাহ করিতে পারে যেহেতুক এক পশু দুই যূপে বদ্ধ হয়না। তন্ন্যায় একস্ত্রার দুইপতি হইবেনা। ভাব এই, এক পশু দুই যূপে বদ্ধ হয়না, অর্থাৎ কোন যূপের বাধ্য হইবে ফল একপশু উভয় যূপ সন্নিধানে কিরূপে থাকিবে। তন্ন্যায় একস্ত্রী উভয় পুরুষে নিয়ন্ত্রিত হইতে পারেনা, পুরুষ স্বতন্ত্র, স্ত্রীর দ্বারা যে পুরুষের কার্য্যাভিলাষ যেকালে উপস্থিত হইবে, ঐ পুরুষ তৎ কালেই স্বাভিলষিত সিদ্ধ করিতে উদ্যুক্ত হইবে ঐস্থলে যে কিবিপত্তি ঘটনার সম্ভব তাহা

731

সহজেই বোধগম্য হইতেপারে, এক মাত্র প্রয়ো-
জনে একস্ত্রীর উভয় উপপতি স্থলে কামুকগণের
যে বিপদ্ঘটনা হইয়াথাকে তদ্দৃষ্টান্তেই স্থির করি-
বেন। এক্ষণে বিবেচনা করুণ আপনাদিগের মত বুদ্ধি
যাঁহার নাই তাঁহার বাক্য কি সুনিষ্ট। এবং যুক্ত্য-
ন্তরও উপন্যাস করিয়া থাকেন যে পুরুষের স্ত্রীমরিলে
পুনর্ব্বার বিবাহ করে স্ত্রীর পতি মরিলে পুনর্ব্বার
বিবাহ নাহইবে কেন?। উভয়ই সমান। এ যুক্তি
ও তথা, সমান নয়। যে হেতুক পুরুষ তার অবলা।
এবিষয়ে কাব্যপ্রকাশে মম্মট ভট্টের উদাহৃত কবিতা
লিখিতে হইল। যথা ইদমনুচিতমক্রমশ্চপুংসাং যজ্জ
রাস্বপি মান্মথো বিকারঃ। যদপিচ ন কৃতং বিলাসি-
নীনাং স্তনপতনাবধি জীবিতং রতম্বাঃ। অর্থঃ। সৃষ্টি
কর্ত্তার প্রতি আক্ষেপ। এ অনুচিত এবং অক্রম বিধা-
তা করিয়াছেন যে পুরুষের জরাবস্থাতে ও কামবিকার
হয়। আর ইহাযে করেন নাই সেও অতিঅনুচিত
অক্রম হইয়াছে যে বিলাসিনীগণের স্তনপতনাবধি
জীবন, অর্থাৎ স্তন পতন হইলে নারীগুলা যে মরেনা
অথবা স্তনপতনাবধি রতি। অর্থাৎ স্তনপতনের পর
কোন প্রতি বন্ধক বশত রতির সম্ভব নাথাকা।
এক্ষণে বিবচনা করুণ স্ত্রী পুরুষ কদাচ সমান হয়না।
এবং একস্ত্রীর একগর্ব্ভোৎ পাদাবধি অপর গর্ব্ভোৎ
পত্তি সম্ভব যাবৎ কালে হয় তাবৎ কাল মধ্যে এক

পুরুষ সহকার প্রাপ্ত হইলে শত শত পুত্রোৎপাদন করিতে পারে। সাম্যত্যদূরে আস্তাং হ্যনতা কত তাহা বিবচনা করুণ।

অন্যযুক্ত্যুপন্যাস করিয়াথাকেন যে পরমেশ্বর প্রজাসৃষ্টিরনিমিত্ত স্ত্রীপুরুষ করিয়াছেন। বিধবাবিবাহ হইলে প্রজাবৃদ্ধি সম্ভব। এস্থলে বিধবাবিবাহ নিষেধ করিলে ঈশ্বরাভিপ্রেত সৃষ্টি লোপ করা হইল। ঐ স্ত্রী-সৃষ্টি করাই ঈশ্বরের বৃথা হইয়া উঠে। এযুক্তিও তথা, যদি প্রজাসৃষ্টি নিমিত্তেই পরমেশ্বরের স্ত্রীপুরুষসৃষ্টি করা হইয়া থাকে তবে ইহাও দৃষ্টি করাউচিত যে পর-মেশ্বর বন্ধ্যাস্ত্রী সৃষ্টি করিলেন কেন। এবং স্ত্রীগণের রজোনিবৃত্তি করিলেন কেন। বার্দ্ধক্যদশাইবা করি-লেন কেন। অন্তরান্তরা মরণইবা করিলেন কেন। এবংসৃষ্টি কার্য্যের কিঞ্চিন্মাত্র উপযোগ সম্ভাবনাও যাহাতেনাই তাদৃশ নপুংসকইবা সৃষ্টিকরিলেন কেন। অতএব ঈশ্বরের প্রতি অনুযোগ কবি বর্ণিত আছে। যথা। শসিনি খলু কলঙ্কং কণ্টকং পদ্মনালে যুবতি কুচনিপাতঃ পক্কতাকেশপাশে। উদধি জলমপেয়ং প-ণ্ডিতে নির্ধনত্বং যুবতি পতি বিয়োগো নির্বিবেকো বিধাতা। ইতি॥ অর্থস্পষ্ট।

যদিবল ঈশ্বরের কোন কার্য্যে প্রয়োজন নাই। ঈশ্বর কাহার শত্রু ওনন কাহার মিত্রও নন। অদৃষ্টানুসারে কার্য্য বিশেষ হয়। স্বীয় অদৃষ্টক্রমে বন্ধ্যাহয়। তবে

733

স্থষ্টিও অদৃষ্টানুসারেহয়।বিধবাও অদৃষ্টানুসারেহয়। বিনাশও অদৃষ্টানুসারেই হয়। সকল কার্য্যই সমান। বিধবাবিবাহ নিষেধাবলম্বনে ঈশ্বরের স্থষ্টি কার্য্যের ত্রুটি করাহয়। এমত বিবেচনা করিলে মনুষ্যাদি সকলপ্রাণি হত্যাও করিতে হয় যেহেতুক হত্যা না করিলে ঈশ্বরের বিনাশ কার্য্যের ত্রুটি করাহয়।

সমাপ্ত।

কোঁড়কুদি নিবাসি শ্রীরামধন দেবশর্ম্মা।

INDIA OFFICE
LIBRARY

# বিজ্ঞাপন।

যে কোন মহোদয় দাখিলা, রসিদ, পত্রি, পুস্তক, সংবাদ পত্র, এবং অন্যান্য ফারমাদি মুদ্রিত করিতে উৎসুক থাকেন। রোয়ালিয়া ধর্ম্মসভাধিকৃত শ্রীযুক্ত হরনাথ রায় চৌধুরি প্রদত্ত তমোঘ্নযন্ত্রালয়ে প্রেরণ করিলে সুলভ মূল্যে উত্তম অক্ষর উত্তম কাগজে মুদ্রিত হইয়া পাইতে পারিবেন। ইতি।